

# ভারত-এর জন্য আরলি ইন্টারভেনশন এর রিসোর্সসমূহ

---

জাতীয় ট্রাস্টঃ ট্রান্স ডিসিপ্লিনারি অ্যাপ্রোচ


**লেখক**

ড. নমিতা জ্যাকব

আঞ্চলিক শিক্ষা বিশেষজ্ঞ, এশিয়া প্যাসিফিক, পারকিন্স ইন্টারন্যাশনাল

**প্রস্তুতকারী দল**

পুনম নেত্রজান, ভিমলা শ্রীনিভাসান, প্রিয় লাল, মধুমতি বোস, নামিতা জাকব, পিংকি রানী ও ভান্দানা চোপড়া


**অলঙ্করণ**

*© অন্ধ শিশুদের সাহায্য করা, সৌজন্যে হেইডি ব্রোনার ও হেস্পেরিয়ান হেলথ গাইডস (হেস্পেরিয়ান ফাউন্ডেশন নামে পরিচিত), বার্কলে, সিএ*


**প্রকাশনায়**

**দি ন্যাশনাল ট্রাস্ট**

অটিজম, সেরিব্রাল পলসি, মানসিক প্রতিবন্ধিতা ও বহুবিধ প্রতিবন্ধিতায় আক্রান্ত ব্যক্তিদের কল্যাণের জন্য (সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রণালয়, ভারত সরকার)

১৬-বি, বড় বাজার সড়ক, পুরাতন রাজিন্দ্র নগর, নয়াদিল্লি-১১০০৬০

টেলিঃ ০১১-৪৩১৮৭৮০০/৪৩১৮৭৮৭৮ ফ্যাক্স: ০১১-৪৩১৮৭৮৮০ ই-মেইলঃ contactus@thenationaltrust.in ওয়েবসাইট: www.thenationaltrust.in

**ধারণা ও অবদান**

*যদিও একজন ব্যক্তিই এই ম্যানুয়ালের অনেকাংশ লিখেছেন, তবে অনেকগুলো ব্যক্তি এটি তৈরিতে, এই ম্যানুয়ালটি সংগঠিত করতে, প্রত্যেক বয়স গ্রুপের জন্য গুরুত্বপূর্ণ ইস্যু চিহ্নিত করণ এবং মূল ইন্টারভেনশন পরামর্শ দেওয়ার সাথে যুক্ত ছিলেন। মূল দলটিতে অন্তর্ভুক্ত ছিলেন:*

| | | |
|---|---|---|
| ড. নমিতা জ্যাকব | পুনম নেত্রজান | ভিমালা শ্রীনিভাসান |
| প্রিয় লাল | মধুমতি বোস | অনুরাধা নাইডু |
| সুধা রামামূর্তি | পিংকি রাণী | ভান্দানা চোপড়া |

**কপিরাইট**

**©দি ন্যাশনাল ট্রাস্ট অটিজম, সেরিব্রাল পলসি, মানসিক প্রতিবন্ধিতা ও বহুবিধ প্রতিবন্ধিতায় আক্রান্ত ব্যক্তিদের কল্যাণের জন্য, ২০১৪।**

এই প্রকাশনাটি বিনামূল্যে বা মূল্যে প্রয়োজন অনুযায়ী কপি, পুন:মুদ্রণ এবং বিতরণ করা যাবে যতক্ষণ পর্যন্ত সেটি এবং বিনা মুনাফায় করা হচ্ছে। আমরা আঞ্চলিক চাহিদা পুরণের জন্য অনুমতি সাপেক্ষে অনুবাদ করার জন্য উৎসাহিত করছি। যদি আপনি এই ম্যানুয়ালটি অনুবাদ করতে চান, অনুগ্রহ করে contactus@thenationaltrust.in এই ঠিকানায় আমাদের লিখে পাঠান।

**অলঙ্করণ**

এই ম্যানুয়ালের অধিকাংশ ছবি হেস্পেরিয়ান হেলথ গাইড এর অনুমতিক্রমে ব্যবহার করা হয়েছে যারা এর কপিরাইট সংরক্ষণ করছেন। **আপনি যদি ছবিগুলো ব্যবহার করতে চান তাহলে images@hesperian.org এই ঠিকানায় যোগাযোগ করুন।**

*আমরা এমন অলঙ্করণ চেয়েছিলাম যা উন্নয়ন সম্পর্কে ধারণা প্রদান করে এবং একই সময়ে পাঠকদের ভাল অবস্থান, বুদ্ধি ভিত্তিক খেলনা, পরিবেশগত পরিবর্তন এবং একটি উন্নত সামাজিক পরিবেশ সম্পর্কে অসংখ্য ধারণা দেয়। আমরা আমাদের জানামতে সবচেয়ে ভাল উৎস- **দি হেস্পেরিয়ান হেলথ গাইড** ব্যবহার করেছি এবং আমাদের কাজে তাদের ঔদার্যপূর্ণ সমর্থনের জন্য আমরা গভীরভাবে কৃতজ্ঞ।*

**অনুবাদ**

*এই বইটি বাংলায় অনুবাদ সম্পাদন করেছে **ডিজএ্যাবল্ড রিহ্যাবিলিটেশন এন্ড রিসার্চ এসোসিয়েশন (DRRA)**, বাংলাদেশ।*

**বি:দ্র:**

বইটি অনুবাদের সময় কিছু ইংরেজি শব্দ সরাসরি বাংলায় লিখে দেওয়া হয়েছে। কারণ বাংলায় অনুবাদের ফলে শব্দটির প্রায়োগিক অর্থ এবং ব্যাপ্তি হ্রাস পেতে পারে। যেমন, Early Intervention Resources শব্দটিকে সঠিক অর্থে ও পূর্ণ ব্যাপ্তিসহকারে ব্যবহার করার জন্য “আরলি ইন্টারভেনশন রিসোর্স” হিসেবে লেখা হয়েছে। অনুরূপভাবে, সকল রেফারেল রিসোর্সসমূহের নাম ইংরেজিতেই রেখে দেওয়া হয়েছে।

# ভূমিকা

আরলি ইন্টারভেনশন ম্যানুয়াল সেই স্বপ্ন যা সত্য হয়েছে, এটি ন্যাশনাল ট্রাস্ট এর ইআই রিসোর্স ব্যক্তিদের এবং অসংখ্য সংগঠন যারা জন্ম থেকে ছয় বছরের বিলম্বিত বিকাশ সম্পন্ন শিশুদেরকে নিয়ে কাজ করে তাদের সকলের স্বপ্ন। ন্যাশনাল ট্রাস্টে যখন আমরা কৌশলগত পরিকল্পনা ২০১২-২০১৭ করছি, তখন আমাদের প্রথম মূল লক্ষ্য ছিল ভারতে আরলি ইন্টারভেনশনের প্রসার করা।

ন্যাশনাল ট্রাস্ট ২০০৭ এ আকাঙ্ক্ষা স্কিম শুরু করে এবং তখন থেকে ৮৫টি এনজিওকে এই বয়সভিত্তিক দলের জন্য সেবাসমূহ চালানোর জন্য অর্থায়ন করেছে। আমাদের দেশের চাহিদার মাত্রা বিবেচনা করলে দেখা যায় যে এই পরিমাণটি পর্যাপ্ত নয়। ভারতে আরলি ইন্টারভেনশন প্রসারের অগ্রগতি পর্যালোচনা করার সময় আমরা আরো খুঁজে পেলাম যে এই বয়স গ্রুপের মাঝে গুণগত সেবাদান প্রদানের ক্ষেত্রে আমাদের নিবন্ধিত সংগঠনগুলোতে বিশেষ শিক্ষক এবং থেরাপিস্টদের সামর্থ খুবই সীমিত। এটি জীবনের একটি গুরুত্বপূর্ণ সময় এবং শুধু উদ্ভাবনী ইন্টারভেনশন, মা-বাবাকে উন্নততর প্রশিক্ষণ এবং প্রারম্ভিক বছরগুলোতে ভাল ব্যবস্থাপনা দিয়ে আমরা সত্যিই আমাদের অংশীদারদের মাঝে সামর্থ গড়ে তোলার আশা করতে পারি। কেবলমাত্র তারপরই একীভূত শিক্ষা, কর্মসংস্থান, জীবিকা এবং সত্যিকারের একীভূতকরণ ঘটবে।

'রাষ্ট্রীয় বাল্য স্বাস্থ্য কার্যক্রম' শুরু করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং বিলম্বিত বিকাশসম্পন্ন শিশুদের জন্য প্রয়োজনীয় নন-মেডিকাল ও দীর্ঘমেয়াদি ইন্টারভেনশনের গুরুত্বের ওপর জোর দিয়ে আমরা স্বাস্থ্য মন্ত্রণালয়ের সঙ্গে নিয়মিতভাবে সংলাপে যুক্ত রয়েছি। এই ম্যানুয়ালটি নিশ্চয়ই বিলম্বিত বিকাশের উপর আরবিএসকে-এর সঙ্গে কার্যরত দলগুলোকে চমৎকারভাবে সহায়তা করবে। আমরা আশা করছি যে প্রতিটি জেলা আরলি ইন্টারভেনশন সেন্টারে (DEIC) একটি অতিরিক্ত বিলম্বিত বিকাশ ইউনিট (DDU) স্থাপন করা হবে।

যে সকল সংগঠন জন্ম থেকে ছয় বছরের বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও তাদের পরিবারকে ইন্টারভেনশন সেবা প্রদান করতে চায় সেখানকার বিশেষজ্ঞ ব্যক্তিদেরও সাহায্য করবে এই ম্যানুয়াল। এটি কোন নতুন কিছু উদ্ভাবন করেনি বরংচ এটি আরলি ইন্টারভেনশন প্রযুক্তি সম্পর্কিত সকল রিসোর্সসমূহকে এক জায়গায় আনার প্রচেষ্টা করেছে।

এই ম্যানুয়ালটি পেশাদার ব্যক্তিবর্গ ও মা-বাবাদের তাদের সন্তানকে সামগ্রিকভাবে দেখার জন্য সাহায্য করার প্রচেষ্টা করে। শিশুদের কর্মক্ষম করে তোলার জন্য পরিবারের সামর্থ নিরূপণ ও তা গড়ে তোলার উপর গুরুত্ব দিয়েছে এই ম্যানুয়াল। মা-বাবাদের দ্বারা আলাদাভাবে সরবরাহকৃত ফিজিওথেরাপি, স্পিচ থেরাপি, অকুপেশনাল থেরাপি এবং বিশেষ শিক্ষা প্রোগ্রাম প্রদান করে সে প্রোগ্রামগুলো বাস্তবায়ন করা খুবই কঠিন। আমরা একটি ট্রান্স ডিসিপ্লিনারি পদ্ধতি এবং পরিবারের দৈনন্দিন কর্মকান্ডে লক্ষ্যসমূহ একীভূত করা এবং পরিবার ও সমাজে প্রাপ্ত রিসোর্সসমূহ ব্যবহার করার জন্য সুপারিশ করি। এই পদ্ধতি পেশাদার ব্যক্তিদেরকে শিশুদের সামগ্রিকভাবে দেখতে এবং প্রতিটি বিভাগ নিয়ে কাজ করে একটি সামগ্রিক প্রোগ্রাম পরিকল্পনা করতে উৎসাহিত করে। ইন্টারভেনশন আনন্দদায়ক, বয়স ভিত্তিক খেলা বা রুটিন কার্যক্রমের মাধ্যমে প্রদান করা হয় যা শিশুকে বিকাশের মাইলফলক ধাপগুলো বা তাদের বাস্তব দক্ষতা অর্জনে সাহায্য করে।

এই ম্যানুয়ালটি একটি শ্রম ও ভালবাসার ফসল যেখানে অনেক মানুষ স্বেচ্ছায় বিভিন্ন ইনপুট দিয়েছেন। তবুও, আমার আন্তরিক ধন্যবাদ ড. নমিতা জ্যাকবকে যিনি পারকিন্স ইন্টারন্যাশনাল এর পুণর্বাসন প্রোগ্রামের উপদেষ্টা হিসেবে এশিয়া এবং প্যাসিফিক অঞ্চলে ভ্রমণ ও প্রশিক্ষণের খুব ব্যস্ত সময়ের মাঝেও তাঁর গুরুত্বপূর্ণ সময় দিয়েছেন। তার বিস্তারিত দৃষ্টিভঙ্গী ও অক্লান্ত প্রেরণার জন্য ধন্যবাদ।

আমি নিশ্চিত আমরা যারা বিলম্বিত বিকাশসম্পন্ন শিশু ও প্রাপ্তবয়স্কদের জীবন খুব আনন্দদায়ক ও উৎপাদনশীল করে তুলতে এবং তাদেরকে নাগরিক হিসেবে দেশে অবদান রাখার মত গড়ে তুলতে যারা বদ্ধপরিকর তাদের জন্য এটি খুব মূল্যবান একটি রিসোর্স।

***পুনম নেত্রজান***
**চেয়ারপার্সন ন্যাশনাল ট্রাস্ট**

## ভূমিকা: মা-বাবার ক্ষমতায়ন

কোন আরলি ইন্টারভেনশন প্রোগ্রাম কেবল তখনই সফল হবে যখন ট্রান্স ডিসিপ্লিনারি টিম মা-বাবা ও পরিবারগুলোর ক্ষমতায়নে সক্রিয়ভাবে কাজ করবে। শিশুর অধিকার বুঝতে পারা ও বিশ্বাস করা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সরকারিভাবে প্রদত্ত নীতি এবং সহজলভ্য রিসোর্স সম্পর্কে জ্ঞান ক্ষমতায়নের অন্তর্ভুক্ত। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার বিষয়ক জাতিসংঘ কনভেনশন দ্বারা সংজ্ঞায়িত, প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে অন্তর্ভুক্ত তারা যারা দীর্ঘমেয়াদী শারীরিক, মানসিক, বুদ্ধিগত বা স্নায়ুবিক বৈকল্যগ্রস্থ যা বিভিন্ন ধরণের প্রতিবন্ধকতার সাথে সন্নিবেশিত হয়ে তাদেরকে সমাজে সমতার ভিত্তিতে অন্যদের সাথে পরিপূর্ণ এবং কার্যকর অংশগ্রহণে বাধা প্রদান করে (অনুচ্ছেদ ১ UNCRPD)।

যে সকল প্রতিবন্ধকতাসমূহ প্রতিবন্ধী ব্যক্তিদের পরিপূর্ণ এবং কার্যকর অংশগ্রহণে বাধা প্রদান করে তা দূর করার নিমিত্তে সরকার আইন পাস এবং নীতি গ্রহণ করে। তবে, প্রতিবন্ধকতাগুলো সত্যিই দূর হবে কেবল যখন পরিবার, সমাজ এবং প্রতিবন্ধী ব্যক্তি আসলেই প্রতিটি বাঁধা চিহ্নিত এবং চ্যালেঞ্জ করতে পারবে এবং আইন ও নীতিগুলো বাস্তবায়নে জোর করতে পারবে।

উদাহরণস্বরূপ, শিক্ষা অধিকার আইন অনুযায়ী ৬-১৪ বছরের প্রত্যেক শিশুর জন্য শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতামূলক। তবে, একজন বিলম্বিত বিকাশসম্পন্ন শিশুকে বিদ্যালয়ে ভর্তি করার জন্য বিদ্যালয়, আরলি ইন্টারভেনশন দল, মা-বাবা ও সমাজকে অনেকগুলো পদক্ষেপ নিতে হবে। এই পদক্ষেপগুলো হতে পারে বিলম্বিত বিকাশসম্পন্ন শিশুকে বিদ্যালয়ে পাঠানোর গুরুত্ব সম্পর্কে মা-বাবাকে রাজি করান, শিশুটিকে কিভাবে বিদ্যালয়ে অন্তর্ভুক্ত করবে সে বিষয়ে বিদ্যালয় ও শিক্ষকদের সংবেদনশীল করে তোলা। চাহিদা ও প্রতিবন্ধকতার পরিসীমা যা সমাধান করতে হবে তা হতে পারে:

১. প্রবেশগম্যতা
   - বাসা থেকে বিদ্যালয় যাতায়াত ব্যবস্থা
   - বাঁধাহীনভাবে শ্রেণীকক্ষে প্রবেশাধিকার
   - ব্যবহারযোগ্য টয়লেট
   - যোগাযোগ- বিশেষ করে মৌখিক যোগাযোগ করে না এমন শিশুদের জন্য

২. সহকারী উপকরণসমূহ

৩. অভিযোজিত পাঠ্যক্রম ও মূল্যায়ন ব্যবস্থা

৪. শিক্ষক এইড/ছায়া শিক্ষক/সহায়তাকারী

একবার এই চাহিদাসমূহের সমাধান করা হলে বিলম্বিত বিকাশসম্পন্ন শিশু একটি সাম্য অবস্থা পাবে এবং তার অধিকার অনুযায়ী বিদ্যালয়ে যেতে সক্ষম হবে।

## সাথী হিসেবে মা-বাবা

সকল আরলি ইন্টারভেনশন প্রোগ্রামে পরিকল্পনা এবং বাস্তবায়ন দলে বাবা মাকে অবিচ্ছেদ্য অংশীদার হিসেবে রাখা খুব গুরুত্বপূর্ণ। এটি তখনি সম্ভব, যখন ট্রান্স-ডিসিপ্লিনারি কর্মী পর্যাপ্ত সময় ব্যয় করে মা-বাবাকে বিলম্বিত বিকাশ এবং শিশুর নির্দিষ্ট প্রতিবন্ধিতার সাথে সম্পর্কিত সকল কিছু ব্যাখ্যা করবে।

এ বিষয়টি মা-বাবার উপলব্ধি হওয়া খুবই প্রয়োজনীয় যে বিলম্বিত বিকাশসম্পন্ন শিশুর মেডিকেল ইন্টারভেনশন অপেক্ষা চাহিদা আরো বেশি। এতে সহবিদ্যমান মেডিকেল জটিলতা থাকতে পারে কিন্তু তার প্রতিভা বিকাশে মেডিকেল সহায়তার পাশাপাশি শিশুর প্রয়োজন হবে দীর্ঘমেয়াদী ইন্টারভেনশন ও প্রশিক্ষণ। একটি বিষয় অনুধাবন করতে মাঝে মাঝে মা-বাবাদের অনেক সময় লেগে যায় যে চিকিৎসক তাদের শিশুর অবস্থা সম্পূর্ণভাবে আরোগ্য করতে পারবেন না এবং শুধুমাত্র কার্যকর ইন্টারভেনশনের মাধ্যমে শিশু পরিবারে, সমাজে, দেশে অবদান রাখার মত প্রাপ্ত বয়স্ক ও নাগরিক হয়ে উঠার সম্ভাবনা পেতে পারবে। তবে, এই ইন্টারভেনশন সংশ্লিষ্ট সকলের জন্য সৃজনশীল এবং অনেক আনন্দদায়ক হতে পারে। এছাড়াও এটি মানুষের মনোভাবকে ইতিবাচক করবে।

যখন মা-বাবা বুঝতে পারবে যে, শিশু অগ্রসর হতে পারছে, যদি বিকাশের কিছু জায়গায় তা ধীরে ধীরে সম্পন্ন হচ্ছে। তাদেরকে উৎসাহিত করতে হবে সৃজনশীলতা ও প্রজ্ঞা ব্যবহার করে শিশুর জন্য খেলার কার্যক্রম প্রস্তুত করতে এবং স্থানীয়ভাবে সহজলভ্য রিসোর্সসমূহ ব্যবহার করতে। আরলি ইন্টারভেনশন কার্যক্রম যখন মা-বাবা এবং সমাজ দ্বারা স্থানীয় প্রেক্ষাপটে প্রস্তুত ও বিবর্তিত হয়ে থাকে, তা অবশ্যই গতিশীল হবে। এই কার্যক্রম খুব সহজেই মা-বাবা থেকে প্রতিবেশি, সমাজের অন্যান্য সদস্য, সমাজকর্মী (আঙ্গনবাড়ি কর্মী), শিক্ষক ইত্যাদির নিকট স্থানান্তরিত করা যাবে। এই কার্যক্রম হতে পারে স্থানীয় সংগীত, গল্প, খেলা, কম খরচে স্থানীয় উপকরণ দিয়ে প্রস্তুতকৃত।

সকল স্থানে শিশুর স্বাভাবিক বিকাশ সম্পর্কে মা-বাবা বুঝতে পারলে, তারা তাদের সন্তানের সবলতা ও দুর্বলতা উপলব্ধি করতে সক্ষম হবে এবং কোন শূন্যস্থান থাকলে সম্ভব হলে সেতুবন্ধন করতে অথবা ঐ স্থানে শিশুর স্বাভাবিক অংশগ্রহণ নিশ্চিত করার জন্য কোন সহায়ক উপকরণ তৈরি করবে। উদাহরণস্বরূপ (১) ভারসাম্যহীন শিশুর হাঁটার জন্য স্থানীয়ভাবে প্রস্তুতকৃত কাঠামো বা (২) যদি শিশু মৌখিকভাবে যোগাযোগ না করতে পারে একটি স্বল্প প্রযুক্তির যোগাযোগ বোর্ড, (৩) শিশু উবু হতে না পারলে তার জন্য ইট দিয়ে একটি কম খরচে টয়লেট এইড প্রস্তুত ইত্যাদি।

তাদের শিশুর জন্য ইন্টারভেনশন পরিকল্পনায় মা-বাবাকে অবশ্যই অংশীদার হতে হবে। প্রায়ই পেশাদার ব্যক্তিরা অনুভব করেন যে, যারা পড়তে ও লিখতে পারেনা তারা পরিকল্পনায় অবদান রাখতে সক্ষম নয়। তবে, এটি একটা কল্পনা প্রসূত ধারণা, কারণ প্রত্যেক মা-বাবাই তাদের সন্তানকে অন্য কারো থেকে ভাল করে বুঝতে পারেন। তারা জানেন প্রশিক্ষণের জন্য তাদের অগ্রাধিকার কি হওয়া উচিত, এবং তাদের অত্যন্ত মূল্যবান এবং অন্তর্দৃষ্টিপূর্ণ জ্ঞান রয়েছে। এই প্রজ্ঞা দুর্ভাগ্যবশত হারিয়ে যায়, আমরা পেশাদার ব্যক্তিরা, যখন পাঠ্যপুস্তকের উপর খুব বেশি নির্ভর করে থাকি।

## মা-বাবাদের নেটওয়ার্ক

আরলি ইন্টারভেনশন দলের জন্য মা-বাবাদের একত্রিত করা খুব জরুরি তাতে তারা একে অপরকে যথাসম্ভব সাহায্য করতে পারে। এমনকি তাদের শিশুদের বয়স ও চাহিদা এবং বাঁধা আলাদা হতে পারে, পরিবারগুলোর একে অপরকে সাহায্য করা সবসময়ই একটি অগ্রগতির বিষয়।

আরলি ইন্টারভেনশন প্রোগ্রামের অন্যতম লক্ষ্য হল মা-বাবার দল তৈরি করতে সাহায্য করা এবং পরে মা-বাবাদের নেটওয়ার্ক তৈরি করা। এই ধরণের নেটওয়ার্কের গুরুত্বপূর্ণ কাজ হল তাদের সন্তানদের সমাজিক জীবনে এবং অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ করাতে সাহায্য করার জন্য নতুন কৌশল সন্ধানে একে অন্যকে উৎসাহ এবং প্রেরণা দান, তথ্য, দক্ষতা ও সমাধান আদান প্রদান করা। পরিবার ও সমাজের অংশগ্রহণে আরলি ইন্টারভেনশন প্রতিবন্ধী ব্যক্তিরা যখন প্রাপ্ত বয়স্ক হবে তাদের একীভূত হতে অনেক সাহায্য করে।

মা-বাবাদের দল এবং নেটওয়ার্কের আলোচনা ও এডভোকেসি করারও ক্ষমতা রয়েছে। যখন এই দলগুলো নিজেই প্রতিষ্ঠিত এবং বিকাশ লাভ করবে কেবল তখনই আমরা পরিবেশ ও আচরণগত বাঁধা দূরীকরণে আমাদের সম্মিলিত প্রচেষ্টা অর্জন করতে পারব।

*পুনম নেত্রজান*

**চেয়ারপার্সন, ন্যাশনাল ট্রাস্ট**

## সূচিপত্র


**ভূমিকা** ........ ৩
**ভূমিকা: মা-বাবার ক্ষমতায়ন** ........ ৪
**ম্যানুয়ালটির সংগঠন** ........ ১
প্রথম মিটিংপরিবার ........ ৫
প্রথম মিটিংশিশু ........ ৬
সামনে এগিয়ে যাওয়াপরিবার ও শিশু ........ ৬
**প্রস্তাবিত প্রক্রিয়ার কালপঞ্জি** ........ ৭
**শিশু নিবন্ধন ফর্ম** ........ ৮
**ত্রৈমাসিক ফলো-আপ ফর্ম নির্দেশনাবলী** ........ ১২
**ত্রৈমাসিক ফলো-আপ ফর্মশিশু** ........ ১৩
**শিশুটির পরিচর্যাকারীর সহায়তা** ........ ১৪
শিশুর পরিচর্যাকারীর সহায়তার ফলো- আপ ফর্ম ........ ১৫
**শিক্ষণ অধিবেশন পর্যবেক্ষণ** ........ ১৬
**গুণগত মানের নির্দেশিকাসমূহ : পরিচর্যাকারী বৈঠক** ........ ১৮
**জন্ম থেকে ৩ মাস** ........ ২০
বিকাশের মাইলফলক বৃত্তঃ জন্মগ্রহণ থেকে ৩ মাস ........ ২১
বিবেচনার বিষয়সমূহ ........ ২২
খেলার মাধ্যমে ইন্টারভেনশন ........ ২৪
**৩ মাস থেকে ৬ মাস** ........ ২৬
বিকাশের মাইলফলক বৃত্তঃ ৩ মাস থেকে ৬ মা ........ ২৭
বিবেচনার বিষয়সমূহ ........ ২৮
খেলার মাধ্যমে ইন্টারভেনশন ........ ৩০
**৬ মাস থেকে ৯ মাস** ........ ৩১
বিকাশের মাইলফলক বৃত্তঃ ৬ মাস থেকে ৯ মাস ........ ৩২
বিবেচনার বিষয়সমূহ ........ ৩৩
খেলার মাধ্যমে ইন্টারভেনশন ........ ৩৫
**৯ মাস থেকে ১২ মাস** ........ ৩৭
বিকাশের মাইলফলক বৃত্তঃ ৯ থেকে ১২ মাস ........ ৩৮
বিবেচনার বিষয়সমূহ ........ ৩৯
খেলার মাধ্যমে ইন্টারভেনশন ........ ৪০
**১ বছর হতে ২ বছর বয়স** ........ ৪১
বিকাশের মাইলফলক বৃত্ত: ১ হতে ২ বছর বয়স পর্যন্ত ........ ৪২
বিবেচনার বিষয়সমূহ ........ ৪৩
খেলার মাধ্যমে ইন্টারভেনশন ........ ৪৫
**২ হতে ৩ বছর বয়সকাল** ........ ৪৭
বিকাশের মাইলফলক বৃত্ত: ২ হতে ৩ বছর বয়স পর্যন্ত ........ ৪৮
বিবেচনার বিষয়সমূহ ........ ৪৯
খেলার মাধ্যমে ইন্টারভেনশন ........ ৫১
**তিন বছর থেকে চার বছর** ........ ৫২
বিকাশের মাইলফলক বৃত্ত: তিন থেকে চার বছর ........ ৫৩
বিবেচনার বিষয়সমূহ ........ ৫৪

খেলার মাধ্যমে ইন্টারভেনশন ..................................................................................................... ৫৬
**চার থেকে ছয় বছর** ............................................................................................................ ৫৭
বিকাশের মাইলফলক বৃত্তঃ চার থেকে ছয় বছর ......................................................................... ৫৮
খেলাধুলার মাধ্যমে বিবেচ্য ও অনুসন্ধানের বিষয়সমুহ ................................................................ ৫৯
**সুপারিশকৃত রিসোর্সসমূহ** ..................................................................................................... ৬৩

## ম্যানুয়ালটির সংগঠন

মস্তিষ্ক এবং দেহে জীবনের প্রাথমিক কিছু বছরে বিদ্যমান থাকা নমনীয়তা, আমাদেরকে বিকাশমান দৈহিক গঠনতন্ত্রের উপর রোগ বা ক্ষতির প্রভাব হ্রাস করতে এবং বিকাশকে অগ্রসর করার জন্য অতুলনীয় সুযোগ-সুবিধা প্রদান করে। কার্যকর আরলি ইন্টারভেনশন সেবাসমূহ উৎকৃষ্ট স্বাস্থ্যসেবা এবং সমৃদ্ধ প্রারম্ভিক অভিজ্ঞতার গুরুত্ব উপলব্ধি করতে পারে যা শিশুর জন্য সবচেয়ে ভাল ফলাফল বয়ে আনতে সহায়তা করবে। পরিবারকে শিশুর বিশেষ চাহিদাসমূহ বুঝতে এবং সে অনুযায়ী সাড়া দিতে সহায়তা করার মাধ্যমে এবং শিশুর চারিপাশের পরিবেশ ও রুটিনকে পরিবর্তন ও সমৃদ্ধ করার মাধ্যমে প্রারম্ভিক অভিজ্ঞতাকে উৎসাহিত করা যায়।

পরিবার ও শিশুর চাহিদা এবং প্রতিষ্ঠানের রিসোর্সসমূহের উপর নির্ভর করে আরলি ইন্টারভেনশন সেবাসমূহ বিভিন্ন উপায়ে সংগঠিত করা যেতে পারে। যদিও এ কাজটি সবসময় করা সম্ভব নয়, কিন্তু শিশু ও তার পরিবারকে তাদের নিজেদের পরিবেশে পরিদর্শন ও সেবাদানের মাধ্যমে অর্থপূর্ণ এবং স্থায়ী উপকারিতা অর্জন করা সম্ভব, বিশেষ করে যদি তা একেবারেই প্রাথমিক বছরগুলোতে করা হয়। অন্যান্য সেবাদানকারীদের যেমন- স্থানীয় ‘বাল্যবাড়ি’ বা ‘আঙ্গনবাড়ি’ কে সহায়তা প্রদানের মাধ্যমেও সেবা সরবরাহ করা সম্ভব। আরলি ইন্টারভেনশন সেবাসমূহ হাসপাতাল স্থাপনার মাঝেই সহজলভ্য থাকা উচিৎ যাতে শিশুর সকল চাহিদা একটি স্থান থেকেই সংকুলান করা যায়।

বিশেষ করে প্রারম্ভিক বছরগুলোতে, যখন শিশু এবং পরিবার উভয়ই অনেক নতুন দক্ষতা শিখতে চেষ্টা করে এবং আবেগিকভাবে চ্যালেঞ্জিং কিছু পরিস্থিতির সাথে মানিয়ে নিতে চায়, তারা যেকোন একজন পেশাদার ব্যক্তি থেকে নিয়মিত সহায়তা পাওয়ার সুযোগের মাধ্যমে উপকারিতা লাভ করে থাকে। আরলি ইন্টারভেনশন পেশাদার ব্যক্তিটিকে বিভিন্ন প্রকারের চাহিদা ও প্রয়োজন চিহ্নিত করা ও সেক্ষেত্রে কাজ করার পারদর্শিতা থাকতে হবে এবং তাকে জানতে হবে বিশদভাবে মূল্যায়ন ও নির্দেশনার জন্য কখন ও কাকে রেফারাল করতে হবে। এই ম্যানুয়ালটি ব্যবহারকারীকে রেফারাল পয়েন্টগুলো চিহ্নিত করতে এবং পরিবারদেরকে যথাযথ রিসোর্সসমূহের দিকে নির্দেশ করতে সাহায্য করবে।

যখন একটি পরিবার আরলি ইন্টারভেনশন সেবাকেন্দ্রেপ্রবেশ করবে, ইন্টারভেনশন প্রদানকারী ব্যক্তিটি এই ম্যানুয়ালটি একটি প্রস্তুতকৃত রেফারেন্স হিসেবে ব্যবহার করে নিজেদের মনে করিয়ে নিতে পারবেন যে, এই পর্যায়ে কোন বিষয়টি পর্যবেক্ষণ করা প্রয়োজনীয়, বিকাশের যে ক্ষেত্রটি বিলম্বিত রয়েছে তা চিহ্নিত করতে হবে এবং রিসোর্সসমূহ খুঁজে বের করে পরামর্শ প্রদান করতে হবে।

### পরিকল্পনা এবং অগ্রগতি লিপিভুক্ত করা

একটি ইন্টারভেনশন পরিকল্পনা করার সময় বিবেচনায় রাখতে হবে যে শিশু ও পরিবারের চাহিদা ও শক্তিশালী দিকগুলো কি, বাড়িতে ও সমাজে কোন রিসোর্সগুলো বিদ্যমান রয়েছে, এবং যে প্রতিষ্ঠান সেবা সরবরাহ করছে তাদের রিসোর্সসমূহ। যে পেশাদার ব্যক্তিটি ইন্টারভেনশন সেবা প্রদান করছেন তার সাথে যোগাযোগের পরিমাণ বা যোগাযোগের পুনরাবৃত্তির হারও প্রকৃত লক্ষ্য এবং ইন্টারভেনশন পরিকল্পনা তৈরির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয়।

এই অধ্যায়ের মাঝে আপনি পাবেন শিশুর সাথে সেবাদানকারীর প্রথম সাক্ষাতের জন্য দিকনির্দেশনা, এবং কিছু ফর্ম যা পরিস্থিতি মূল্যায়ন করতে, পরবর্তীতে পরিকল্পনা তৈরি করতে, এবং সময়ের সাথে সাথে ইন্টারভেনশনের প্রভাব লিপিভুক্ত করতে সাহায্য করবে। এর মাধ্যমে ইন্টারভেনশন প্রদানকারী সার্বক্ষণিকভাবে পরিকল্পনার কার্যকারিতা পর্যবেক্ষণ করতে পারবেন এবং প্রয়োজনে পরিবর্তন আনতে পারবেন।

এছাড়াও আমরা শিশু ও পরিবারের সাথে সেশনের জন্য এবং এমনকি প্রোগ্রামটির জন্যও গুণগত মানের সূচকসমূহ অন্তর্ভুক্ত করেছি। এইগুলো একজনি ইন্টারভেনশন প্রদানকারী বা একজন প্রোগ্রাম পরামর্শদাতা ব্যবহার করতে পারবেন যা তাদেরকে প্রশিক্ষণ ও সহায়তা বিষয়ক পেশাদারি চাহিদাসমূহ নিরূপণ করতে সাহায্য করবে।

**শিশুর বিকাশ**

আমরা ম্যানুয়ালটি প্রাথমিকভাবে বয়সভিত্তিক হিসেবে বিভক্ত করেছি, যা ইন্টারভেনশন প্রদানকারীদের শুধুমাত্র প্রতিবন্ধকতা বা বিলম্বের স্থানটিতে মনোযোগ প্রদান না করে শিশুটিকে সামগ্রিকভাবে দেখতে এবং তাদের গতানুগতিক কার্যাবলীসমূহ ব্যবহার করে লক্ষ্য ও ইন্টারভেনশনকে নির্দেশনা প্রদান করতে সাহায্য করবে। প্রতিটি বয়স দলের মাঝেই আমরা তথ্য সংগঠিত করব যাতে ইন্টারভেনশন প্রদানকারী সহজেই সমস্যা চিহ্নিত করতে পারেন এবং এর সাথে সাথে শিশু ও পরিবারের জন্য সমাধানও খুঁজে বের করতে পারেন। যখন লিঙ্গ-নিরপেক্ষ শব্দ “শিশুটি” ব্যবহারের ফলে বাক্য জটিল ও ঝামেলাপূর্ণ হয়ে যায়, আমরা তখন পর্যায়ক্রমিকভাবে “ছেলেটি” এবং “মেয়েটি” ব্যবহার করব এবং আমরা আশা করি ইন্টারভেনশন প্রদানকারী বুঝতে পারবেন যে আমরা উভয় লিঙ্গকেই নির্দেশ করছি। প্রতিটি বয়স দলের মাঝেই আমরা নিম্নোক্ত চারটি অংশ ব্যাখ্যা করেছি।

**বয়সটির প্রয়োজনীয়তাঃ** সবচেয়ে সহজ ধরণের ইন্টারভেনশন হচ্ছে শিশুদেরকে তাদের সমসাময়িক বয়স দলের শিশুদের ন্যায় খেলার অভিজ্ঞতা নিতে দেওয়া। তাই প্রতিটি বয়স দলের প্রথম অংশ গুরুত্ব প্রদান করে যে শিশুটি এই পর্যায়ে কি করছে এবং কি শিখছে। যখন মা-বাবা তাদের শিশুটির দৈনিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করবেন এই অংশটি ইন্টারভেনশন প্রদানকারীকে সাহায্য করবে সমবয়সী অন্যান্য শিশুদের সাথে তা মিলিয়ে দেখতে এবং তাদেরকে বুঝতে সাহায্য করবে শিশুটির প্রতিবন্ধকতার ফলে তার জীবনের এবং শিখনের কোন কোন ক্ষেত্র প্রভাবগ্রস্থ হতে পারে।

**বিকাশের মাইলফলক বৃত্তঃ**এই অংশটি ইন্টারভেনশন প্রদানকারীকে সহজেই শিশুর দক্ষতা এবং সামর্থ উপলব্ধি করতে এবং সমস্যার ক্ষেত্রসমূহ চিহ্নিত করতে নির্দেশনা প্রদান করবে। বিকাশের বিভিন্ন ক্ষেত্রসমূহ একটি বৃত্তে স্থাপনের মাধ্যমে আমরা ইন্টারভেনশন এবং সেবাদাকারী ব্যক্তিদেরকে এই ক্ষেত্রে সাহায্য করার প্রত্যাশা ব্যক্ত করি যে, তারা সবসময়ই শিশুদেরকে শিশুর শক্তিশালী এবং দুর্বল দিক উভয় মিলেই একটি পূর্ণাঙ্গ ব্যক্তি হিসেবে বিবেচনা করবে। এই উপকরণের মাইলফলকসমূহ বিভিন্ন ভারতীয় রিসার্চ প্রচেষ্টা ও উপকরণ থেকে সংগ্রহ করে একত্রিত করা হয়েছে।

মাইলফলকগুলো ছাড়াও, বৃত্তে যে ছবিগুলো রয়েছে, সেগুলো এমন গতানুগতিক কার্যক্রমসমূহ প্রদর্শন করে যা শিশুদেরকে বয়স উপযোগী দক্ষতাসমূহ বিকাশ ও অর্জন করতে উৎসাহিত করবে। বিভিন্ন প্রকারের ব্যক্তি, বস্তু এবং পরিবেশ এখানে প্রদর্শন করা হয়েছে যাতে ইন্টারভেনশন প্রদানকারীকে মনে করিয়ে দেওয়া যায় যে, ইন্টারভেনশন পরিকল্পনা করার সময় প্রতিবন্ধকতার বাইরেও অন্যান্য সীমাবদ্ধতা ও রিসোর্সসমূহ বিবেচনা করতে হবে।

**বিবেচনার বিষয়সমূহঃ** এই অংশটি প্রারম্ভিক শৈশবকালীন সময়ে কিছু মূল সমস্যার ক্ষেত্রসমূহ চিহ্নিত করে, এছাড়াও পরবর্তীতে মূল্যায়ন এবং ইন্টারভেনশন প্রদানের জন্য কিছু পরামর্শ ও রিসোর্স প্রদান করে। এছাড়াও প্রতিটি বয়স দলে নির্বাচিত দক্ষতাসমূহের অধিকাংশই সম্ভাব্য বিলম্বতা বা প্রতিবন্ধকতার জন্য বিকাশ সূচক হিসেবে কাজ করে। অন্যান্যগুলো আমাদেরকে শিশুদের অভিজ্ঞতাসমূহে পরিবর্তন আনতে উৎসাহিত করতে সাহায্য করবে, যাতে তারা একটি উদ্দীপনামূলক পরিবেশ পেতে পারে। উদাহরণস্বরূপ, প্রাথমিক বয়সেই ছবি, বই ও আঁকিঝুঁকি করার সুযোগ এবং পাজেল নিয়ে খেলা করার সাথে পরিচিত করানো একটি গতানুগতিক প্রারম্ভিক শৈশবে প্রাপ্ত সুযোগসমূহের অংশ নাও হতে পারে। প্রায়ই এই ক্ষেত্রসমূহে বিলম্বতার কারণ হচ্ছে ক্ষেত্রসমূহের সাথে পরিচিতি না হওয়া এবং তাই আমরা শিশুদের যত্নগ্রহণকারী প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে এই অভিজ্ঞতাসমূহের গুরুত্ব অনুধাবন করতে উৎসাহ প্রদান করে থাকি। কত প্রাথমিক সময়েই এই দক্ষতাসমূহ উত্থান নিতে শুরু করে এই বিষয়ের উপর আলোকপাত করার মাধ্যমে সকল শিশুর মাঝেই পুষ্টি, ভাষা ও সমস্যা সমাধানের মত ক্ষেত্রসমূহ উন্নত করতে সাহায্য করবে।

এছাড়াও এই অংশটি ইন্টারভেনশন প্রদানকারীকে এমন কিছু বিষয়সমূহের উপর বিচক্ষণ থাকতে সহায়তা করবে যা সাধারণভাবে শিশুদের পর্যবেক্ষণের সময় বা পরিবারের কথা শোনার মাধ্যমে চিহ্নিত করা হতে ফসকে যেতে পারে। যেমন- এমন শিশু যার অন্য কোন সুস্পষ্ট প্রতিবন্ধকতা রয়েছে তার ক্ষেত্রে দৃষ্টি ও শ্রবণ সংক্রান্ত সমস্যা চিহ্নিত করা প্রায়ই ফসকে যেতে পারে।

**খেলার মাধ্যমে ইন্টারভেনশনঃ** প্রারম্ভিক শৈশবে ইন্টারভেনশনকে খুব সহজেই বয়স উপযোগী খেলা খেলতে সমর্থ করার প্রক্রিয়া হিসেবে বিবেচনা করা যায়। খেলা করা একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম, যা শিশুদেরকে মজাদার উপায়ে শিখতে এবং বিকাশ লাভ করতে সমর্থ করে। খেলা করার সময় শিশুরা অভ্যন্তরীণভাবেই প্রেরণা লাভ করে থাকে, যা তাদেরকে আরাম দেয় ও শিথিল করে, তাদের মনোযোগ কেন্দ্রীভূত করার সামর্থকে বিকাশ করে এবং সহজেই তাদের শিখনকে মনে করতে ও ধারণ করতে সাহায্য করে। খেলা করা শিশুদেরকে তাদের ইন্দ্রীয়সমূহ ও পেশি সঞ্চালন দক্ষতাসমূহ ব্যবহার করতে চ্যালেঞ্জ প্রদান করে এবং ব্যর্থতার ফলে আসা নিরুৎসাহ উৎরে বারবার অনুশীলন করতে সহায়তা করে।

যদি প্রতিটি ধাপেই আমরা চিন্তা করি যে কিভাবে একটি শিশু খেলা করবে- কি নিয়ে, কার সাথে, কোথায় ও কিভাবে- আমরা একটি উত্তম আরলি ইন্টারভেনশন প্রোগ্রামের ভিত্তিসমূহ পেয়ে যাব। যখন আমরা সেই বিষয়সমূহ চিহ্নিত করে ফেলব যেগুলো একটি শিশুর খেলাকে সীমাবদ্ধ করে ফেলে, ইন্টারভেনশন প্রদানকারীকে চিন্তা করতে হবে কিভাবে পরিবেশ, খেলনা, কার্যক্রমকে মানিয়ে নিতে হবে এবং শিশুকে যথাযথ অবস্থান ও সহায়তা প্রদান করতে হবে যাতে সে বয়স-উপযোগী খেলায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে সমর্থ হতে পারে।

## সুপারিশকৃত রিসোর্সসমূহ

বিলম্বিত বিকাশ ও প্রতিবন্ধিতা সম্পন্ন শিশুদের ইন্টারভেনশন প্রদানে নির্দেশনার জন্য অনেক রিসোর্স রয়েছে। রিসোর্স অংশে সুপারিশযোগ্য বইয়ের একটি প্রাথমিক তালিকা প্রদান করা হয়েছে। আমরা হেস্পেরিয়ান ফাউন্ডেশন কর্তৃক উন্মুক্তভাবে সরবরাহকৃত বিপুলাকারের সংগ্রহশালার উপর গুরুত্ব আরোপ করছি যা বিশ্বজুড়েই পরীক্ষিত ও ব্যবহৃত হচ্ছে। এই উপকরণগুলো অনলাইনে বিনামূল্যে পাওয়া সম্ভব এবং এগুলো বিভিন্ন ভাষায় পাওয়া যায়।

এর সাথে সাথে, একটি পৃথক রিসোর্স ফোল্ডারে আমরা কিছু রিসোর্স সম্মিলিত করেছি। এখানে অন্তর্ভুক্ত রয়েছে সেই রিসোর্সগুলো যা প্রায়ই এই নির্দিষ্ট ক্ষেত্রে ব্যবহৃত হয়ে থাকে, বিশেষ করে যা পার্কিন্স ইন্টারন্যাশনালের অভিজ্ঞতা ও বিশেষজ্ঞদের থেকে সংগৃহীত, এবং সেটি কাজ শুরুর জন্য একটি সহজ স্থান হিসেবে কাজ করবে। ইন্টারভেনশন প্রদানকারীদের উৎসাহ প্রদান করা হচ্ছে যেন তারা নিজ অভিজ্ঞতা, প্রয়োজন এবং আবিষ্কার থেকে রিসোর্সসমূহে সংযুক্তি করেন, যার মাধ্যমে তারা যে সমাজে সেবাপ্রদান করছেন সেখানকার চাহিদা ও রিসোর্সসমূহের উপযোগী করে এই ম্যানুয়ালটি ব্যক্তিভিত্তিক করে তোলা সম্ভব।

# পরিকল্পনা এবং ডকুমেন্টেশন

## প্রথম মিটিং পরিবার

আমাদের জন্য ইন্টারভেনশন প্রদানের প্রথম সুযোগ আসে প্রথম মিটিং-এর সময়, যখন আমরা একটি শিশুর বিষয়ে তার পরিবার থেকে শেখা শুরু করি। যখন একটি পরিবার তাদের শিশুকে নিয়ে প্রবেশ করবে, কিছুটা সময় নিয়ে তাদের সাথে এবং তাদের শিশুর সাথে সংযুক্ত হওয়ার চেষ্টা করুন। শিশুটির পোশাক, হাসি, সুন্দর ছোটছোট আঙ্গুল- যে বিষয়টিই আপনার কাছে সুন্দর বলে মনে হবে সেটি নিয়ে মন্তব্য করুন। বিশেষ করে যখন শিশুটি অল্পবয়স্ক এবং তার পরিবার সেই শিশুটির সকল সমস্যা সম্পর্কে জানতে যাচ্ছে, তাদের জন্য এই বিষয়টি খুবই সহায়ক হিসেবে কাজ করে যখন তারা দেখবে যে একজন পেশাদার ব্যক্তি কোন সমস্যা, রিপোর্ট বা প্রতিবন্ধকতা বিষয়ে জিজ্ঞাসা করার পূর্বেই শিশুটির সাথে একজন ব্যক্তি হিসেবে সংযুক্ত হতে চাইছে।

একজন ইন্টারভেনশন প্রদানকারী হিসেবে, আপনি জন্মদানের সময়কার ঘটনা জানতে চাইবেন, মেডিকেল পরীক্ষা ও চিকিৎসার সম্পর্কে এবং বিকাশের ঘটনা সম্পর্কে বিশদ বিববরণ জানতে চাইবেন। আপনাকে জানতে হবে পরিবারটির সমস্যা বিষয়ে জিজ্ঞাসা কি কি এবং তারা কিসের প্রতি অগ্রাধিকার দিতে চাইছে, এছাড়াও তাদের রুটিন, রিসোর্সসমূহ, এবং চাহিদার বিষয়েও আপনাকে বিশদভাবে জানতে হবে। কোন প্রস্তুতকৃত প্রশ্নের তালিকা অনুসরণ করার পরিবর্তে, পরিবারটির সাথে গল্পে ও আলাপ-আলোচনায় যুক্ত হোন, তাদের কথাবার্তা থেকে তথ্য আসা শুরু করলে বিভিন্ন প্রধান শিরোনামের আওতায় সংক্ষেপে নোট টুকে নিন। যদিও এভাবে কাজ করা অপরিকল্পিত বলে মনে হচ্ছে, এটি আসলে অনেক কার্যকরী কারণঃ

১. পরিবারটি নিশ্চিন্ত বোধ করবে এবং আপনাকে এমন একজন ব্যক্তি হিসেবে বিবেচনা করবে যে তাদের ও তাদের শিশুর বিষয়ে যত্নশীল

২. আপনি এমন কিছু আকস্মিক বিষয় সম্পর্কে জানতে পারবেন যেগুলো সম্পর্কে জিজ্ঞাসা করার কথা হয়তো আপনি চিন্তাও করেননি

৩. আপনি পরিবারের সদস্যদের আচরণ এবং বিশ্বাসের বিষয় সম্পর্কে জানতে পারবেন

সম্পূর্ণ আলাপ-আলোচনার সময়ই, নিশ্চিত করবেন যে আপনি "প্রত্যক্ষ শ্রবণ"-এর নিয়ম অনুসরণ করছেন, যেখানে আপনি প্রকৃতপক্ষে মনোযোগ প্রদান করবেন, তাদের মতামতের প্রতি সম্মান দেখাবেন - তা যতটা অদ্ভুতই হোক না কেন, এবং তাদেরকে আলোচনায় উৎসাহিত করবেন। "সেবাপ্রদানকারী মিটিং– গুণগত মানের নির্দেশক" ফর্মে উল্লেখিত পয়েন্টগুলো আপনাকে প্রত্যক্ষ বিষয়ের সাথে জড়িত মূল বিষয়গুলো মনে রাখতে সাহায্য করবে।

আপনি পরিবারের সাথে আলাপ-আলোচনা চালানো থেকে শিশুর সাথে সরাসরি যোগাযোগ স্থাপন করতে পারেন। সকল সময়ের জন্যই, শিশুর সাথে একটি সম্পর্ক গড়ে তোলা হচ্ছে প্রথম ধাপ এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। যদি এমনটা দেখা যায় যে এই মিটিং-এ এই কাজটি করা সম্ভব হচ্ছে না তাহলে, মা-বাবা বা শিশুটির পরিচিত কাউকে দিয়ে আপনার নির্দেশনা অনুযায়ী শিশুটিকে খেলা করতে দিন এবং আপনি পর্যবেক্ষণ করুন। মনে রাখবেন যে আপনি যে ইতিবাচক দিকগুলো দেখছেন সেগুলো উল্লেখ করবেন এবং কোন সমস্যা সম্পর্কে উল্লেখ করার সময় সে বিষয়ে কি করা সম্ভব সেটিও উল্লেখ করে দিবেন।

এই প্রথম আলাপ-আলোচনা শেষ করে ফেরার সময় মা-বাবাকে অবশ্যই এই অনুভূতি প্রদান করতে হবে যে তাদের উদ্বেগের বিষয়গুলো শোনা হয়েছে ও উপলব্ধি করা হয়েছে এবং তাদের চাহিদাকে সম্মান দেওয়া হয়েছে। তাদেরকে ফেরার সময় আরেকটি বিষয় উপলব্ধি করে যেতে হবে, সেটি হচ্ছে- পরিবর্তন নিয়ে আসা সম্ভব, তারা এই পরিবর্তন নিয়ে আসার প্রক্রিয়াতে কাজ করতে পারবেন এবং তাদের শিশুকে সাহায্য করার জন্য অন্তত একটি কৌশল তাদেরকে দিতে হবে। যদিও বিষয়টি অসম্ভব বলে মনে হতে পারে, তবে একজন ভাল ইন্টারভেনশন প্রদানকারী যিনি মনোযোগ দিয়ে শুনেছেন ও পর্যবেক্ষণ করেছেন অবশ্যই তার নিজের অভিজ্ঞতা ও জ্ঞান প্রয়োগ করে অন্তত একটি বিষয় উল্লেখ করতে পারবেন যা শিশু বা পরিবারের কোন একটি সমস্যাকে সাহায্য করতে পারবে।

আলাপ-আলোচনার শেষে, আপনি নিশ্চিত করে মা-বাবাকে ধন্যবাদ প্রদান করুন বা তাদের ধারণা ও কথার উপর মন্তব্য দিন, যাতে তারা বুঝতে পারে যে এই বিষয়গুলো বিনিময় করা আপনাকে শিশুটিকে আরো ভালভাবে বুঝতে এবং এমন কিছু ধারণা পেতে সাহায্য করেছে যা শিশুটির বিকাশ ও শিখনকে সহায়তা করতে সাহায্য করবে। যথাযথ উপায়ে শিশুর ফাইল এবং ইন্টারভেনশন পরিকল্পনায় নতুন তথ্য অন্তর্ভুক্ত করুন।

## প্রথম মিটিং — শিশু

শিশুটিকে পর্যবেক্ষণ করুন এমনকি তখনও যখন আপনি পরিবারটির সাথে কথা বলছেন। শুধু পর্যবেক্ষণের মাধ্যমেই আপনি অনেক কিছু শিখতে পারবেন। আপনি শারীরিক অঙ্গভঙ্গি দেখতে পারবেন, শিশুটি কোন বিষয়ে আগ্রহ পাচ্ছে, পরিবারটি কথা বলার সময় তারা কি করছে ইত্যাদি। লক্ষ্য করুন শিশুটি কি চিন্তিত না নিশ্চিন্ত এবং বোঝার চেষ্টা করুন যে এটি প্রথম মিটিং হওয়া সত্ত্বেও শিশুটি কি আপনাকে গ্রহণ করবে কিনা। যদি শিশুর সাথে জলদি কোন সম্পর্ক স্থাপন করতে না পারেন, তাহলে সেবা প্রদানকারীকে সেই সকল বিষয়ের প্রতি নির্দেশনা প্রদান করুন যেগুলো আপনি পর্যবেক্ষণ করতে চাচ্ছেন।

মনে রাখবেন শিশুর সাথে আপনার প্রথম যোগাযোগ যেন ইতিবাচক হয় এবং সেটি আপনাকে একটি বিশ্বস্ত সম্পর্ক স্থাপন করতে সাহায্য করবে। শিশুটিকে আপনার আদেশ অনুযায়ী বিভিন্ন কাজ করানোর পরিবর্তে আপনার মনোযোগ এবং চেষ্টা হতে হবে যে কিভাবে শিশুর সাথে সংযুক্ত হওয়া সম্ভব সেটির প্রতি। মনে রাখবেন আপনার আচরণ ও যোগাযোগের পন্থাই সেবা প্রদানকারীদের প্রতি প্রথম পাঠ হিসেবে কাজ করবে যে কিভাবে শিশুদেরকে কোন কাজে নিযুক্ত হতে, যোগাযোগ করতে এবং কিছু করার জন্য নিজের সামর্থ দক্ষতা ব্যবহার করার জন্য সমর্থ করা যায়।

## সামনে এগিয়ে যাওয়া — পরিবার ও শিশু

কেন্দ্রে আসা **প্রত্যেকটি** শিশুর জন্যই **শিশু এন্ট্রি ফর্ম** পূরণ করতে হবে। যদি আপনার নিকট বিশদ মূল্যায়ন করার সময় না থাকে, এবং যদি নিশ্চিত না থাকেন যে কোথা থেকে শুরু করতে হবে তাহলে, শিশুর বয়স দলের জন্য প্রদত্ত শারীরিক ও সামাজিক মাইলফলকের চার্ট বা বিকাশের বৃত্ত দেখানো পৃষ্ঠাগুলো ব্যবহার করে শুরু করতে পারেন। মনে রাখবেন, প্রতিটি পরিবারকেই অন্তত একটি বাস্তবসম্মত, কার্যকর পরামর্শ প্রদান করতে হবে যা তারা তাদের শিশুকে সাহায্য করার জন্য এখনই শুরু করতে পারবে।

**শিশুর মূল্যায়ন প্রোফাইল** ও এর সাথে ম্যানুয়ালের মাধ্যমে শিশু ও পরিবারের বিষয়ে আরো বিশদ তথ্য পাওয়া সম্ভব হবে। আরো গুরুত্বপূর্ণ বিষয় হল এটি আপনাকে এমনভাবে তথ্য সংগঠিত করতে সাহায্য করবে যাতে আপনি শিশুর সবগুলো দিক, পরিবার, এবং তাদের শিখন ও বিকাশের সুযোগসমূহ বিবেচনায় রাখতে পারেন। প্রথম সাক্ষাতের পরই আপনাকে শিশুর মূল্যায়ন প্রোফাইল পূরণ করা শুরু করতে হবে এবং পরবর্তী সাক্ষাতগুলোর পর আপনি বিশদভাবে বিবরণ যুক্ত করতে পারবেন।

একবার আপনি শিশুর জন্য লক্ষ্য নির্ধারণ করে ফেলার পর, প্রতি ৩ মাস পরপর **শিশুর ফলো-আপ ফর্ম** ব্যবহার করে পুনঃমূল্যায়ন এবং তথ্য লিপিভুক্ত করুন। এটি আপনাকে বন্ধ করা, পুনঃমূল্যায়ন করা, নতুন বিষয়, শক্তিশালী দিক ও রিসোর্সসমূহ বিবেচনা করতে বাধ্য করবে এবং আপনার পরিকল্পনা সে অনুযায়ী মানিয়ে নিতে মনে করিয়ে দিবে।

প্রারম্ভিক ইন্টারভেনশনে, পরিবারদের সমর্থ করা আপনার দায়িত্বের একটি প্রধান উপাদান এবং শিশুকে ইন্টারভেনশন প্রদানের একটি প্রধান কৌশল। আমরা স্বীকার করি যে, পরিবারের আচরণ, জ্ঞান ও দক্ষতাসমূহ পরিবর্তন করার মাধ্যমে আমরা শিশুদের জীবনব্যাপী শিখন লাভের জন্য দৃঢ় ও সামঞ্জস্যপূর্ণ সুযোগসমূহের ভিত্তি সরবরাহ করে দিচ্ছি।

**সেবাপ্রদানকারী সহায়তা ফর্ম** আপনাকে সাহায্য করবে সে স্থানগুলো দলিলভুক্ত করতে যেগুলোতে আপনি পরিবারদের সহায়তা প্রদান করতে চাচ্ছেন এবং এ ফর্মটি ইন্টারভেনশন পরিকল্পনা চূড়ান্ত করার পূর্বেই পূরণ করতে হবে। সেবাপ্রদানকারীদের প্রশিক্ষণ প্রদান করা ভবিষ্যতে আপনার ইন্টারভেনশনের একটি গুরুত্বপূর্ণ অংশ হবে এবং আপনি কোন বিষয়টির উপর আলোকপাত করবেন এবং কিভাবে সর্বোত্তম উপায়ে তা করা সম্ভব সেই সিদ্ধান্ত নিতে এই ফর্মটির সাথে মা-বাবার অগ্রাধিকার ও উদ্বেগগুলো ব্যবহার করার মাধ্যমে আপনি সহায়তা পাবেন।

প্রায় এক বছর ইন্টারভেনশন প্রদান করার পর, আপনার উচিৎ হবে একটি বিস্তারিত পর্যালোচনা করা এবং পরিকল্পনা প্রক্রিয়া পুনঃমূল্যায়ন করা।

## প্রস্তাবিত প্রক্রিয়ার কালপঞ্জি

*যে সকল শিশুরা নিয়মিত ও প্রায়শই আসে (নিদেনপক্ষে সপ্তাহে ২ বার), তাদের পক্ষে নিম্নোক্ত সময়সূচী অনুসরণ করা সম্ভব হওয়ার কথা। যে সকল শিশু ও তাদের পরিবার খুবই অনিয়মিতভাবে আসে, তাদের জন্য এই সময়সূচীর প্রয়োজন মোতাবেক সমন্বয়সাধন করা দরকার। এই ফর্মটি আপনি প্রত্যেক শিশুর ফাইলে রাখতে পারেন যাতে শিশুটি কবে কবে এসেছে তা আপনি সহজেই বুঝতে পারেন এবং একইসাথে এই সময়কালে শিশুটিকে ধারাবাহিকভাবে কী কী সেবা দেওয়া হয়েছে সেটিও নিশ্চিত হতে পারেন। ফর্মটি সম্পূর্ণভাবে পূরণ করার জন্য ফর্মের দ্বিতীয় সারিতে প্রস্তাবিত পরবর্তী সুনির্দিষ্ট তারিখসমূহ এবং ব্লকগুলোতে পরবর্তীতে শিশুটি যে দিনগুলোতে মূলত এসেছে, সেই তারিখগুলো লিখুন।*

| | প্রাথমিক আগমন | ১ম মাস শেষে | প্রাথমিক মূল্যায়নের পরবর্তী তিন মাস পরে | প্রাথমিক মূল্যায়ন থেকে পরবর্তী ছয় মাস | প্রাথমিক মূল্যায়ন থেকে পরবর্তী নয় মাস | প্রাথমিক মূল্যায়ন থেকে পরবর্তী বারো মাস |
|---|---|---|---|---|---|---|
| **এখানে প্রস্তাবিত পরবর্তী তারিখসমূহ লিখুন** | | | | | | |
| শিশু নিবন্ধন ফর্ম | সম্পন্ন | | | | | পর্যালোচনা ও প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা পুনঃনির্ধারণ |
| শিশু মূল্যায়ন প্রোফাইল | সুনির্দিষ্ট লক্ষ্য ও কার্যক্রমসমূহ-সহ সম্পন্ন | | | | | পর্যালোচনা ও প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা পুনঃনির্ধারণ |
| শিশুর ফলো-আপ ফর্ম | | | সম্পন্ন | সম্পন্ন | সম্পন্ন | সম্পন্ন |
| পরিচর্যাকারী সংশ্লিষ্ট ফর্ম | সুনির্দিষ্ট লক্ষ্য ও কার্যক্রমসমূহ-সহ সম্পন্ন | | | | | পর্যালোচনা ও প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা পুনঃনির্ধারণ |
| পরিচর্যাকারীর ফলো-আপ ফর্ম | | | | সম্পন্ন | | সম্পন্ন |

## শিশু নিবন্ধন ফর্ম

শিশুর নাম:

জন্ম তারিখ:

❑ ছেলে ❑ মেয়ে

আজকের তারিখ:

পিতা-মাতার নাম ও পূর্ণ ঠিকানা:

আইডি নাম্বার:

পিতার পেশা ও আয়:

১. শনাক্তকরণের তারিখ: ____________________________ [RBSK এর রেফারেল ফর্ম থেকে নিন]

২. শিশুর প্রধান রোগনির্ণয়:______________________________________________________________________

৩. অন্যান্য রোগনির্ণয়:

_____________________________________________________________________________________________

৪. শিশুটি কি ইতোমধ্যে কোনো চিকিৎসা বা থেরাপি নিয়েছে? _________________________________________________

৫. শিশুটি কি প্রাত্যহিক কোনো ওষুধ সেবন করে? __________________________________________________________

৬. বাড়িতে বসবাসকারী সকলের নাম ও বয়স উল্লেখ করুন (শিশুটির সাথে ব্যক্তির সম্পর্ক লিখে রাখুন)

| | নাম | সম্পর্ক (শিশুর সাথে) | বয়স | শিক্ষা |
|---|---|---|---|---|
| ১. | _________________________________ | পিতা | _____ | ____________________ |
| ২. | _________________________________ | মাতা | _____ | ____________________ |
| ৩. | _________________________________ | _____________________ | _____ | ____________________ |
| ৪. | _________________________________ | _____________________ | _____ | ____________________ |
| ৫. | _________________________________ | _____________________ | _____ | ____________________ |
| ৬. | _________________________________ | _____________________ | _____ | ____________________ |

৭. জন্ম ইতিহাস

৮. শিশুর প্রারম্ভিক মাইলফলকসমূহ ও তার বিকাশ

৯. পরিবারের কোন ব্যক্তি শিশুর গোসল, খাওয়া আর যত্নের কাজটি অধিকাংশ সময়েই করে থাকেন?

১০. পরিবারের প্রাথমিক উদ্বেগ ও অগ্রাধিকারসমূহ

১১. শিশুটি প্রতিদিন ঘুম থেকে উঠার পর থেকে দিনশেষে ঘুমাতে যাওয়ার আগ পর্যন্ত কী কী করে তা বর্ণনা করুন। অনুগ্রহপূর্বক এক্ষেত্রেশিশুর সকল কার্যক্রমের বিস্তারিত তথ্য নথিভুক্ত করুন, যেমন: কতক্ষণ ঘুমায়, খাবারের সময় কী কী খায়, ইত্যাদি।

১২. যিনি প্রাথমিকভাবে শিশুটির দেখাশুনার দায়িত্বে আছেন (শিশুর প্রাত্যহিক পরিচর্যাকারী), তিনি সারাদিন কী কী করেন তা বর্ণনা করুন।

১৩. শিশুটির সাথে প্রাত্যহিকভাবে যারা যারা যোগাযোগ করে, খেলাধুলা করে কিংবা কোনো না কোনভাবে সময় কাটায়, তাদের একটা তালিকা প্রস্তুত করুন (পারিবারিক সদস্য, আত্মীয়স্বজন, প্রতিবেশি যে কেউই হতে পারে)

১৪. গ্রামে বা সমাজে এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান আছে যে শিশুর যত্নের জন্য আপনাকে/ আপনাদের সহায়তা করে থাকে? [উদাহরণস্বরূপ: আঙ্গনবাড়ি, স্থানীয় কোনো শিক্ষক, স্থানীয় কোনো সমাজকর্মী ইত্যাদি]

১৫. আপনি এই কেন্দ্রে কীভাবে এলেন? এখানে আসতে কতদিন লেগেছে?

*অনুগ্রহ করে এখন পর্যন্ত আপনার প্রাপ্ত তথ্য এবং শিশুটিকে আপনার মূল্যায়নের প্রেক্ষিতে, শিশুটির জন্য কোন ধরণের সেবা কোথা থেকে কতদিন পর পর নিতে হবে তার সুপারিশ করুন*


সুপারিশ:

# শিশুর শারীরিক বিকাশের মূল্যায়ন

## ~ শুন্য হতে পাঁচ বছর বয়স পর্যন্ত সাধারণ বিকাশ ~


তারিখ:

নাম:



# শিশুর সামাজিক ও চিন্তা ভাবনার বিকাশের মূল্যায়ন

## ~ শুন্য হতে পাঁচ বছর বয়স পর্যন্ত সাধারণ বিকাশ ~



| ত্রৈমাসিক ফলো-আপ ফর্ম | নির্দেশনাবলী |
|---|---|

**শিশুর নাম:** **শিশুর আইডি:**

**১.প্রতি ৩ মাসে,** পরিবারের সাথে আলোচনার প্রেক্ষিতে বাড়িতে শিশুর সাথে পরিবারের সদস্যদের অভিজ্ঞতা ও শিশুর কার্যক্রম এবং সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনে পরিবারের সদস্যদের প্রত্যেক বিষয়ে আপনার নিজস্ব পর্যবেক্ষণ এর ভিত্তিতে অনুগ্রহপূর্বক শিশুটির জন্য পূর্বনির্ধারিত যে লক্ষ্যসমূহ নিচে উল্লেখ করা আছে, তা শিশুটি কতখানি অর্জন করতে পেরেছে বলুন।

✓ অর্জিত ± এগিয়ে যাচ্ছে X অর্জিত হয় নি ○ কাজ হচ্ছে না

২. অনুগ্রহপূর্বক মন্তব্যের ঘরে আপনার পর্যবেক্ষণসমূহ এবং লক্ষ্য পূরণের ক্ষেত্রে আলোচনার মাধ্যমে যে সকল সমস্যাগুলো জানতে পেরেছেন তা লিপিবদ্ধ করুন

৩. প্রতিটি লক্ষ্যের ক্ষেত্রে, তা নিয়ে শিশুর পিতামাতার বর্তমান প্রতিক্রিয়া এবং লক্ষ্য অর্জনের ক্ষেত্রে শিশুটির চাহিদা ও বিকাশের অগ্রাধিকারের প্রেক্ষিতে সেই বিষয়ে তাদের নতুন কোনো ভাবনা বা অগ্রাধিকার থাকলে সেটি বিবেচনা করুন এবং সেই অনুযায়ী সুপারিশ করুন।

নতুন লক্ষ্য নির্ধারণ করুন
লক্ষ্যে প্রয়োজনমাফিক পরিবর্তন ঘটান
পূর্বনির্ধারিত লক্ষ্য ধরে এগিয়ে যান
পুনরায় একই নির্দেশনা দিন এবং পূর্বনির্ধারিত লক্ষ্য ধরে এগিয়ে যান
কৌশল পরিবর্তন করুন এবং আগের লক্ষ্য ধরেই এগিয়ে যান
অন্যান্য

উদাহরণ:

| **তারিখ**<br>লক্ষ্যসমূহ | অর্জন | মন্তব্য | সুপারিশ |
|---|---|---|---|
| শিশুটি মেঝেতে নিজে নিজে ৩০ সেকেন্ডর জন্য বসতে পারবে | ± এগিয়ে যাচ্ছে | খুবই সীমিতিভাবে উন্নতি হচ্ছে অবস্থার। আরো সুযোগ ও সময় লাগবে শিশুটির | পূর্বনির্ধারিত লক্ষ্য ধরে এগিয়ে যেতে হবে |

৪. টেবিলের নিচে পরবর্তী লক্ষ্য ও কাজের সুপারিশসমূহ লিপিবদ্ধ করুন, একইসাথে পরিবেশ সাথে সংগতিপূর্ণ কোনো ধরণের পরিবর্তন, উপকরণ কিংবা পরবর্তী তিন মাসের জন্য কোন ধরণের কার্যক্রম গ্রহণ করতে হবে তাও সংযুক্ত করুন। নিদেনপক্ষে একটি লক্ষ্য যেনো পিতামাতার ভাবনা ও অগ্রাধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় সেটি নিশ্চিত করতে হবে।

উদাহরণস্বরূপ: লক্ষ্য: শিশুটি মেঝেতে নিজে নিজে ৩০ সেকেন্ডর জন্য বসতে পারবে
কার্যকলাপ, উপকরণ ও পরিবেশ:
১. মা আশেপাশে কোথাও কাপড় চোপড় ধুচ্ছেন এমন সময়ে শিশুকে খেলার সামগ্রীসহ ম্যাটে বসে থাকতে উদ্বুদ্ধ করুন।
শিশুটির চারপাশে বালিশ দিয়ে রাখুন যাতে সে নিরাপদে থাকে
খেলার সামগ্রীসমূহ শিশুটির সম্মুখদিকের কোনো বালিশের উপর রাখুন যাতে শিশুটি হাত বাড়িয়েই খেলার সামগ্রীটি নিতে পারে
মাকে বলে দিতে হবে যাতে তিনি এই সময়ে বাচ্চার সাথে কথা বলে এবং তাকে উৎসাহ দেয়
বসার ভারসাম্য নষ্ট হলে শিশুটি যাতে নিজেই নিজেকে ধাক্কা দিয়ে আগের অবস্থায় বসতে পারে, তা করার জন্য শিশুটিকে উদ্বুদ্ধ করুন

২. সকালবেলা বয়স্ক ব্যক্তিরা যখন বাড়ির বাইরে বসে থাকে তখন শিশুটিকে কোনো একটি গাছের নিকটে নরম মাটিতে বসতে উদ্বুদ্ধ করুন
শিশুটির কোনো আন্টিকে এসময় এমনভাবে পা সামনে ছড়িয়ে বসতে বলুন যাতে শিশুটি তার দুই পায়ের ফাঁকে বসতে পারে
শিশুটির আন্টিকে শিশুটিকে এমন অবস্থানে রাখতে শেখান যাতে শিশুটির বসার জন্য কোনো বাহ্যিক সহযোগিতার প্রয়োজন না পড়ে, কিন্তু সে নিরাপদ বোধ করে
বসার ভারসাম্য নষ্ট হলে শিশুটি যাতে নিজেই নিজেকে ধাক্কা দিয়ে আগের অবস্থায় বসতে পারে, তা করার জন্য শিশুটিকে উদ্বুদ্ধ করুন

## ত্রৈমাসিক ফলো-আপ ফর্ম শিশু

| তারিখ<br>লক্ষ্য | অর্জন | মন্তব্য | সুপারিশ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

পরবর্তী লক্ষ্য ও কাজের সুপারিশসমূহ লিপিবদ্ধ করুন, একইসাথে পরিবেশ সাথে সংগতিপূর্ণ কোনো ধরণের পরিবর্তন, উপকরণ কিংবা পরবর্তী তিন মাসের জন্য কোন ধরণের কার্যক্রম গ্রহণ করতে হবে তাও সংযুক্ত করুন।

১.

**অনুগ্রহপূর্বক আপনার লক্ষ্য ও সুপারিশসমূহ পরীক্ষা করে দেখুন:**

১. গৃহীত কার্যকলাপ কি শিশুর বিকাশের সবগুলো দিককে বিবেচনা করে নেওয়া হয়েছে?
২. পরিবারের ভাবনা ও অগ্রাধিকারগুলোকে কি বিবেচনা করা হয়েছে?
৩. এটা কি পরিবারের প্রাত্যহিক কার্যকলাপ ও সক্ষমতার সাথে সংগতিপূর্ণ হয়েছে?

| শিশুর নাম: | জন্মতারিখ: |
|---|---|
| ❑ ছেলে ❑ মেয়ে | আইডি নং: |

## শিশুটির পরিচর্যাকারীর সহায়তা

### শিশুটির পরিচর্যাকারীর তথ্য

১. অনুগ্রপূর্বক শিশুটির সাথে আপনার সম্পর্ক কী, তা বলুন

❑ বাবা❑ মা❑ দাদা/ নানা❑ দাদী/ নানী❑ অন্যান্য ________________

২. অনুগ্রহপূর্বক আপনার বর্তমান বয়স উল্লেখ করুন

❑২০ বছরের নিচে ❑২১- ২৯ ❑৩০ -৩৯

❑৪০ - ৪৯ ❑৫০ - ৫৯ ❑৬০ বছরের বেশি

৩. অনুগ্রহপূর্বক আপনি সর্বোচ্চ কোন পর্যন্ত পড়ালেখা করেছেন, তা উল্লেখ করুন ________________________

*শিশুর পরিচর্যাকারীর প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা সৃষ্টি শিশুর প্রাথমিক সেবা সহায়তামূলক কার্যক্রমের একটি প্রধান দায়িত্ব। আনুষ্ঠানিক প্রশিক্ষণ অধিবেশন, নমুনা কার্যক্রম প্রদর্শন, বাড়িভ্রমণ এবং সন্তানের সঙ্গে কীভাবে কথাবার্তা বলবে বা যোগাযোগ করবে সেটি অভিনয়ের করে দেখানোর মাধ্যমে শিশুর পিতামাতাকে এই বিষয়ে অভিজ্ঞ করে তোলা হয়। শিশুটির পরিচর্যাকারীকে নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে তিনি নিজেকে কতটা আত্মবিশ্বাসী বলে মনে করেন তা নির্ধারণ করতে বলুন। কয়েকমাস পরে এই সমস্ত তথ্যগুলো আবারো সংগ্রহ করুণ যার ফলে কৌশলে কোনো পরিবর্তন আনা দরকার কিনা সেটি আপনি বুঝতে পারবেন*

*তারিখ:* ______________________________

| | নিম্নোক্ত বিষয়গুলোতে আপনি কতটা আত্মবিশ্বাসী | একদমই আত্মবিশ্বাসী নই | খুব একটা আত্মবিশ্বাসী নই | আত্মবিশ্বাসী | অনেক বেশি আত্মবিশ্বাসী |
|---|---|---|---|---|---|
| ১. | শিশুটিকে প্রাত্যহিক কাজগুলোর সাথে কিভাবে খাপ খাইয়ে নিতে হবে তা জানি | | | | |
| ২. | শিশুর আচার আচরণ সামলাতে পারি | | | | |
| ৩. | শিশুটির প্রতি অন্য মানুষের ব্যবহার সামলাতে পারি | | | | |
| ৪. | শিশুটিকে নতুন নতুন দক্ষতা শেখাতে পারি | | | | |
| ৫. | শিশুটির যোগাযোগের ক্ষমতা কীভাবে বাড়াতে হবে তা জানি | | | | |
| ৬. | অন্যান্য শিশুদের সাথে শিশুটির বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে সাহায্য করতে সক্ষম | | | | |
| ৭. | শিশুটি একা থাকলে তাকে নানাভাবে ব্যস্ত রাখতে পারি | | | | |
| ৮. | পরিবারের অন্য সদস্যদের সাথে শিশুর যোগাযোগ কীভাবে ঘটনো সম্ভব তা জানি | | | | |
| ৯. | বিশেষ শিক্ষা আইনের অধীনে শিশুর নিজের ও তার পিতামাতার কী কী অধিকার রয়েছে, তা জানি | | | | |
| ১০. | অন্যান্য মানুষজন যাতে শিশুটির প্রয়োজনীয় যত্ন নিতে পারে এবং শিশুটির সাথে যোগাযোগ গড়ে তুলতে সক্ষম হয় সেজন্য তাদের সহযোগিতা করতে পারি | | | | |

পিতা মাতার প্রশিক্ষণের অগ্রাধিকারের স্বার্থে এই ফর্মটি তাদের অনুমোদন সাপেক্ষে ব্যবহার করুন

| | |
|---|---|
| শিশুর নাম: | জন্মতারিখ: |
| ❑ ছেলে ❑ মেয়ে | আইডি নং: |

## শিশুর পরিচর্যাকারীর সহায়তার ফলো- আপ ফর্ম

*৩ থেকে ৬ মাস পরে, শিশুটির পরিচর্যাকারীর সাথে শিশুর লালন-পালনের মূল বিষয়গুলো সম্পর্কে তিনি কতটা জানেন এবং কীভাবে এখন শিশুটির পরিচর্যা করেন, তা নিয়ে কিছুক্ষণ তার সাথে বিস্তারিত আলোচনা করুন। অতঃপর শিশুর পরিচর্যাকারীকে নিম্নোক্ত ক্ষেত্রগুলোতে তিনি নিজেকে কতটা আত্মবিশ্বাসী বলে মনে করেন তা নির্ধারণ করতে বলুন।*

***তারিখ:*** ____________________

| | নিম্নোক্ত বিষয়গুলোতে আপনি কতটা আত্মবিশ্বাসী | একদমই আত্মবিশ্বাসী নই | খুব একটা আত্মবিশ্বাসী নই | আত্মবিশ্বাসী | অনেক বেশি আত্মবিশ্বাসী |
|---|---|---|---|---|---|
| ১১. | শিশুটিকে প্রাত্যহিক কাজগুলোর সাথে কিভাবে খাপ খাইয়ে নিতে হবে তা জানি | | | | |
| ১২. | শিশুর আচার আচরণ সামলাতে পারি | | | | |
| ১৩. | শিশুটির প্রতি অন্য মানুষের ব্যবহার সামলাতে পারি | | | | |
| ১৪. | শিশুটিকে নতুন নতুন দক্ষতা শেখাতে পারি | | | | |
| ১৫. | শিশুটির যোগাযোগের ক্ষমতা কীভাবে বাড়াতে হবে তা জানি | | | | |
| ১৬. | অন্যান্য শিশুদের সাথে শিশুটির বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে সাহায্য করতে সক্ষম | | | | |
| ১৭. | শিশুটি একা থাকলে তাকে নানাভাবে ব্যস্ত রাখতে পারি | | | | |
| ১৮. | পরিবারের অন্য সদস্যদের সাথে শিশুর যোগাযোগ কীভাবে ঘটনো সম্ভব তা জানি | | | | |
| ১৯. | বিশেষ শিক্ষা আইনের অধীনে শিশুর নিজের ও তার পিতামাতার কী কী অধিকার রয়েছে, তা জানি | | | | |
| ২০. | অন্যান্য মানুষজন যাতে শিশুটির প্রয়োজনীয় যত্ন নিতে পারে এবং শিশুটির সাথে যোগাযোগ গড়ে তুলতে সক্ষম হয় সেজন্য তাদের সহযোগিতা করতে পারি | | | | |

*পরবর্তীতে আরো সুগভীর তথ্য পাওয়ার জন্য আপনি শিশুর পরিচর্যাকারীর নিকট প্রারম্ভিক সেবা সহায়তামূলক কার্যক্রমের অংশগ্রহণের ফলে এই বিষয়ে তার জ্ঞান, দক্ষতা ও আত্মবিশ্বাস উপরোক্ত ক্ষেত্রগুলোতে কতখানি বেড়েছে তা জানতে চান।*

**একদমই না** **খুবই সামান্য** **অল্প- বিস্তর** **অনেকখানি!**

*আপনি এই কাগজটির পেছনের পাতা গত কয়েকমাসে শিশুর পরিচর্যাকারী, পরিবার ও সমাজের অন্যান্যদের সাথে কথাবার্তা বলে এই সংশ্লিষ্ট যে সকল তথ্য জানতে পেরেছেন তা লিপিবদ্ধ করার জন্য ব্যবহার করতে পারেন।*

## শিক্ষণ অধিবেশন পর্যবেক্ষণ

**তারিখ:** **অধিবেশনের বর্ণনা:**

**ক্ষেত্র: কার্যক্রম নির্বাচন ও পরিকল্পনা**

| **শিক্ষণ পদ্ধতি** | **সুনির্দিষ্ট যে বিষয়গুলো ভাবতে হবে** | **ফলাফল** | **মন্তব্য** |
|---|---|---|---|
| সুনির্দিষ্ট লক্ষ্য | কার্যক্রম এমন হতে হবে যাতে শিশুটি কোনো দক্ষতা বা ধারণাকে নানাভাবে বুঝতে/ চর্চা করতে/ ব্যবহার করতে পারে | | |
| কার্যক্রম হবে প্রায়োগিক | কার্যক্রম শিশুর বর্তমান বা ভবিষ্যৎ জীবনের সাথে প্রাসঙ্গিক হবে<br>শিশুর স্বাধীনতা ও আত্মমর্যাদাবোধ বাড়াবে<br>শিশুর জন্য আনন্দদায়ক ও উৎসাহব্যাঞ্জক হবে | | |
| অংশগ্রহণমূলক | শিশু প্রয়োজনীয় উপকরণসমূহ নিজেই নিয়ে আসবে<br>শিশুটি কার্যক্রমের সকল ধাপে অংশ নেবে<br>প্রস্তুতকৃত বস্তুটি শিশু নিজে ব্যবহার করবে<br>পরবর্তীতে শিশু নিজেই জিনিসগুলো দূরে কোথাও সরিয়ে রাখবে | | |
| স্বাধীনতা | কাজের সময় প্রদেয় উপকরণসমূহের প্রয়োজনীয় পরিবর্তন সাধন<br>শিশুর স্বাধীন কার্যক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রদেয় কাজটিতে প্রয়োজনীয় পরিবর্তন ঘটানো<br>শিশুকে প্রথমে আংশিক হতে পরবর্তীতে সম্পূর্ণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ<br>কাজ শুরু করা বা কাজে অংশগ্রহণের জন্য শিশুটিকে পর্যাপ্ত সময় দেওয়া<br>শিশুটিকে কেবলমাত্র তখনই কোনো নির্দেশ বা নির্দেশনা দেওয়া যখন তা শিশুটির জন্য অবশ্যই প্রয়োজনীয় মনে হবে | | |
| ধারণার বিকাশ | কার্যকলাপ এমন হতে হবে যাতে শিশুর ভাষার বিকাশ ঘটে<br>কার্যকলাপ এমন হতে হবে যাতে শিশুর অক্ষরপরিচয় ও গাণিতিক ধারণার বিকাশ ঘটে<br>কার্যকলাপ এমন হতে হবে যাতে শিশুর স্মরণশক্তি ও সমস্যা সমাধান করার ক্ষমতার বিকাশ ঘটে | | |
| যোগাযোগ | কাজের সময় শিশুটি যাতে অন্যদের সাথে যথাযথভাবে যোগাযোগ করতে সক্ষম হয়, তার ব্যবস্থা থাকতে হবে<br>অন্যদেরও শিশুটির সাথে যথাযথভাবে যোগাযোগ করতে হবে | | |
| সম্পৃক্ততা | শিশুটিকে কাজের সাথে পরিপূর্ণভাবে সম্পৃক্ত বা যুক্ত রাখতে হবে | | |

**ফলাফল নির্ধারণী সূচক : ০ : নাহ! এবার হলো না! ১ : হয়েছে, কিন্তু অতটা ভালো না। ২ : মোটামুটি হয়েছে, কিন্তু পরবর্তীতে কীভাবে আরো ভালো করা যায়, সেটি ভাবতে হবে। ৩ : একদম ঠিকমত হয়েছে!!!**

ক্ষেত্র:  পারস্পরিক যোগাযোগ বৈশিষ্ট্য

| শিক্ষণ পদ্ধতি | সুনির্দিষ্ট যে বিষয়গুলো ভাবতে হবে | উদাহরণ | ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|
| পূর্বধারণা | শিশুটি জানবে যে কার বা কিসের সাথে তার যোগাযোগ করতে হবে | এমন একটি চিহ্ন ব্যবহার করলাম যেটি শিশুটি বুঝতে পারে<br>শিশুটি আমাকে খেয়াল করার আগ পর্যন্ত আমি অপেক্ষা করলাম<br>এমন কিছু একটা করলাম যাতে শিশুটি আমার দিকে মনোযোগ দেয় | | |
| | শিশুটি কাজটি কখন শুরু হলো এবং কখন শেষ হলো, তা বুঝতে পারবে | এমনভাবে উপকরণ বা বিষয়ের সাথে শিশুটিকে পরিচয় করিয়ে দিতে হবে যাতে সে তা বুঝতে পারে<br>এমন কোনো সংকেত/ অঙ্গভঙ্গি/ শব্দ/ ইঙ্গিত ব্যবহার করতে হবে যা দেখে শিশুটি বুঝতে পারবে যে কাজটি শেষ হয়েছে | | |
| পারস্পরিক যোগাযোগ | যোগাযোগের জন্য শিশুর সামনে অজস্র সুযোগ থাকতে হবে | শিশুটি যে বিষয়ে আগ্রহ দেখাবে সেটিতে উৎসাহ সহকারে সাড়া দিলাম<br>শিশুটি যাতে নিজেই যোগাযোগের জন্য এগিয়ে আসে সেজন্য ধৈর্য্যধরে অপেক্ষা করলাম<br>শিশুটি যাতে পর্যায়ক্রমে তার কোনটা পছন্দ তা নির্ধারণ করতে পারে সেজন্য তাকে উৎসাহ দান করলাম<br>কাজের মধ্যেই আমি শিশুটির জন্য এমন কিছু সুযোগ তৈরি করলাম যাতে সে ঐ বিষয়ে কোনো কিছু জিজ্ঞাসা বা প্রশ্ন করতে পারে, কিংবা তার কোনো আপত্তি থাকলে সেটি জানাতে পারে<br>এমন কিছু সুযোগ করে দিলাম যাতে শিশুটি অন্যদের সাথে এই নিয়ে যোগাযোগ করতে পারে | | |
| ভাষার বিকাশ | যোগাযোগের উচ্চতর ধাপসমূহ উপলব্ধ করা/ গড়ে তোলা | যোগাযোগের উচ্চতর পদ্ধতি প্রয়োগের মাধ্যমে শিশুটির সাথে আমি যোগাযোগ পুনঃস্থাপন করেছিলাম<br>যোগাযোগের ভিন্নতর পদ্ধতিসমূহ প্রয়োগের মাধ্যমে আমি শিশুটির সাথে যোগাযোগ পুনঃস্থাপন করেছিলাম<br>এইসব কার্যকলাপের মধ্যে শিশুটি যাতে অক্ষর পরিচয়জ্ঞান অর্জন করতে পারে সেই সুযোগও আমি তৈরি করেছিলাম | | |
| বুদ্ধিদীপ্ত জটিল চিন্তাধারা | শিশুর যাতে কোন বিষয় মনে রাখতে পারে, সমস্যার সমাধান করতে পারে কিংবা পূর্বের কোনো অভিজ্ঞতার সাথে বর্তমানের সংযোগ ঘটাতে পারে, সেটি নিশ্চিত করতে প্রয়োজনীয় সুযোগের ব্যবস্থা রাখা | আমি এমন পরিস্থিতি তৈরি করেছিলাম যাতে শিশুটি সমস্যা সমাধান ও বুদ্ধিদীপ্ত জটিল চিন্তাভাবনা করতে উৎসাহ পায়<br>আমি শিশুটি যাতে তার প্রয়োজনমত অনুসন্ধান করতে সক্ষম হয় তার জন্য পর্যাপ্ত সময়ের ব্যবস্থা রেখেছিলাম<br>শিশুটি যাতে একাধিক পদ্ধতিতে যে কোনো কিছু করার চেষ্টা করতে পারে, আমি সেজন্য তাকে উদ্বুদ্ধ করেছিলাম<br>শিশুটি যাতে তার পূর্বের কাজের সাথে বর্তমানের কাজের সংযোগ ঘটাতে পারে সেজন্য আমি তাকে যথেষ্ট সহযোগিতা করেছিলাম | | |
| স্বাধীনতা | শিশুটি যাতে অনেক সুযোগ ও পছন্দের মধ্যে থেকে নিজের সিদ্ধান্ত নিতে পারে সেই ব্যবস্থা রাখা<br>শিশুটির যতটা সম্ভব স্বাধীনভাবে যাতে কার্যক্রমে অংশ নিতে পারে, তার ব্যবস্থা রাখা | পুরো বিষয়টি যাতে যথাযথভাবে ঘটে সেজন্য আমি শিশুটির সামনে পছন্দ করার জন্য একাধিক সুযোগ রেখেছিলাম<br>শিশুটির জন্য কার্যক্রম, কাজের উপকরণ ও গতি আমি এমনভাবে নির্ধারণ করে দিয়েছিলাম যাতে শিশুটি একদিকে যেমন সফলতা উপভোগ করতে পারবে, আবার একইসাথে সময়ে সময়ে কাজ করতে গিয়ে শিশুটি নানা প্রতিবন্ধকতার মধ্যেও পড়বে যেটি অতিক্রম করে এগিয়ে যাওয়ার চেষ্টা তাকে তখন করতে হবে | | |

**ফলাফল নির্ধারণী সূচক : ০ : নাহ! এবার হলো না!  ১ : হয়েছে, কিন্তু অতটা ভালো না।  ২ : মোটামুটি হয়েছে, কিন্তু পরবর্তীতে কীভাবে আরো ভালো করা যায়, সেটি ভাবতে হবে।  ৩ : একদম ঠিকমত হয়েছে!!!**

## গুণগত মানের নির্দেশিকাসমূহ : পরিচর্যাকারী বৈঠক

ইন্টারভেনশন সরবরাহকারীর নাম: ________________________________________ তারিখ: ________________

| আপনি / ইন্টারভেনশন সরবরাহকারী কি | গ্রহণযোগ্য নয় | আরো ভালো হতে পারতো | ভালো হয়েছে | যথাযথ! |
|---|---|---|---|---|
| ১. শিশুটির পরিবারকে স্বাগত জানিয়েছেন, তাদেরকে নিজের পরিচয় দিয়েছেন এবং শিশুটি সম্পর্কে কোনো একটি ভালো বিষয় তাদেরকে বলেছেন? | | | | |
| ২. তাদেরকে শিশুটি সম্পর্কে তাদের মতামত কোনো প্রকার বাঁধা না দিয়ে বা নিরুৎসাহিত না করে কিংবা আপনার নিজস্ব মতামত চাপিয়ে না দিয়ে বলতে উদ্বুদ্ধ করেছেন? | | | | |
| ৩. তাদেরকে তাদের পরিবার সম্পর্কে, পরিবারের প্রাত্যহিক জীবন যাপনের ধরণ ও শিশুটির প্রাত্যহিক জীবন যাপনের ধরণ ও কার্যকলাপ বলতে উদ্বুদ্ধ করেছেন? | | | | |
| ৪. যাবতীয় কার্যকম পরিচালনার সময় পরিচর্যাকারীর সাথে যথাযথভাবে দৃষ্টিসংযোগ করেছেন? | | | | |
| ৫. অনানুষ্ঠানিক / সাধারণ আলাপচারী ভঙ্গিতে তাদের কোনো কিছু জিজ্ঞেস করেছেন? | | | | |
| ৬. আপনি যে তার/ তাদের আলোচনা শুনতে খুবই আগ্রহী, এমনটা বোঝানোর জন্য তার/ তাদের দিকে নিজে থেকে খানিকটা এগিয়ে গিয়েছিলেন? | | | | |
| ৭. নতুন কিছু খুঁজে বের করা অথবা আলোচনার আরো গভীরে ঢোকার জন্য পরিচর্যাকারী ব্যক্তির আলোচনার সময় শারীরিক অঙ্গভঙ্গি ও কণ্ঠস্বরের ওঠানামার মাঝখানে আপনি নিজে কোনো ধরনের ইঙ্গিত দিয়েছিলেন? | | | | |
| ৮. কোনো একটি প্রশ্নের উত্তর যথাযথভাবে দেওয়ার জন্য পরিচর্যাকারীকে পর্যাপ্ত সময় দিয়েছিলেন? | | | | |
| ৯. দ্রুত সংক্ষিপ্তভাবে তথ্য লিপিবদ্ধ করেছেন? কেবল লেখার মধ্যে পুরোপুরি ডুবে যান নি তো? | | | | |
| ১০. পরিচর্যাকারীর মতামত দানের সময় নিজের কোনো কথা তার মতামতের মধ্যে ঢুকিয়ে দেওয়ার থেকে নিজেকে বিরত রেখেছেন? কিংবা পরিচর্যাকারী কোনো কার্যকলাপ অথবা সিদ্ধান্তের বিষয়ে সমালোচনামূলক বক্তব্য দান থেকে নিজেকে বিরত রেখেছেন? | | | | |
| ১১. কোন কিছু বুঝতে পারলে অথবা আরো স্পষ্টভাবে বোঝার জন্য মাথা নাড়ানো, কিংবা বিষয়টা ভিন্নভাবে প্রকাশ করা অথবা কোনো ধরণের প্রতিক্রিয়া পুনর্নিবেদন করেছেন? | | | | |
| ১২. পরিচর্যাকারীকে প্রয়োজনীয় তথ্য ও ধারণা দানের জন্য ধন্যবাদ জানিয়েছেন? | | | | |
| ১৩. যা কিছু শুনলেন তার মধ্যে থেকে প্রধান বিবেচ্য বিষয়গুলো পুনরায় নিরীক্ষা করেছেন এবং ভবিষ্যতেও যে পরিচর্যাকারীর কাছে থেকে আরো তথ্য জানা প্রয়োজন হতে পারে সেটি তাকে জানিয়েছেন? | | | | |
| ১৪. দিনশেষে যেসকল তথ্য নেওয়া হয়েছে তা পুনরায় গুছিয়ে লিখেছেন এবং যে সকল প্রয়োজনীয় তথ্য ইতোপূর্বে যুক্ত করা হয় নি, সেগুলো যুক্ত করেছেন? | | | | |
| ১৫. এইসকল তথ্যসমূহ শিশু ও তার পরিবারের জন্য প্রয়োজনীয় সেবা সহায়তার পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে ব্যবহার করেছেন? | | | | |

# শিশুর বিকাশ

## জন্ম থেকে ৩ মাস

### এই বয়সের গুরুত্ব

প্রথম তিন মাসে নবজাতকরা তাদের মাথা নাড়াতে শিখে এবং তাদের হাত ধীরে ধীরে আরো নিয়ন্ত্রণের সাথে নড়াতে শিখে। মাথা এবং দেহের এই প্রারম্ভিক নড়াচড়া আমাদের দেখায় যে বিকাশ ঠিকমত হচ্ছে - মাথা থেকে ক্রমশ নিচের দিকে নিয়ন্ত্রণসহ নড়াচড়া। এই সাধারণ নড়াচড়া শিশুর নিজস্ব জগতকে বড় করে তোলে, তাদেরকে কাছের ও দূরের পরিবেশে থাকা ব্যক্তি ও বস্তুর প্রতি প্রতিক্রিয়া দেখাতে ও সাড়া দিতে সাহায্য করে–কোন ঝাপটে ওঠা পর্দার শব্দে বা গলার স্বরের দিকে ঘুরে তাকানো। মাথার উপর এই সামান্য নিয়ন্ত্রণই, শিশুদেরকে অস্বস্তিকর কিছুর বিপরীতে সাড়া দিতে সাহায্য করে এবং তাদের নিজেদের ও জগতের উপর নিয়ন্ত্রণ স্থাপনের প্রথম পাঠ প্রদান করে। তারা নিজেদের শরীর সম্পর্কে জানতে শিখে, যদি এই পর্যায়ে, তারা মূলত তাদের হাত ও মাথার বিষয়েই সচেতন থাকে।

নবজাতক শিশুরা অনেক ঘুমিয়ে থাকে! প্রাথমিক সপ্তাহগুলোর মধ্যে চারপাশের নতুন জগতের সাথে তারা নিজেদেরকে মানিয়ে নিতে থাকে। আলো, শব্দ এবং চারপাশে ঘটে যাওয়া কার্যক্রমগুলো তাদেরকে সহজেই ক্লান্ত বা অভিভূত করে ফেলতে পারে এবং ঘুম বা কান্না করাই তখন তাদের জন্য পরিস্থিতির সাথে মানিয়ে নেওয়ার একমাত্র উপকরণ। প্রথম তিন মাসের মধ্যেই নবজাতকরা ক্রমান্বয়ে আরো বেশি সময় ধরে জেগে থাকতে ও সতর্ক থাকতে শিখে এবং ধীরে ধীরে চারপাশে ঘটে যাওয়া সাধারণ জীবনযাপনের উদ্দিপনাসমূহ উপভোগ করার ক্ষমতা বিকাশ করে। তাদের চারপাশের জগতটা অনেক নতুন এবং তাদের পেশি সঞ্চালন ও ইন্দ্রিয় ক্ষমতা বিকাশ করার সাথে সাথে, প্রতিটি দিনই একটি নতুন কিছুর সূচনা করে– অনেক কিছু শেখায়! সেজন্যে, কেবল তিন মাস বয়সেও নবজাতকদের ঘনঘন ঘুমানোর প্রয়োজন পরে।

তারা বুঝতে পারে যে এই জগতটা মজাদার শব্দ, রঙ এবং গতিবিধি দ্বারা পূর্ণ। এই সময়কালে, নবজাতকরা ইন্দ্রিয় সংক্রান্ত তথ্য গ্রহণ করতে শুরু করে, তারা ধীরে ধীরে অধিক সময় জেগে থাকা, সতর্ক থাকা ও মনোযোগ স্থাপনের ক্ষমতা বিকাশ করতে থাকে। এই পর্যায়ের শেষে তাদের মাথা নাড়ানো ও হাত উঠাতে পারার বৃদ্ধিপ্রাপ্ত ক্ষমতাটি তাদেরকে চারপাশের পরিবেশে যে সকল বিষয় তাদের দৃষ্টি আকর্ষণ করেছে সেগুলোর প্রতি ঘুরে তাকানোর মাধ্যমে সাড়া দেওয়ার সুযোগ প্রদান করে। এই পর্যায়ের শেষে তারা যে বস্তুগুলো দেখছে সেগুলোর দিকে নাগাল পেতে ও ছুয়ে দেখতে পারবে। পরিবেশের সাথে এই প্রাথমিক অভিজ্ঞতা ও মিথস্ক্রিয়াগুলো তাদের ইন্দ্রিয় বৃদ্ধি এবং ইন্দ্রিয়সমূহ একত্রে ব্যবহার করার দক্ষতার জন্য ভিত্তি স্থাপন করবে।


নবজাতকদের প্রতিনিয়ত মনোযোগ ও যত্নের প্রয়োজন, তাদের ঘন ঘন খাদ্য প্রদান, ন্যাপি পরিবর্তন এবং ঘুমানো প্রয়োজন। তাদেরকে আরামপ্রদভাবে আগলে ধরা হলে তার ব্যক্তিটিকে পছন্দ করবে এবং আনন্দের সাথেই সবার থেকেই আদর নিবে। শিশুরা মানুষের স্বর ও মুখের দিকে আগ্রহ ও মনোযোগ প্রদানের মাধ্যমে সাড়া দেয়। তাদেরকে কোলে নেওয়া, আলতোভাবে কথা বলা, ছন্দের সাথে দোলা দেওয়ার মাধ্যমে শান্ত করা সম্ভব। শিশুর পরিবেশে থাকা ব্যক্তিদের প্রতিক্রিয়া প্রদানের মান, শিশুর প্রতি তাদের মনোযোগ, শিশুর সাথে তার কিভাবে কথা বলে, স্পর্শ করে, শিশুর কান্না বা আচরণের প্রতি তাদের প্রতিক্রিয়া– এ সকল কিছুই শিশুকে বোধগম্যতার সেই ভিত্তি প্রদান করে যার উপর নির্ভর করে সে মানুষকে বুঝতে শিখে ও প্রতিক্রিয়া দেখায়।

## বিকাশের মাইলফলক বৃত্তঃ জন্মগ্রহণ থেকে ৩ মাস



**স্থূল পেশিসঞ্চালন**

জন্ম গ্রহণের সময় পিঠের উপর শুয়ে থাকাকালীন মাথা পাশাপাশি নাড়াবে
পিঠের উপর শুয়ে থাকার সময় হাত ও পা নাড়াবে
পেটের উপর শোয়ানো হলে মাথা উঁচু করবে (২ মাস)



**বুদ্ধিমত্তা**

আশেপাশের পরিবেশ মুক্তভাবে অনুসন্ধান করে
হাত ও আঙ্গুল অনুসন্ধান করে
অনুভূমিকভাবে মুখমন্ডল অনুসরণ করে





**সূক্ষ্ম পেশিসঞ্চালন**

হাত মুখে দেয়
হাতে আঙ্গুল দিলে আঁকড়ে ধরে
মুষ্টিবদ্ধ হাত খুলতে শুরু করে (২ মাস)



**যোগাযোগ এবং ভাষা**

আনন্দের কু ধ্বনি করেঃ উউহ এবং আআহ
ক্ষুধা লাগলে, অস্বস্তিবোধ করলে বা ভিজে গেলে কান্না করে
প্রাপ্ত বয়স্করা কথা বললে ও তাকিয়ে হাসলে সেও হাসি দেয়



**স্ব নির্ভরতা**

মায়ের স্তন/ বোতল থেকে ভালভাব স্তন্যপান করে
স্তন্যপান, গেলা ও শ্বাস গ্রহণের মাঝে সমন্বয় রাখতে পারে
কোলে নিলে দেহের সাথে আরামে জড়িয়ে যায়
আকস্মিক শব্দে চমকে যায়, পরিচিত স্বরে শান্ত হয়

**সামাজিক আবেগিক**

কোলে তুলে নিলে শান্ত হয়, দেহের কাছাকাছি ধরে থাকা পছন্দ করে
শান্ত-আরামদায়ক গলার স্বরে কান্না বন্ধ করে
মানুষের মুখমন্ডল এবং গলার স্বরে আগ্রহী



## বিবেচনার বিষয়সমূহ

যদি কোন শিশুর কান্না দুর্বল হয়, ফ্যাকাশে দেখায়, স্তন্যগ্রহণে সমস্যা হয় বা তাকে শান্ত করা কঠিন হয় এবং ক্রমাগত কান্না করতে থাকে, স্বাস্থ্য বিষয়ক সমস্যা পরীক্ষা করার জন্য অনুগ্রহ করে মেডিকেল চিকিৎসা সেবার প্রতি রেফার করুন। প্রধান স্বাস্থ্য নির্দেশকগুলো লক্ষ্য করুন; মাথার পরিধি, ওজন, উচ্চতা এবং বৃদ্ধির হার। নিশ্চিত করুন যে সেগুলো *মা-শিশুর সুরক্ষা কার্ডে* লিপিভুক্ত করা হবে এবং সমস্যা সমাধানে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সুস্পষ্ট শারীরিক বা গাঠনিক পার্থক্য, বাহু ও দেহের কমে আসা বা অদ্ভুত নড়াচড়া সহজেই চিহ্নিত করা যায়। স্বাভাবিক অবস্থায় থাকা ছোটখাটো পার্থক্যগুলো যেমন- মাথা সবসময় একপাশে ফিরিয়ে থাকা, অথবা বাহু বা পায়ের পাতা ভিন্নভাবে বেকে থাকা, সহজেই পরামর্শদানের সংক্ষিপ্ত সময়ে লক্ষ্য করা থেকে ফসকে যায়। জিজ্ঞেস করুন যে শিশুটি কি সাধারণত একপাশ থেকেই স্তন্যপান করে থাকে কিনা অথবা কেবল একটি পাশ থেকেই তাকে সহজে বহন করা বা আদর করা যায়– এই সমস্যাগুলো সেই শিশুদের মাঝে দেখা যায় যাদের একটি পাশে পেশির টান বেশি থাকে। অনুগ্রহ করে সম্ভাব্য সমস্যাসমূহ চিহ্নিত করা এবং ইন্টারভেনশন পরামর্শ খুঁজে বের করার জন্য ***"Disabled Village Children, Chapter 6: Guide for Identifying Disabilities"*** রেফার করুন।

প্রায় দুই মাস বছরের শিশুরা পেটের উপর শুয়ে থাকার সময় মাথা উঁচু করতে পারবে এবং তাদের জাগ্রত থাকার অর্ধেক সময়ই মুষ্ঠি খোলা থাকবে। *চলাফেরা ও খেলা করা বিষয়ে উৎসাহিত করতে কিছু সহজ কার্যক্রম করতে পরামর্শ দিন, যেমনটি রয়েছে **Disabled Village Children, Chapter 3: "Early Stimulation and Development Activities"**-এ এবং হাত ব্যবহারে আরো ধারণার জন্য **Fine Motor Resources "Fisted Hands _activity"** রেফার করুন।* শিশুরা যদি এই মাইলফলকগুলোতে বিলম্বতা দেখায়, তাহলে সুস্বাস্থ্যের অন্যান্য নির্দেশকগুলোও পর্যবেক্ষণ করুন, যেমন- ঘুমের অভ্যাস, বিরক্ত হবার মাত্রা এবং স্তন্যপান, এবং প্রয়োজন হলে ক্লিনিক্যাল যত্নের জন্য রেফার করুন। অনুগ্রহ করে ইন্দ্রিয় সমস্যার জন্য বিশেষভাবে পরীক্ষা করুন কেননা সেগুলো প্রায়ই ফসকে যায়। যদি শিশুর ইন্দ্রিয় সমস্যার পাশাপাশি পেশিসঞ্চালনে বিলম্বতাও থাকে তাহলে,*অনুগ্রহ করে আরো তথ্য ও ধারণা প্রদানের জন্য **Multiple Sensory Resources Folder** রেফার করুন।*

যদি শিশুরা স্পর্শ করার মাধ্যমে শান্ত না হয়, স্পর্শকে প্রত্যাখান করে অথবা কিছু নির্দিষ্ট শব্দ বা বস্তুর বয়নের বিষয়ে সংবেদনশীল থাকে, তাদের হয়তো স্নায়ুবিক তথ্য গ্রহণ বা নিবন্ধন করতে সমস্যা হচ্ছে। *এ বিষয়ে নির্দেশনা ও পরামর্শের জন্য **Sensory Resources Folder** রেফার করুন।*

*পেশিসঞ্চালন বিকাশে বিলম্বতা অথবা পেশিরটানে সমস্যা থাকার সাথে প্রায়শই দৃষ্টি বা শ্রবণ প্রতিবন্ধকতা জড়িত থাকে। এই বিষয়গুলো সহজেই লক্ষ্য করা থেকে ফসকে যায় কেননা শিশুটি হয়তো সম্পূর্ণ অন্ধ বা বধির নয় এবং প্রতিক্রিয়ার অভাবকে পেশিসঞ্চালনের ফলাফল হিসেবে দেখা হয়।*

যদি শিশু গলার স্বর বা খুব জোরে আসা শব্দের প্রতি সাড়া না দেয়, তাহলে নিশ্চিত করুন যাতে একটি পূর্ণাঙ্গ শ্রবণ পরীক্ষা সম্পন্ন করা হয়। *পরীক্ষাটি বিষয়ে সহজ নির্দেশনার জন্য **Helping Children who are Deaf, Chapter 5: What can your child hear?** রেফার করুন। ভাষা ও যোগাযোগ বিষয়ে পরামর্শের জন্য একই বই এর অধ্যায় ২, ৩ ও ৪ এবং আরো ধারণার জন্য **"Communication Decision Tree" in the Communication Resources Folder** রেফার করুন।*

যদি শিশু উজ্জ্বল, নকশাদার বা গতিশীল বস্তুর দিকে না তাকায় বা মুখমন্ডলের প্রতি আগ্রহ না দেখায়, তাহলে নিশ্চিত করুন যাতে একটি পূর্ণাঙ্গ দৃষ্টি পরীক্ষা যেন সম্পন্ন করা হয়। *কার্যকরি পরীক্ষার জন্য রেফার করুন* ***"Observational testing of vision" in the Sensory Resources Folder and Helping children who are Blind, Chapter 4 "Finding out what your child can see",*** *একই বই-এর* ***Chapter 5, Activities for the Young Baby*** *এবং* ***"Early Intervention vision Impairment"*** *ও* ***"Early Vision" in the Sensory Resources Folder*** *কিছু কার্যক্রম সম্পর্কে পরামর্শ প্রদান করবে।*

প্রায় দুই মাস হওয়ার পর শিশুটি কথা বেশি বলবে এবং কান্না করা কমিয়ে দিবে। যদি তিন মাস সময়কালেও শিশু হাসি না দেয়, তাহলে দৃষ্টিতে কোন সমস্যা আছে কিনা, শিশুর মানুষের সাথে সচেতনতা বা যোগাযোগ বিষয়ে সমস্যা আছে কিনা অথবা অন্য কোন স্বাস্থ্য বিষয়ক সমস্যা আছে কিনা বিবেচনা করতে হবে। যেকোন শিশুরা বহন করা বা কোলে নেওয়া পছন্দ করে না তাদের হয়তো স্নায়ুবিক তথ্য গ্রহণ, স্নায়ুবিক সহনশীলতা বা স্নায়ুবিক উপলব্ধির ক্ষেত্রেও সমস্যা থাকতে পারে। রোগ নির্ণয় হয়তো সময় নিতে পারে, কিন্তু এই সময়কালে, *শিশুর সাথে সম্পর্ক গড়ে তোলার কিছু কৌশলের জন্য রেফার করুন* ***Communication in children with multiple disabilities and Infant Massage*** *।*

> *যেকোন বয়সেই কোন দক্ষতা হ্রাস পাওয়া বা হারিয়ে যাওয়া একটি চিন্তার বিষয় এবং শিশুটিকে অবশ্যই ক্লিনিক্যাল মূল্যায়নের জন্য রেফার করতে হবে।*

## খেলার মাধ্যমে ইন্টারভেনশন



এটা হচ্ছে সেই বয়স যখন শিশুরা তার চারপাশের জগতের প্রতি ধীরে ধীরে জেগে উঠতে থাকে। তাদের অনেক নিরবতাবহুল সময় প্রয়োজন, যেসময়ে তারা পর্যবেক্ষণ করতে পারে ও নিজেদের অভিজ্ঞতাগুলো নিবিষ্ট করে নিতে পারে। এছাড়াও তাদের প্রয়োজন মানুষের উষ্ণতা ও সংবেদনশীলতা। শিশুকে কোলে নেওয়া, মৃদুভাবে দোলা দেওয়া, গান গাওয়া বা তাদের সাথে আলতোভাবে কথা বলা এসকল কিছুই নিরাপত্তা অনুভব করাতে এবং প্রাথমিক মিথস্ক্রিয়া গড়ে তোলার চমৎকার উপায়।


শিশুটি মাথার উপর কিছুটা নিয়ন্ত্রণ লাভ করলে, প্রাপ্ত বয়স্করা শুয়ে থেকে শিশুটিকে বুকের উপর রেখে তার সাথে কথা বলার মাধ্যমে মাথা তুলতে উৎসাহিত করতে পারেন। এভাবে একসাথে শুয়ে থাকার মাধ্যমে, শিশুটির সাথে কথা বলা গান গাওয়ার সময় প্রাপ্তবয়স্ক ব্যক্তি শিশুর হাত নিজের মুখ বা গলার উপর রাখতে পারেন। এটি শিশুর মাঝে অন্য ব্যক্তিদের বা নিজের সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করবে।






যখন শিশুটি একা থাকবে, পেশির টান কমানো, দৃষ্টিগত মনোযোগ আকর্ষণ এবং দেহ সম্পর্কে সচেতনতা বিকাশের জন্য পাশ ফিরে শোয়া একটি চমৎকার অবস্থান।

এমন খেলনা নির্বাচন করুন যাতে বড় আকারের নকশা, উজ্জ্বল বিসদৃশ রঙ যেমন- হলুদ ও কালো বা লাল ও সাদা, এমন রয়েছে। বিভিন্ন প্রকারের পদার্থের বয়ন ব্যবহার করুন– কাপড় এবং কাঠের অন্তর্ভুক্ত করণ তার একটি গুরুত্বপূর্ণ উপাদান। নানান রকমের মজাদার শব্দ ব্যবহার করুন– কোমল, সঙ্গীতপূর্ণ, ছন্দময় ও চমকে দেওয়ার মত, যেমন একটি চি-চি শব্দ করা খেলনা। শুধু খেয়াল করবেন যাতে খেলনাগুলো **নিরাপদ** হয়!



শিশুদের মাঝে স্থান সম্পর্কে ধারণা বিকাশের জন্য তাদের কাছাকাছি এমন কিছু খেলনা রাখুন যা শিশুটি দেখতে পাবে, শুনতে পাবে বা নাগাল পাবে, এবং কিছু খেলনা রাখুন একটু দূরে এবং সেগুলো বুঝতে পারার মত বড় আকারের হতে হবে- যেমন একটি উজ্জ্বল পর্দা বা একটি বড় মোবাইল। শিশুর চলাফেরার সকল সীমাবদ্ধতা সম্পর্কে সচেতন থাকুন এবং নিশ্চিত করুন যে খেলনা এজন্যেই রাখা হয়েছে যাতে শিশু উপভোগ করতে পারে- সেগুলো মাদুরের সাথে আটকে দিন বা দৃষ্টি, শ্রবণ, স্পর্শের সীমার মাঝে ঝুলিয়ে দিন।



*গৃহজাত খেলনা সম্পর্কে ধারণা রয়েছে **Disabled Village Children: Chapter 49: A children's workshop for making Toys**। প্রাথমিক পর্যায়ে খেলার কার্যক্রম ও খেলনা সম্পর্কে পরামর্শ রয়েছে অধ্যায় ৩৫-এ। ইন্দ্রিয় প্রতিবন্ধকতা থাকা শিশুদের জন্য খেলনা ও ইন্টারভেনশন বিষয়ে ধারণা রয়েছে **Learning through Play in the Play and Cognitive Resources folder**।*

## ৩ মাস থেক ৬ মাস

**এই বয়সের গুরুত্ব**

তিন মাস বয়সের শেষে, শিশু মাথা এবং ধড় স্থিতিশীল রাখতে সমর্থ হয় এবং তাই সে তার চোখ এবং হাত আরো কার্যকরভাবে ব্যবহার করতে পারে। হাতের উপর নিয়ন্ত্রণ বৃদ্ধি পাওয়ার অর্থ হচ্ছে শিশু এখন আরো সহজে বস্তুর নাগাল পেতে পারবে। এখন যেহেতু তারা মুষ্ঠি নিজেদের নিয়ন্ত্রনে আরো বেশিবার খুলতে পারে, তারা এখন বস্তু আঁকড়ে ধরে কাছে নিয়ে আসতে পারে, নিজেদের হাত ও মুখ ব্যবহার করে অনুসন্ধান করতে পারে। প্রত্যক্ষ স্পর্শ এবং নিয়ন্ত্রণের মাধ্যমে শিশুরা যা দেখছে তা আরো ভিন্নভাবে উপলব্ধি করতে পারে। দৃষ্টি ধীরে ধীরে স্পর্শের অনুভূতিগুলোকে আরো সমৃদ্ধ অর্থ প্রদান করে। এই অভিজ্ঞতাগুলো স্নায়ুবিক তথ্য বুঝতে পারা ও প্রক্রিয়াকরণ করার জন্য কৌশলগুলোর ভিত্তি স্থাপন করে।

শিশুরা তাদের হাত দিয়ে আরেকটি গুরুত্বপূর্ণ আবিষ্কার করে থাকে- তারা তাদের হাত দেখতে পায়, নিজের হাত স্পর্শ করে এবং ধীরে ধীরে বুঝতে পারে নিজের দেহ স্পর্শ করা এবং চারিপাশের পরিবেশে দৃশ্যমান কোন বস্তু স্পর্শ করার পার্থক্য কি। প্রতি মাসেই পেশি সঞ্চালন ক্ষমতা বৃদ্ধি পায় এবং তাদের ধড়ের শক্তি বৃদ্ধি পাওয়ার সাথে সাথে তারা পা–ও তুলতে, ধরে রাখতে, অনুভব করতে এবং পর্যবেক্ষণ করতে পারে। তারা পা উপরে তুলে ও দেহ একপাশে ফেলে অথবা হাতে বল প্রয়োগের মাধ্যমে দেহ তুলে ধরার মাধ্যমে তারা মাধ্যাকর্ষণ নিয়ে গবেষণা করে। এই আবিষ্কারগুলো নিজের দেহ নিয়ে পুনরাবৃত্তিকভাবে খেলা করা ও পরীক্ষা করার মাধ্যমে প্রক্রিয়াকরণ করা হয়। এই সকল কার্যক্রমই তাদের ধড়কে আরো শক্তিশালী করে, যা তাদেরকে ছয় মাসের মধ্যে সহায়তার সাহায্যে বসতে সমর্থ করে।

পেশি সঞ্চালন ক্ষমতা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে, নবজাতকরা প্রথম তিন মাসের ন্যায় স্বভাবজাত দৃঢ় উদ্দীপনার বশে কোন কিছুতে জড়ানোর পরিবর্তে এখন তারা নিজেদের আগ্রহের বিষয়ের উপর মনোযোগ স্থাপনে সমর্থ হয়। এই নিয়ন্ত্রণ বৃদ্ধির ফলে আমরা নিজের, অন্যদের এবং বস্তুদের প্রতি শিশুর তীব্র অনুসন্ধান বৃদ্ধি দেখতে পাই। তিন মাস এবং ছয় মাসের মাঝামাঝি, বিশেষ করে দৃষ্টি ও পেশি সঞ্চালন ব্যবস্থা একে অপরকে প্রভাবিত করার মাধ্যমে স্নায়ুবিক উপলব্ধির পরিমার্জন এবং বিকাশকে উৎসাহিত করে। এমন কিছুর নাগাল পাওয়ার চেষ্টা করার মাধ্যমে যা তাদের দৃষ্টি আকর্ষণ করেছে শিশুদেরকে দূরত্ব তুলনা করার দুইটি পদ্ধতি প্রদান করে- বস্তুটি কত দূরে দেখাচ্ছে এবং সেটি বাস্তবে কত দূরে রয়েছে।

এই পর্যায়ে শিশুরা তাদের সামাজিক জগত সম্পর্কে সচেতনতার ক্ষেত্রে চমকপ্রদভাবে বৃদ্ধি লাভ করে। তারা মুখমন্ডলের উপর অনেক মনোযোগ প্রদান করে এবং মুখ ও চোখের নড়াচড়া ও মুখের অঙ্গভঙ্গির পরিবর্তন লক্ষ্য করার ক্ষেত্রে মনোযোগ প্রদান করে। তাদের যোগাযোগ করার ইচ্ছা বৃদ্ধি পায়, এবং এই পর্যায়ের মাঝেই নবজাতকরা নিজের গলার স্বর (কান্না করা, ঘোত-ঘোত শব্দ করা) এবং মুখের অঙ্গভঙ্গি ব্যবহার করে মানুষের মনোযোগ আকর্ষণ করতে চায়, এবং মনোযোগ পেলে তারা সেটি অতিশয়ভাবে উপভোগ করে। শিশুরা গলার স্বরের উপর ভিত্তি করে মানুষের আবেগ চিনতেও শুরু করে। শিশুরা পারস্পরিক দেহভিত্তিক খেলা ভালবাসে এবং আনন্দে দুলে উঠা ও হাসার মাধ্যমে সাড়া দেয় ও খেলা চালিয়ে যেতে বলে।

এসময় শিশুরা সেই লক্ষণসমূহ বুঝতে পারে যে তাদেরকে এখন খাবার খাওয়ানো হবে, তারা খাবার খাওয়ানোর সাথে সম্পর্কিত শব্দ শুনতে পেলে বা খাবার জন্য ব্যবহার্য বাসন দেখতে পেলে লালা ফেলার মাধ্যমে, ঠোঁট চাটা এবং অঙ্গভঙ্গির মাধ্যমে সাড়া প্রদান করে। তারা প্রাথমিক পর্যায়ে বিদ্যমান চুষা-গেলা প্রক্রিয়া থেকে সরে আসে এবং খাবার ও পানীয় নিতে ও ধরে রাখতে তাদের জিহ্বা ও ঠোঁট সক্রিয়ভাবে ব্যবহার করে।

## বিকাশের মাইলফলক বৃত্তঃ ৩ মাস থেকে ৬ মাস



**স্থূল পেশিসঞ্চালন**

পেটে শুয়ে থাকা অবস্থায় পুরো হাতের উপর ভর নিয়ে মাথা উঁচু করতে পারে।

পেট থেকে পিঠে এবং পিঠ থেকে পেটে গড়াতে পারে

ধড়ের সাহায্যে বসতে পারে



**যোগাযোগ এবং ভাষা**

উচ্চস্বরে হাসে এবং চিৎকার করে

গলা ও ঠোটের সাহায্যে আওয়াজ করে খেলে, কয়েকটি সুর ব্যবহার করে

প্রাপ্তবয়স্ক ব্যক্তিরা তাদের দিকে কথা বললে হাসি দিলে শোনে এবং এরপর উচ্চারণের চেষ্টা করে



**সামাজিক আবেগিক**

কোলে নেওয়ার সময় প্রত্যাশিত উৎসাহ দেখায়

রাগান্বিত বা বন্ধুত্বসুলভ স্বরের প্রতি বুঝতে পারে/সাড়া দেয়

নিজের অনুভূতি কণ্ঠস্বরের সাহায্যে উচ্চারণের চেষ্টা করে



**সূক্ষ্ম পেশিসঞ্চালন**

হাতে তালি দেয়, নিজের আঙ্গুল ও পায়ের পাতা নিয়ে খেলা করে

খেলনা নেওয়ার জন্য এগিয়ে যায় ও ধরে

একটু অসতর্ক থাকে কিন্তু নিজ ইচ্ছায় খেলনা ছাড়তে পারে





**বুদ্ধিমত্তা**

মুখে নেওয়া, বারি দেওয়া এবং ঝাঁকানোর মাধ্যমে বস্তু অনুসন্ধান করতে চায়

হাসি দেয়, কণ্ঠস্বর নকল করে, আয়নার সামনে গালে বারি দেয়

লুক্কায়িত গলার স্বরের দিকে ফিরে তাকায়




**স্ব নির্ভরতা**

খাবার বাসনকোসন দেখে চিনতে পারে

মাখানো এবং নরম করে দেওয়া খাবার চিবায়

খাবার ও পানীয় মুখে নিতে ও গেলার জন্য জিহ্বা ও ঠোট ব্যবহার করে

## বিবেচনার বিষয়সমূহ

এই বয়সে আপনার অনেক চলাফেরা দেখতে পাওয়া উচিৎ, তাই নিষ্ক্রিয় শিশুদের পূর্ণাঙ্গ পরীক্ষা করার দরকার রয়েছে। শিশুটিকে শুইয়ে দেখুন যে দেহের নড়াচড়া, গঠন ও শ্রেণিবিন্যাসে কোন পার্থক্য রয়েছে কিনা এবং সরাসরি ইন্টারভেনশনের জন্য রেফার করুন। সমস্যা চিহ্নিত করতে এবং পরামর্শ খুঁজে পেতে ***Disabled Village Children, Chapter 6: Guide for Identifying Disabilities*** *রেফার করুন।*

*যে কোন বয়সেই দক্ষতা হ্রাস পাওয়া বা হারিয়ে যাওয়া একটি সমস্যার বিষয় এবং সেক্ষেত্রে শিশুকে অবশ্যই ক্লিনিক্যাল মূল্যায়নের জন্য রেফার করতে হবে।*

যদি শিশু না গড়ায় বা মাথার নিয়ন্ত্রণ না আসে, এটা পেশি সঞ্চালন প্রতিবন্ধকতা বা দৃষ্টি প্রতিবন্ধকার প্রতি নির্দেশ করতে পারে। যে সকল শিশুদের মাথার বৃহৎ পরিধি রয়েছে তাদেরও প্রায় ক্ষেত্রেও এই সমস্যাগুলো থাকবে। নিশ্চিত করুন যে প্রয়োজনীয় মেডিকেল পরীক্ষাগুলো যেন সম্পন্ন করা হয়। *চলাফেরা ও খেলা করা বিষয়ে উৎসাহ প্রদানের জন্য* ***Disabled Village Children, Chapter 3: "Early Stimulation and Development Activities"–*** *থেকে কার্যক্রমসমূহ সুপারিশ করুন। অবস্থান নির্ধারণ বিষয়ে ধারণা প্রদানের জন্য* ***"Postural support" in the gross motor resources folder*** *রেফার করুন।*

যদি পেটের উপর স্থাপন করার পর শিশুটি কনুই বা হাতের উপর ওজন স্থাপন করে উপরের দিকে ধাক্কা না দেয় অথবা যদি আপনি দেখেন যে শিশুর হাত সকল অবস্থাতেই মুষ্ঠিবদ্ধ রয়েছে, এসকল কিছুই সমস্যার দিকে চিহ্নিত করে। চেক করে দেখুন যে শিশুটি তার পেটের উপর শুয়ে থেকে খেলা করার পর্যাপ্ত সুযোগ পেয়েছে কিনা এবং বসার জন্য ভাল সহায়তা পেয়েছে এবং শিশুটি খালি হাতে খেলা করার যথেষ্ট সুযোগ পেয়েছে কিনা- সারাদিন হাত মোজা পরে থাকা বা শিশুকে এমনভাবে কাপড়ে জড়িয়ে রাখা যার ফলে তার হাত মুক্ত থাকে না এমন পরিস্থিতি শিখনের সুযোগকে সীমাবদ্ধ করে ফেলে।

যদি কোন শিশুর কান্না দুর্বল হয়, ফ্যাকাশে দেখায়, স্তন্যগ্রহণে সমস্যা হয় বা তাকে শান্ত করা কঠিন হয় এবং ক্রমাগত কান্না করতে থাকে, স্বাস্থ্য বিষয়ক সমস্যা পরীক্ষা করার জন্য অনুগ্রহ করে চিকিৎসা সেবার প্রতি রেফার করুন। প্রধান স্বাস্থ্য নির্দেশকগুলো লক্ষ্য করুন; মাথার পরিধি, ওজন, উচ্চতা এবং বৃদ্ধির হার। নিশ্চিত করুন যে সেগুলো *মা-শিশুর সুরক্ষা কার্ডে* লিপিভুক্ত করা হবে এবং সমস্যা সমাধানে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শিশুকে হাতের উপর ভর নেওয়ার অনেক সুযোগ প্রদান করুন- উদাহরণস্বরূপ, একটি নরম খেলনা বা স্পঞ্জ বল এর বিপরীতে চাপ দেওয়া, আপনার কোলে শিশুটিকে তার পেটের উপর স্থাপন করুন এবং আলতোভাবে তাকে সামনের দিকে দোলাতে থাকুন যাতে তার হাত মেঝের বিপরীতে চাপ দিতে থাকে। *পরামর্শের জন্য* ***"Fisted Hands activity" in the Fine Motor Resources Folder*** *রেফার করুন।* যদি পর্যাপ্ত অভিজ্ঞতা অর্জনের পর্যাপ্ত সুযোগ থাকা সত্ত্বেও শিশুটির হাত মুষ্টিবদ্ধ থাকে, তাহলে পেশির টানের ভারসাম্যহীনতার অন্যান্য লক্ষণ খুঁজে দেখুন। *মূল্যায়ন ও পরামর্শের রিসোর্সের জন্য* ***Disabled Village Children, Chapter 6: Guide for Identifying Disabilities*** *রেফার করুন। সেরিব্রাল পালসি থাকা শিশুদের জন্য ধারণা প্রদানে* ***"Positioning, handling, carrying a young child" in the Gross Motor Resources Folder*** *রেফার করুন।*

যদি শিশুর বাহুর সীমার মধ্যে ঝুলতে থাকা বস্তুর নাগাল পেতে না এগোও, চিন্তা করে দেখুন যে আসলে শিশুটি সেই বস্তু দেখতে পাচ্ছে কিনা। এটা পেশি সঞ্চালন প্রতিবন্ধকতার কারণেও হতে পারে, তাই অন্যান্য লক্ষণ খুঁজে দেখার চেষ্টা করুন যেমন শিশুটি উভয় হাত মাঝখানে নিয়ে খেলা করছে না বা মুখে হাত পুরছে না। আপনার শুরু করার জন্য কিছু পরামর্শ রয়েছে ***Disabled Village Children, Chapter 3: "Early Stimulation and Development Activities", Chapter 5, Activities for the Young Baby in "Helping Children who are Blind" and "Early Intervention vision Impairment" in the Sensory Resources Folder***।

শিশুরা অবশ্যই মানুষের যোগাযোগের প্রতি আনন্দ প্রদর্শন করে করবে এবং গলার স্বর, সুর ও অভিব্যক্তির পার্থক্য বুঝতে পারবে এগুলোর প্রতি মনোযোগ দিবে। যদি এক্ষেত্রে বিলম্বতা দেখা যায়, তবে শিশুর দৈনন্দিন রুটিন অনুসন্ধান  করে দেখুন যে সে সামঞ্জস্যপূর্ণ যত্নগ্রহণের পর্যাপ্ত সুযোগ পাচ্ছে কিনা। যে সকল শিশু ধরতে গেলে প্রতিরোধ প্রদর্শন করে, অথবা যারা কিছু চুষতে দেওয়ার পরও সহজে শান্ত হয় না, তাদের হয়তো স্নায়ুবিক তথ্য গ্রহণ ও প্রক্রিয়াকরণ করতে সমস্যা রয়েছে। *সম্ভাব্য সমস্যা অনুসন্ধানের জন্য রেফার করুন* ***"Sensory Processing Disorder Checklist" in the Sensory Resources folder & Normal Development of Speech Language and Communication*** *। প্রাথমিক পর্যায়ে সম্পর্ক স্থাপনের ধারণা পাওয়া যাবে* ***"Communication Decision Tree" in the Communication Folder & the Sensory Resources & Multiple Sensory Impairment Folders***।

যদি শিশু পরিচিত মুখ দেখে চিনতে না পারে, মুখের অভিব্যক্তির প্রতি মনোযোগ দিতে ও নকল করতে না পারে, অথবা খেলনার দিকে না তাকায় তাহলে দৃষ্টি সমস্যার কথা বিবেচনা করে দেখুন। *পরীক্ষার জন্য রেফার করুন* ***"Observational testing of vision" in the Sensory Resources Folder and Helping children who are Blind, Chapter 4 "Finding out what your child can see"*** *। কার্যক্রম বিষয়ে পরামর্শ রয়েছে একই বইয়ের* ***Chapter 5, Activities for the Young Baby*** *এবং* ***"Early Intervention vision Impairment" in the Sensory Resources Folder***।

দুর্বল বা উচ্চারণ করে না, সুরে পরিবর্তন না আসা এবং গলার স্বরে বা আকস্মিক শব্দে মনোযোগ না দেওয়া বা অনিশ্চিতভাবে মনোযোগ দেওয়া শ্রবণে সমস্যার লক্ষণ হতে পারে। *অনুগ্রহ করে পরীক্ষার জন্য রেফার করুন* ***Helping Children who are Deaf, Chapter 5: What can your child hear?*** *এর সাথে কার্যক্রমের পরামর্শের জন্য রেফার করুন একই বইয়ের অধ্যায় ২,৩ ও ৪ এবং* ***"Communication Decision Tree" in the Communication Resources Folder***। দুর্বল উচ্চারণ এর সাথে দুর্বলভাবে চোষা বা জিহ্বার প্রসারণ স্বর সংকান্ত্র সমস্যার লক্ষণ হতে পারে। *রেফার করুন* ***Disabled Village Children, Chapter 9: Cerebral Palsy***।

*পেশি সঞ্চালন বিকাশে বিলম্বতা অথবা পেশির টানে সমস্যা থাকার সাথে প্রায়শই দৃষ্টি বা শ্রবণ প্রতিবন্ধকতা জড়িত থাকে। এই বিষয়গুলো সহজেই লক্ষ্য করা থেকে ফসকে যায় কেননা শিশুটি হয়তো সম্পূর্ণ অন্ধ বা বধির নয় এবং প্রতিক্রিয়ার অভাবকে পেশি সঞ্চালনের ফলাফল হিসেবে দেখা হয়।*

## খেলার মাধ্যমে ইন্টারভেনশন




এই পর্যায়ে শিশুরা এখনও প্রাথমিকভাবে প্রাপ্তবয়স্কদের সাথে খেলা করতে ভালবাসে বা তারা নিজেদের চারপাশে থাকা খেলনা ও বস্তুসমূহ দিয়েই আনন্দ লাভ করবে। তারা প্রাপ্ত বয়স্কদের বিভিন্ন মুখভঙ্গি করতে দেখে এবং চাপা হাসি দেয় বা উচ্চস্বরে হেসে উঠে। সেবাদানকারীদের তাদের শিশুদের সাথে মুখোমুখি বসে খেলা করার জন্য উৎসাহিত করুন। তারা গান শুনতে ভালবাসে, এবং তারা দেখবে ও এমনকি যেসকল ছন্দে নড়াচড়া, ক্রিয়াকলাপ ও শব্দ রয়েছে সেগুলো ক্রিয়াকলাপ নকল করতেও শুরু করবে। কাতুকুতু খেলা, তাদের সাথে বিছানা বা মাদুরে গড়ানো এবং বাতাসে তুলে ধরা ইত্যাদি খেলা তাদেরকে নড়াচড়া ও মাধ্যাকর্ষণ শক্তির বিপরীতে নড়াচড়া করা বিষয়ে মজাদার ও নিরাপদ উপায়ে অভিজ্ঞতা দিবে। এই খেলাগুলো বিশ্বাস ও সম্পর্ক গড়ে তুলে এবং শিশুদেরকে তাদের জীবনে স্থায়ীভাবে বিদ্যমান ব্যক্তিদের চিহ্নিত করতে সাহায্য করবে।


এই পর্যায়ে নড়াচড়া এবং বস্তু নিয়ে অনুসন্ধান করা খুবই গুরুত্বপূর্ণ। নিশ্চিত করুন যাতে শিশু খেলার সময় বিভিন্ন অবস্থানে অভিজ্ঞতা অর্জনের সুযোগ পায়- পেটের উপর শুয়ে থাকা এবং বুকের নিচে ছোট তোয়ালে পেচানো থাকবে, পিঠের উপর শুয়ে থাকা এবং চারপাশে খেলনা ছড়ানো থাকবে, অথবা প্রাপ্তবয়স্কের কোলে সহায়তা নিয়ে বসে থাকা। তার নাগালের মধ্যে খেলনা রাখুন, এবং কিছু পছন্দের খেলনা নাগালের বাইরে রাখুন, যাতে তারা উন্মুক্ত স্থানের দিকে এগিয়ে যেতে উৎসাহিত হয়।



শিশুরা ঘরে ও বাহিরে হাটার সময় প্রাপ্তবয়স্কদের কোলে বহন করা ভালবাসে। এভাবে বহন করার সময় তারা চারপাশের জগত পর্যবেক্ষণ করার এবং তাদের ভারসাম্য ও ধড়ের শক্তি বৃদ্ধি করার জন্য অনেক সুযোগ পেয়ে থাকে।



এই পর্যায়ে শিশুরা, ব্যক্তি ও বস্তুদের সাথে খেলার মাধ্যমে শিখে থাকে। তাদের চারপাশে খেলনা এবং ঘর থেকে নিরাপদ গৃহস্থালি বস্তু যেমন রান্নাঘর থেকে বাটি বা কাপ এনে স্থাপন করুন। বিভিন্ন আকার, আকৃতির এবং পদার্থের বস্তু তাদের ছোট হাতগুলোকে আঁকড়ে ধরা ও ধরে থাকার জন্য প্রচুর অনুশীলন প্রদান করে। যে সকল বস্তু আওয়াজ করে এবং যাতে নড়াচড়া করে এমন অংশ রয়েছে সেগুলো শিশুদের মনোযোগ আকর্ষণ করে, অনুসন্ধানকে উৎসাহিত করে এবং তারা বস্তুর বিশদ বৈশিষ্ট্য উপলব্ধি করতে শেখে। তাদের সাথে দেওয়া-নেওয়া খেলা করা তাদেরকে আঁকড়ে ধরা, ধরে থাকা এবং বস্তু ছেড়ে দেওয়া বিষয়ে অনুশীলন প্রদান করে।





*গৃহজাত খেলনা বিষয়ে ধারণা অন্তর্ভুক্ত রয়েছে **Disabled Village Children: Chapter 49: A children's workshop for making Toys**।*

## ৬ মাস থেকে ৯ মাস

**এই বয়সের গুরুত্ব**

এই বয়সে শিশুরা অধিক সময়ের জন্য সচেতন ও সজাগ থাকে। তারা বিভিন্ন মজাদার কার্যক্রমের মাঝে সহজেই বদলি করতে পারে এবং দীর্ঘ সময়ের জন্য মনোযোগ ধরে রাখতে পারে। সেসকল শিশুরা তাদের প্রাথমিক মাসগুলোতে দৃঢ়ভাবে রুটিন অনুসরণ করেছে তারা চারিপাশের পরিবেশ সম্পর্কে সচেতনতা দেখাবে এবং রুটিন চিনতে পারবে। শিশুরা পরিচিত স্থানগুলো চিনতে পারবে এবং পরিবেশে আসা নতুন বিষয়গুলো লক্ষ্য করতে পারবে। যেহেতু তারা বুঝতে শুরু করে যে সামাজিক ও বাস্তবিক দুনিয়া কিভাবে সংগঠিত হচ্ছে, তারা লক্ষ্য করতে পারে যে কি অনুপস্থিত রয়েছে, এবং তাই তারা ঘরে অনুপস্থিত ব্যক্তিদের এবং দৃষ্টিসীমার বাইরে চলে যাওয়া বস্তুগুলো অনুসন্ধান করে।

এই বয়সের শিশুরা পারস্পরিক যোগাযোগ ভালবাসে, তারা পরিচিত ব্যক্তিদের ও গলার স্বর চিনতে পারে এবং তারা পছন্দের ব্যক্তির কাছে নিজ ইচ্ছাতেই যাবে। শিশুটি মনোযোগ পাওয়া ও ধরে রাখার জন্য ইচ্ছাকৃতভাবে কণ্ঠস্বর অনুকরণ করে যাবে, চিৎকার করে বা ডাক দিয়ে মনোযোগ আকর্ষণের চেষ্টা করবে, শুনবে এবং আবার ডাক দিবে। শিশুরা পরিচিত স্বর বা শব্দের দিকে সাড়া দেওয়ার জন্য নড়াচড়া থামাবে এবং সেই ব্যক্তির দিকে ফিরে তাকাবে। নিজেদের বিষয়ে তাদের সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং তারা নিজেদেরকে আয়নায় চিনতে পারবে, নিজেদের পরীক্ষা করবে এবং হাসি দিবে।

ভাল প্রাথমিক চলাফেরার অভিজ্ঞতা নিশ্চিত করবে যে শিশুরা মাধ্যাকর্ষণ শক্তির বিপরীতে এখন সহজেই চলাফেরা ও খেলাধুলা করতে পারছে। তারা স্বাধীনভাবেই বসতে পারে, এবং খেলা করার জন্য তাদের হাত মুক্ত। শুয়ে থাকা এবং বসার মাঝে নড়াচড়া করার মাধ্যমে শিশুরা অনুভূমিকভাবে যে দুনিয়া দেখে অভ্যস্ত তার সাথে নতুন উলম্ব দৃষ্টিকোণের সম্পর্কে বুঝতে পারে। প্রতিনিয়ত অনুভূমিক ও উলম্ব তলের এই পরিবর্তন দেখার ফলে তারা বুঝতে পারে যে বস্তু ভিন্ন ভঙ্গি থেকে দেখা গেলেও বস্তুগুলি একই থাকে। খেলা করা এবং বিভিন্ন অবস্থান ও চলাফেরার সাথে স্বাধীনভাবে গবেষণা করা হচ্ছে এই বয়সে শিখন এবং ইন্দ্রিয় পেশি সঞ্চালন প্রক্রিয়াকরণের জন্য মূল উপাদান।

তাদের চোখ এখন একসাথে বেশ ভাল কাজ করে এবং খুব সহজেই কাছের ও দূরের বস্তুর দিকে দৃষ্টি নিবন্ধন করতে পারে। তারা ছোট বস্তু এবং খুঁটিনাটি বিষয় এবং বৃহৎ বস্তুর অংশসমূহের দিকে আগ্রহ বোধ করে। তাদের বৃদ্ধিপ্রাপ্ত হাতের দক্ষতার মানে হচ্ছে তারা এখন যে বস্তুগুলি তাদের মনোযোগ আকর্ষণ করে সেগুলো আঁকড়ে ধরতে পারে, ছাড়তে পারে এবং হাত ব্যবহার করে তুলতে পারে, ধরে রাখতে পারে এবং নিয়ন্ত্রণ করতে পারে। তাদের মৌখিক কাঠামো বিকশিত হওয়ার সাথে সাথে তাদের স্বর উচ্চারণ ও অনুকরণের বিভিন্নতা বৃদ্ধি পায়। শিশুদেরকে এখন নরম করা খাবারের সাথে পরিচিত করানো যাবে এবং তাদের হাতে শক্ত রুটির খন্ড দেওয়া যেতে পারে যদিও তারা নরম মাড়ি দিয়ে কেবল আচড় কাটা ছাড়া কিছুই করতে পারবে না।

পেশি সঞ্চালন নিয়ন্ত্রণ বৃদ্ধি পাওয়া আরো প্রকাশ করে করে যে শিশুর ভারসাম্য বিকশিত হচ্ছে, বাহুর নাগালের বাইরে থাকা খেলনা ও বস্তু দেখলে তারা নাগাল পেতে এগিয়ে যেতে পারে। যেহেতু শিশু এখন তার পেটের উপর ভর দিয়ে চলাফেরা করতে পারে তাই যে জগতটুকু সে স্বাধীনভাবে অনুসন্ধান করতে পারত তার পরিমাণ বৃদ্ধি পেয়েছে। লক্ষ্যপূর্ণ চলাফেরা তাদের দূরত্ব, অবস্থান এবং দিক বিষয়ক দৃষ্টিভঙ্গি বিকাশ করতে সাহায্য করে। এই সকল নতুন পেশি সঞ্চালন দক্ষতা শিশুদের একটি অর্জন এবং ক্ষমতার ধারণা বিকাশ করতে সাহায্য করে যেহেতু তাদের নিজেদের এবং পরিবেশের উপর অনেকগুলো ইতিবাচক নিয়ন্ত্রণ স্থাপনের অভিজ্ঞতা রয়েছে।

## বিকাশের মাইলফলক বৃত্তঃ ৬ মাস থেকে ৯ মাস



**স্থুল পেশি সঞ্চালন**

পায়ের ভর নিতে পারে ও লাফাতে পারে
পেটের উপর ভর করে সামনের দিকে আগাতে পারে (৬ মাস)
দুই হাত ও হাঁটুর উপর ভর দিয়ে (হামাগুড়ি) অবস্থান নিতে পারে (৯ মাস)
হাতের উপর ভর দিয়ে কিছু সময় বসতে পারে (৬ মাস)
কোন সহায়তা ছাড়াই মেঝেতে বসতে পারে, খেলার জন্য হাত স্বাধীন থাকে (৯ মাস)



**বুদ্ধিমত্তা**

খেলনা নিরবে পড়ে গেলে নিচে তাকায়
মায়ের মুখ থেকে আবরণ সরিয়ে "টুকি" খেলা করে
পরিচিত ব্যক্তিদের দিকে এবং নাম নেওয়া হলে বস্তুর দিকে তাকিয়ে থাকে







**সূক্ষ্ম পেশিসঞ্চালন**


এক হাত থেকে অন্য হাতে খেলনা বদল করে
রেডিয়াল পালমার পদ্ধতিতে বস্তু আঁকড়ে ধরতে পারে
ছোট বাটি বা কাপ থেকে বস্তু তুলতে পারে

**সামাজিক আবেগিক**

ঘরে অনুপস্থিত পরিচিত ব্যক্তিদের খোজ করে
নতুন পরিস্থিতিতে প্রাপ্ত বয়স্কদের অভিব্যক্তিতে সাড়া দেয়।
পরিচিত প্রাপ্ত বয়স্কদের পছন্দ করে অপরিচিতদের প্রতি উদ্বেগ দেখায়







**যোগাযোগ এবং ভাষা**

নিজের নামে সাড়া দেয়
নতুন অঙ্গভঙ্গি অনুকরণ করে, "টা-টা" হাত নাড়ে
আঙ্গুলের নির্দেশনা অনুসরণ করে

**স্ব নির্ভরতা**

খাবারে কামড় দেয়, শক্ত খাবারের উপর মাড়ি ব্যবহার করে (শক্ত রুটি বা বিস্কুট)
কিশমিশের মত ছোট বস্তু দেখলে হাত দিয়ে চিরুনি কাটে, আঙ্গুল দিয়ে নিজেই খায়
রাতে ১০-১২ ঘন্টা ঘুমায়- একবার স্তন্যপানের জন্য জাগতে পারে

## বিবেচনার বিষয়সমূহ

যে শিশুরা খেলনা নাগাল পেতে বা নিজের দিকে টেনে আনার চেষ্টা করছে না, অথবা চারিপাশের মানুষ বা বস্তুর দিকে সক্রিয়ভাবে এগিয়ে যাচ্ছে না, তাদের আরো পরীক্ষা করা এবং মনোযোগ প্রদান করা প্রয়োজন। প্রধান স্বাস্থ্য নির্দেশকগুলো চেক করুন, মাথার পরিধি, ওজন, উচ্চতা এবং তাদের বৃদ্ধির হার। নিশ্চিত করুন যাতে তথ্যগুলো *মা-শিশু সুরক্ষা কার্ডে* লিপিভুক্ত করা হয় এবং সমস্যাগুলোর বিষয়ে যেন ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়াও এই শিশুগুলোর প্রাথমিক অভিজ্ঞতা সম্পর্কে এবং তাদের দৈনিক রুটিন সম্পর্কে খোজ নিন, যাতে তারা চলাফেরা ও অনুসন্ধানের জন্য পর্যাপ্ত সুযোগ পাচ্ছে কিনা সেটা জানা সম্ভব হয়। *কার্যক্রম এবং ধারণা প্রদানের জন্য অনুগ্রহ করে রেফার করুন* ***Disabled Village Children, Chapter 3: "Early Stimulation and Development Activities"***।

চলাফেরার প্রতি আগ্রহ না থাকার আরেকটি কারণ হতে পারে পেশির টানে সমস্যা থাকা। অনুগ্রহ করে রেফার করুন ***Disabled Village Children, Chapter 9: Cerebral Palsy***। পেশি সঞ্চালনে প্রতিবন্ধকতা বা বিলম্বতার সাথে প্রায়ই দৃষ্টি বা শ্রবণ সমস্যা লক্ষ্য করা যায়। সবসময়ই বিশদ ক্লিনিক্যাল পরীক্ষার জন্য রেফার করুন এবং প্রায়োগিক পর্যবেক্ষণ সম্পাদন করুন। অধিকাংশ শিশুরই কিছু দৃষ্টিশক্তি থাকে এবং উজ্জ্বল রঙ ও নড়াচড়ার প্রতি তারা সাড়া দিবে, কিন্তু তারা হয়তো অনেক বস্তুকেই অস্পষ্ট ও ঝাপসা আকৃতি হিসেবে দেখবে যার ফলে উদ্দীপনার সৃষ্টি হয় না এবং চলাফেরায় আগ্রহ পায় না। দৃষ্টিশক্তি পরীক্ষা করুন এবং চলাফেরার জন্য শিশুর অভ্যন্তরীণ প্রেরণা বৃদ্ধি করার জন্য উপকরণ, পরিবেশ এবং কার্যক্রমসমূহ পরিবর্তন করার চেষ্টা করুন। আকস্মিকভাবে বা বিলম্বিতভাবে বসাও কম দৃষ্টিশক্তির লক্ষণ হিসেবে দেখা যেতে পারে। *পরীক্ষা করার জন্য, অনুগ্রহ করে রেফার করুন* ***"Observational testing of vision" in the Sensory Resources Folder and Helping children who are Blind, Chapter 4 "Finding out what your child can see"***। এই শিশুরা সাধারণত অন্যান্য লক্ষণও প্রদর্শন করবে যেমন বস্তুর নাগাল পেতে চেষ্টা না করা অথবা হামাগুড়ি বা গড়ানোর মাধ্যমে চলাফেরা করার চেষ্টা শুরু না করা। *চারিপাশের পরিবেশ উপযোগী করার বিষয়ে জানার জন্য পড়ুন* ***"Help your child see more easily"*** *এবং* ***"Help me learn with confidence" in Sensory Resources Folder*** *। শিশুকে সাহায্য করার জন্য ধারণা নিতে রেফার করুন* ***Chapter 5: Activities for the young baby*** *এবং* ***Chapter 10: Movement in Helping children who are Blind***।

*যেকোন বয়সেই দক্ষতার হ্রাস পাওয়া বা হারিয়ে যাওয়া একটি উদ্বেগের বিষয় এবং শিশুটিকে ক্লিনিক্যাল মূল্যায়নের জন্য রেফার করতে হবে।*

যদি এই পর্যায়ের শেষে আপনি শিশুর বসার ধরনের মাঝে পরিবর্তন দেখতে পান- যেমন কি ডব্লিউ (W) আকৃতিতে বসা, শিশুরা সহায়তা ছাড়া বসতে পারে না অথবা আকস্মিকভাবে দুই পা দুই দিকে ছড়িয়ে দিয়ে বসে পড়া- এইগুলো হচ্ছে পেশির টানে সমস্যা থাকার লক্ষণ। *কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদানের জন্য রেফার করুন* ***Disabled Village Children, Chapter 9: Cerebral Palsy***। পর্যবেক্ষণ করে দেখুন মেরুদন্ড সোজা আছে কিনা অথবা মেরুদন্ড কোন উল্লেখযোগ্যভাবে বাঁকা থাকে কিনা, এবং ক্লিনিক্যাল সহায়তার জন্য রেফার করুন। *এছাড়াও রেফার করুন* ***Postural Support in Gross Motor Resources Folder***।

শিশুদেরকে খেলনা নিয়ে খেলার সময় পর্যবেক্ষণ করা আমাদেরকে দেখতে সাহায্য করে যে তারা কতখানি কার্যকরভাবে তাদের হাত ব্যবহার করতে পাচ্ছে।এই ক্ষেত্রে সমস্যা থাকার লক্ষণগুলো হচ্ছে শিশু বৃদ্ধাঙ্গুল ও তর্জনীর সাহায্যে বস্তু তুলতে পারে না, দুই হাতের মাঝে বস্তু বদলি করতে পারে না, নাগাল পাওয়ার, আঁকড়ে ধরা বা খেলার জন্য উভয় হাত ব্যবহার করে না অথবা সাফল্যের সাথে বস্তু ছেড়ে দিতে পারে না। *রেফার করুন* ***"Development of hand function in***

***the first year", "sequential development of grasp"*** *এবং কার্যক্রমের শিট প্রদান করুন* ***"Fisted hands"*** *এবং* ***"Playing with both hands" from the Fine Motor Resources Folder*** ।


যদি শিশুরা খাদ্য, পোশাক বা খেলনার বিষয়ে কিছু নির্দিষ্ট পদার্থ বা গন্ধের প্রতি অস্বাভাবিক রকমের খুতখুতে হয় তাহলে ভেবে দেখতে পারেন যে তাদের ইন্দ্রিয় সংক্রান্ত সমস্যা রয়েছে। *রেফার করুন* ***"Sensory Integration" in the Sensory Resources Folder*** । এই বয়সে শিশুদের চামচ দিয়ে খাওয়ার সাথে পরিচিত করে দেওয়া উচিৎ। শিশুরা এই নতুন স্বাদের প্রতি অথবা নবজাতক বয়সের ব্যবহার করা চোষা-গেলা প্রক্রিয়া থেকে ভিন্ন প্রক্রিয়া শেখার প্রাথমিক প্রতিক্রিয়া হিসেবে জিহ্বা দিয়ে খাবার বাহিরে ফেলে দিতে পারে। তবে, আপনি যদি খাওয়ানোর ক্ষেত্রে প্রতিনিয়ত সমস্যা দেখতে পান, যা স্থিতিশীল বসার স্থান এবং খাবার প্রদানের ভাল কৌশল ব্যবহার করেও পরিবর্তন করা না যায়, তাহলে আরো মূল্যায়নের জন্য রেফার করা বিবেচনা করতে পারেন।


যদি শিশু মানুষজনের প্রতি আগ্রহ না দেখায়, পরিচিত মানুষের প্রতি অগ্রাধিকার না দেখায়, বা লুকিয়ে রাখা খেলনা খোজার চেষ্টা না করে, এগুলো প্রাথমিক পর্যায়ে দুর্বল অভিজ্ঞতার প্রতি নির্দেশ করে। শিশুর প্রাথমিক পর্যায়ের অভিজ্ঞতা ও বর্তমান দৈনিক রুটিন সম্পর্কে জানতে সেবাদানকারীর সাথে কথা বলুন। এটাও খোজ করুন যে এই সমস্যাগুলো পেশি সঞ্চালন বা ইন্দ্রিয় সমস্যার কারণে হচ্ছে কিনা। *কার্যক্রম ও ধারণার জন্য অনুগ্রহ করে রেফার করুন* ***Disabled Village Children, Chapter 3: "Early Stimulation and Development Activities"*** ।

যদি কণ্ঠস্বর উচ্চারণে কমতি দেখা যায় বা উচ্চারণে বৈচিত্র না থাকে তাহলে, অথবা শিশু যদি সাধারণ নির্দেশনা অনুসরণ করতে না পারে, অনুগ্রহ করে শ্রবণ পরীক্ষা করুন এবং শ্রবণ দক্ষতা উৎসাহিত করার জন্য ও প্রাথমিক ভাষা ও যোগাযোগ দক্ষতা বিকাশ করার জন্য কার্যক্রম প্রদান করা শুরু করুন। *অনুগ্রহ করে পরীক্ষার জন্য রেফার করুন* ***Helping Children who are Deaf, Chapter 5: What can your child hear?*** *এছাড়াও কার্যক্রম বিষয়ে পরামর্শের জন্য একই বইয়ের ২,৩ ও ৪ নং অধ্যায় এবং* ***"Communication Decision Tree" in the Communication Resources Folder*** *রেফার করুন।* অনুগ্রহ করে যথাযথ ক্লিনিক্যাল সেবার সাথে রেফার করা ও ফলো-আপ করাও নিশ্চিত করুন।


## খেলার মাধ্যমে ইন্টারভেনশন

যদি তাদেরকে প্রচুর সুযোগ প্রদান করা হয়, শিশুরা আবিষ্কার করতে পারবে যে তাদের নাগালের বাইরে থাকা যে বস্তুটি তারা চাচ্ছে সেটার দিকে তারা এগিয়ে যেতে পারে। এই সময়টা হচ্ছে উদ্দীপনার, কিছু অর্জন করার জন্য শারীরিকভাবে চেষ্টা করা এবং সহজ কিছু পরিবেশগত পরিবর্তন আনার মাধ্যমে তাদেরকে নিরাপদে রেখেই তাদের শিখনকে সহায়তা করা সম্ভব।





শিশুকে বসানো এবং নাগালের বাইরে খেলনা রেখে সেটি নিয়ে আসতে শিশুকে উৎসাহিত করার জন্য অনেক খেলা করার ব্যবস্থা করুন। ঘুরা, ওজন বদল করা এবং পাশ ফেরা ভারসাম্য ও স্থিতিশীলতা বিকাশে উৎসাহ প্রদান করে। তাদের শক্তি বৃদ্ধি পেলে, শিশুটিকে মানুষ ও বস্তুর দিকে এগিয়ে যেতে উৎসাহ দিন, এবং এ কাজে প্রয়োজনমত সহায়তা প্রদান করুন।



এই বয়সটা হচ্ছে আবিষ্কার করার, তাই সেবাদানকারীকে মনে করিয়ে দিবেন যাতে তারা শিশুর হয়ে সব কাজই সহজে করে না দেন। এর পরিবর্তে তাদের উচিৎ হবে শিশুকে খেলার বস্তু নেওয়ার জন্য বিভিন্ন উপায় খুঁজে বের করতে উৎসাহ প্রদান করা এবং সাফল্যের বদলে চেষ্টা করাকে প্রশংসা করা। যদি শিশুটি বিরক্ত হয়ে যায়, তাহলে শিশুটিকে খেলনা নেওয়ার একটি উপায় দেখিয়ে দিন এবং তাকে অনুকরণ করতে উৎসাহ দিন।







শিশুদেরকে এমন কিছু খেলনা দিন যা নিয়ন্ত্রণ করাকে উৎসাহিত করে। গান এবং ছড়ার মাধ্যমে মৌলিক অনুকরণ প্রক্রিয়াকে উৎসাহিত করুন এবং টানা ও ঠেলা দেওয়া, দেওয়া ও নেওয়া কাজের মত সহজ ক্রিয়ার জন্য সহজ সাধারণ ভাষা ব্যবহার করুন।

এই বয়সে শিশুরা প্রাপ্ত বয়স্কদের কাজের ও অভিব্যক্তির প্রতি মনোযোগ প্রদান করে। সেবাদানকারী শিশুর সাথে মুখোমুখি বসে খেলা করতে পারেন, নিজের হাত দিয়ে তিনি মুখ ঢেকে রাখবেন এবং শিশুটিকে হাত সড়িয়ে সেটি "খুঁজে পেতে" দিবেন, সহজ কিছু কর্মকান্ডের গান করতে পারেন, অর্থহীন আওয়াজ করে শিশুটিকে সেটি অনুকরণ করতে ও পালাবদল করতে উৎসাহিত করতে পারেন, একসাথে খেলনা লুকানো ও খুঁজে বের করার খেলা করতে পারেন এবং সাধারণ কিছু কারণ-প্রভাব সংক্রান্ত খেলনা নিয়ে খেলতে পারেন, যেমনকি একটি খেলনা পিয়ানো বা এমন খেলনা যা চাপ দিলে নড়ে উঠে।

শিশুদের খাবার স্পর্শ করতে ও ধরতে দিন এবং এক এক করে নতুন প্রকারের এবং স্বাদের খাবার পরিচিত করুন। আপনি গৃহস্থালি কাজ করতে যাওয়ার সময় তাদেরকে আপনার পাশাপাশি খেলা করতে দিন। এই বয়সের শিশুদের সহজেই বিভিন্ন রঙের বাটি দিয়ে ব্যস্ত রাখা সম্ভব এবং এগুলো দিয়ে খেলা করার মাধ্যমে মনোযোগ, ইন্দ্রিয় অন্বেষণ দক্ষতা ও পেশি সঞ্চালন দক্ষতাসমূহ গড়ে তুলবে। কথা বলার একটি নাটক করুন, শিশুটি যে আওয়াজ করছে তা পুনরাবৃত্তি করুন এবং এর মাঝে মাঝে আপনি ও শিশুটি যা করছে বা অনুভব করছে সে বিষয়ে মন্তব্য যুক্ত করুন।



*গৃহজাত খেলনা বিষয়ে ধারণা পাওয়া যাবে **Disabled Village Children: Chapter 49: A children's workshop for making Toys**। অধ্যায় ৩৫-এ প্রাথমিক খেলা কার্যক্রম ও খেলনা বিষয়ে পরামর্শ পাওয়া যাবে।*

## ৯ মাস থেকে ১২ মাস

### এই বয়সের গুরুত্ব

পেশি সঞ্চালন নিয়ন্ত্রণ এবং গতিশীলতা বৃদ্ধি পাওয়ার ফলে শিশুরা এখন হামাগুড়ি দিয়ে তাদের দৃষ্টিসীমার বাইরে দূরে শুনতে পাওয়া শব্দ স্বাধীনভাবে অনুসন্ধান করতে যেতে পারে। তারা বৃহৎ জগতটিকে আবিষ্কার করে এবং বুঝতে শুরু করে যে তারা যা শুনছে, শুকছে ও দেখছে কিভাবে তা বিভিন্ন ঘটনা,ব্যক্তি ও বস্তুর সাথে সম্পর্কিত।

শিশুরা খুবই কৌতুহলী এবং তারা অনুসন্ধান করার জন্য চলাফেরা করতে উৎসাহী থাকে, এমনকি তাদের দেহ এই কাজে সমর্থ না হলেও। তারা বিভিন্ন অবস্থান থেকে নড়াচড়া করে এবং প্রতিনিয়ত তাদের ধড়কে চ্যালেঞ্জ করে তাদের দেহ সোজা করে ধরে রাখার জন্য, এসময় তাদের হাত নাগাল পাওয়া, আঁকড়ে ধরা এবং খেলা করার কাজে ব্যস্ত থাকে। তাদের খেলা এবং চলাফেরা প্রায়ই তাদের পুরো হাতের উপর ভর নেওয়ার সাথে জড়িত থাকে যা তাদের হাত ও আঙ্গুলকে পরিপক্ক করতে সাহায্য করে। তাদের সূক্ষ্ম পেশি সঞ্চালন দক্ষতা বৃদ্ধি পাওয়ার ফলে অনুসন্ধান করা এবং খুঁটিনাটি বিষয়ের উপর মনোযোগ বৃদ্ধি পায়। নিয়ন্ত্রিতভাবে বস্তু ছেড়ে দেওয়া এবং আঁকড়ে ধরার কাজে তাদের হাত ও আঙুলের ব্যবহারের দক্ষতা বৃদ্ধি পাওয়া প্রকাশ করে যে তারা কার্যকর ভাবেই বস্তু নিয়ন্ত্রণ করতে পারবে, এবং শিখবে কিভাবে বস্তুগুলো কাজ করে থাকে।

তাদের চোখের সমন্বয় এখন অনেক ভাল এবং তাদের নিকটে থাকা ছোট বস্তুর দিকে সহজে তারা দৃষ্টি নিবদ্ধ করতে পারে। তারা খুঁটিনাটি বিষয়ের প্রতি আকৃষ্ট হয় এবং বস্তুর উপরিভাগের গভিরতায় পরিবর্তনের উপর অনুসন্ধান করতে শুরু করে। আপনি এই বয়সের শিশুদের দেখবেন গর্তে তাদের আঙ্গুল দিয়ে গুতো দিতে, দেখতে ভিন্ন এমন যে কোন বস্তুর উপর হাত বুলাতে, সেটি এক চিলতে রোদও হতে পারে কিংবা পোশাকের উপরে এমব্রয়ডারিও হতে পারে। তারা চেয়ারে চড়তে ও নামতে, টেবিলের নিচে বা বাক্সের ভেতর ঢুকতে ও বের হতে পছন্দ করে। তারা বস্তু বের করে আনতে এবং টান দিয়ে সরিয়ে আনতে পছন্দ করে। তাদের এই বস্তুর সক্রিয় অনুসন্ধান করা তাদের বিস্তার ও গভীরতা বিষয়ে উপলব্ধিকে বিকাশ করতে সাহায্য করে।

শিশুরা পুনরাবৃত্তিকভাবে কণ্ঠস্বর এবং শব্দ শোনার সাথে সাথে অভিব্যক্তি ও কর্মকান্ড দেখার মাধ্যমে তাদের নিকট শব্দ ধীরে ধীরে একটি আর্থিক রূপ নিতে শুরু করে। এটি আশ্চর্যজনক নয় যে, এই পর্যায়ে অনুসন্ধানের সময়, “না” দ্রুত চেনা হয়। তারা অভিব্যক্তি বুঝতে পারে এবং এই বয়সের শিশুরা একটি নতুন পরিস্থিতিতে তাদের সেবাদানকারীর মুখের অভিব্যক্তি থেকে সাড়া দেওয়ার জন্য ইঙ্গিত গ্রহণ করে থাকে।

তারা বেশ সামাজিক এবং কথা বলার মত করে কথোপকথন করে থাকে, এবং সক্রিয়ভাবেই প্রাপ্তবয়স্কদের মনোযোগ ও আগ্রহ আকর্ষণ করতে চায়। এই বয়সে পারস্পরিক যোগাযোগ শিশুদেরকে কথোপকথনের কিছু মৌলিক দক্ষতা শিখতে সাহায্য করে, এমনকি তাদের প্রথম বাস্তবিক শব্দ উচ্চারণ করা অনেক পূর্বে হলেও! শিশুরা প্রাপ্ত বয়স্কদের আঙ্গুল বা চোখের ইশারা অনুসরণ করে তারা যা দেখছে সেটিতে মনোযোগ স্থাপন করতে পারে। তারা বিভিন্ন বস্তুর দিকে ইশারা করতে পারে, টান দিয়ে বা অঙ্গভঙ্গি করে দেখাতে পারে তারা কি চাচ্ছে।

শিশুরা রুটিন চিনতে পারে এবং রুটিন দ্বারা শান্ত হয়। এছাড়াও রুটিন তাদেরকে ঘটনা, বস্তু এবং মানুষজনের সাথে অনুশীলন করায় ও পরিচিত করায়, যা তাদেরকে চারিপাশের জগতটিকে বুঝতে এবং সাড়া দেওয়ার জন্য দক্ষতা শিখতে সাহায্য করে।

## বিকাশের মাইলফলক বৃত্তঃ ৯ থেকে ১২ মাস









**স্থূল পেশিসঞ্চালন**

বসে থেকে পাশে বা পিছে মোচড় দিয়ে খেলনা তুলতে পারে

হাত ও হাঁটুর উপর হামাগুড়ি দেয়

নিজেকে তুলে দাঁড়া করাতে পারে

**বুদ্ধিমত্তা**

আয়নায় নিজের দিকে ইশারা করতে পারে, বইয়ে ছবি দেখে

তাদের সামনে খেলনা লুকালে খুঁজে বের করে

সহজ মৌখিক অনুরোধে (আস, বস) এবং আদেশে (না!) সাড়া দেয়




**সূক্ষ্ম পেশিসঞ্চালন**

তর্জনী দিয়ে ইশারা করতে পারে

তর্জনী ও বৃদ্ধাঙ্গুল দিয়ে ছোট বস্তু ধরতে পারে

বাক্স বা পাত্র থেকে খেলনা বের করতে ও রাখতে পারে



**সামাজিক আবেগিক**

নিজের নাম শুনলে তাকায় ও উচ্চারণের চেষ্টা করে

মানা করে- মাথা নাড়িয়ে “না!”

অন্যদের দেখানোর জন্য খেলনা উঁচু করে



**যোগাযোগ এবং ভাষা**

দাদা/আম্মা বলতে পারে কিন্তু সবসময় ঠিকভাবে নয়

ইশারা করা ও অঙ্গভঙ্গির মাধ্যমে জিজ্ঞাসা করে (কোলে উঠবার জন্য বাহু এগিয়ে দেয়)

কথা বলার মত করে স্বরভঙ্গি ও আওয়াজ করে



**স্ব নির্ভরতা**

লালা ফেলা বন্ধ করে

কাপ তুলে ধরলে পানি পান করতে পারে

পোশাক পরার সময় হাত তুলে সহযোগীতা করে

## বিবেচনার বিষয়সমূহ

যে সকল শিশু নিষ্ক্রিয় থাকে এবং চারিপাশের জগত সম্পর্কে আগ্রহী থাকে না তাদেরই হয়তো পুষ্টিহীনতা রয়েছে অথবা তাদের প্রাথমিক অভিজ্ঞতা দুর্বল। *মা-শিশু সুরক্ষা কার্ড* চেক করে দেখুন যে শিশুটি বৃদ্ধির তালিকায় কেমন অগ্রসর হচ্ছে এবং নিশ্চিত করুন যে ক্লিনিক্যাল প্রোগ্রাম অনুসরণ করা হয়েছে। যদি আপনি দেখতে পান যে মানুষ এবং বস্তুর প্রতি এবং এছাড়াও স্ব-উদ্দীপনামূলক আচরণ যেমন চোখে গুতো দেওয়া, দোল দেওয়া, চোখের সামনে আঙ্গুল নাচানো ইত্যাদির প্রতি আগ্রহ নেই তাহলে ইন্দ্রিয় প্রতিবন্ধকতা বা বহুবিধ ইন্দ্রিয় প্রতিবন্ধকতার সম্ভাবনা বিবেচনা করুন এবং *অনুসন্ধান ও ইন্টারভেনশনকে নির্দেশনা দেওয়ার জন্য রেফার করুন* ***Sensory Impairment resources folder***।

যদি শিশু বসা অবস্থায় পড়ে গেলে নিজেকে রক্ষা করার জন্য সামনে হাত বাড়াতে অসমর্থ হয়, নিজেকে তুলে দাঁড় করাতে না পারে, সহায়তা সহকারে দাঁড়াতে পারে না বা দাঁড়া হলে কোমড়ে, হাটুতে বা পায়ের পাতায় সমভাবে ওজন বিন্যস্ত থাকে না, তাহলে শিশুটিকে আরো পর্যালোচনার জন্য রেফার করা উচিৎ। *মূল্যায়ন এবং পরামর্শের রিসোর্সের জন্য রেফার করুন* ***Refer Disabled Village Children, Chapter 6: Guide for Identifying Disabilities***।

শিশুরা অন্তত মোটামোটি নির্ভুলতার সাথে একটি ছোট ব্লকের উপর আরেকটি ছোট ব্লক স্থাপন করতে পারার মাধ্যমে তাদের সূক্ষ্ম পেশি সঞ্চালন দক্ষতা প্রদর্শন করতে পারা উচিৎ। শিশুদের তাদের আঙ্গুলগুলো পৃথকভাবে ব্যবহার করে গুতো দেওয়া, গর্ত করা এবং ছোট বস্তু নিয়ন্ত্রণ করতে পারা উচিৎ। *শিশুর বর্তমান সামর্থ বোঝার জন্য* ***Fine Motor Resources Folder****-এ যেয়ে* ***Sequential Development of Grasp*** *দেখুন, এবং ইন্টারভেনশনের জন্য কিছু প্রাথমিক পয়েন্টের জন্য দেখুন* ***Development of Hand Function in the first year***।

যদি আপনি লক্ষ্য করেন যে একটি শিশু প্রাপ্ত বয়স্কের মনোযোগ দাবি করে না বা কোন আগ্রহ দেখায় না অথবা প্রধান সেবাদানকারীর প্রতি অগ্রাধিকার দেখায় না, তাহলে আপনি তার প্রাথমিক পর্যায়ের সামাজিক অভিজ্ঞতার মান নিয়ে বিবেচনা করতে পারেন এবং চিন্তা করুন কিভাবে তার রুটিনে পারস্পরিক যোগাযোগের বিষয়টি আরো উৎসাহিত করা যায়।

মনে করে এ বিষয়টিও বিবেচনা করে দেখবেন যে শিশুটি দেখে বা গলার স্বর শুনে মানুষ চিনতে পারছে কিনা, এবং যদি না পারে তাহলে ইন্দ্রিয় প্রতিবন্ধকতার সম্ভাবনাটি বিবেচনা করতে পারেন। সবসময় উভয় ইন্দ্রিয় পরীক্ষা করে দেখবেন কেননা মৃদু বা মাঝারি আকারেহ্রাস পাওয়া সহজেই চিহ্নিত করা থেকে ফসকে যায়।


যেসকল শিশুরা কথা বলছে না অথবা কণ্ঠস্বর উচ্চারণের পরিমাণ কম তাদের হয়তো শ্রবণ বিষয়ক সমস্যা রয়েছে। *অনুগ্রহ করে পরীক্ষার জন্য রেফার করুন* ***Helping Children who are Deaf, Chapter 5: What can your child hear?*** *এছাড়াও কার্যক্রম বিষয়ে পরামর্শের জন্য একই বইয়ের অধ্যায় ২, ৩ ও ৪ এবং* ***"Communication Decision Tree" in the Communication Resources Folder*** *রেফার করুন*। এছাড়াও আপনি যদি লালা পড়া বা কামড় দিতে, চাবাতে বা গিলতে সমস্যা দেখেন, শিশুর হয়তো মুখের পেশিসঞ্চালনের সমস্যা রয়েছে। *অনুগ্রহ করে রেফার করুন* ***Oromotor excercises in Self Help Resources Folder***।

যেসকল শিশুরা ছোট বস্তুর দিকে তাকায় না বা মুখের দিকে মনোযোগ দেয় না বা অভিব্যক্তিতে সাড়া দেয় না, হয়তো তাদের দৃষ্টিশক্তি দুর্বল। এই বয়সে ট্যারা চোখ দেখা দিলে, এমনকি যদি তা একবার এসে আবার ঠিক হয়ে যায় তবুও সেটি ক্লিনিক্যাল মূল্যায়ন এবং ইন্টারভেনশনের জন্য রেফার করতে হবে। *ইন্টারভেনশনের জন্য পরামর্শের জন্য রেফার করুন* ***Helping Children who are Blind, Chapter 4 Finding out what your child can see and "Help your child to see better"&"Early Intervention Vision Impairment" in the Sensory Resources Folder***।

## খেলার মাধ্যমে ইন্টারভেনশন



বিভিন্ন উচ্চতায় বস্তু স্থাপন করে শিশুকে বিভিন্ন অবস্থানের মাঝে চলাফেরা করতে সুযোগ প্রদান করুন, বিশেষ করে দাঁড়ানো পর্যায়ের দিকে নিয়ে আসবেন। এমনভাবে আসবাবপত্র নির্বাচন করবেন এবং সাজিয়ে রাখবেন যেন শিশু নিজেকে তুলে দাঁড়া করার জন্য অনেকগুলো স্থিতিশীল বস্তু পায় এবং দাঁড়িয়ে খেলতে পারে। একটি বিষয় গুরুত্বপূর্ণ যে এক বছরের শিশুরা যেন দাঁড়া হওয়া এবং দাঁড়ানো সময় ওজন ধরে রাখা বিষয়ে অনেক অভিজ্ঞতা অর্জন করতে পারে, এমনকি যদি তারা পেশি সঞ্চালন মাইলফলকে অনেক পিছিয়ে থাকে তারপরও।



এই বয়সের শিশুরা এখনও একা একা কিংবা একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির সাথে এককভাবে খেলা করে, কিন্তু অন্য শিশুদের সাথে একটি দলে থাকার সময় তারা অন্যদের বিষয়ে সচেতন থাকে। এমন অনেক পারস্পরিক যোগাযাগের খেলা করুন যেগুলোতে অনুকরণ করা, অংশগ্রহণ করা এবং পালাবদল করা প্রয়োজন পড়ে। পরিচিত খেলাগুলো পুনরাবৃত্তি করুন যাতে বারবার প্রণোদনা ছাড়াই শিশু খেলা শুরু করার ও অংশগ্রহণ করার সুযোগ পায়। এমন খেলা করুন যাতে মুখে হাত দেওয়া, শব্দ নিয়ে খেলা করা, এবং কাজের সাথে শব্দ মেলানোর প্রয়োজন হয়।




শিশুরা গল্প বলা, গান গাওয়া বা ছবির বই দেখার সময় প্রাপ্তবয়স্কদের সাথে একসাথে বসে বা শুয়ে থাকতে পছন্দ করে। তাদের মনোযোগ ও স্মৃতি বৃদ্ধি পায়, এবং বিশেষ করে একটি চার লাইনের ছড়া বা গানের শেষে মজাদার অংশের জন্য আপনি তাদেরকে অপেক্ষা বা প্রত্যাশা করে থাকতে দেখবেন।

এক বছরের বয়সে, শিশুরা গাড়ির মত খেলনা পছন্দ করে যা চলতে পারে এবং তারা গতিশীল অংশ যেমন চাকা যা ঘুরে বা দরজা যা খুলে এমন কিছুর প্রতি আকৃষ্ট থাকে। শিশুরা পাত্রের প্রতি আগ্রহী থাকে এবং বাক্স থেকে সবকিছু বের করে খেলতে পছন্দ করে, বা সবগুলো খুঁটি খুলে একটি ট্রে নিয়ে খেলা করে। এই আগ্রহের স্থানগুলো বিবেচনা করে এমন খেলনা নির্বাচন করুন যে সূক্ষ্ম পেশি সঞ্চালনকে উৎসাহিত করবে ও চ্যালেঞ্জ দিবে।

*গৃহজাত খেলনা বিষয়ে ধারণা পাওয়া যাবে **Disabled Village Children: Chapter 49: A children’s workshop for making Toys**। অধ্যায় ৩৫-এ প্রাথমিক খেলা কার্যক্রম ও খেলনা বিষয়ে পরামর্শ পাওয়া যাবে।*

## ১ বছর হতে ২ বছর বয়স

### এই বয়সের গুরুত্ব

শিশুদের এই ১ হতে ২ বছর বয়সের মধ্যে তাদের পেশি সঞ্চালন ক্ষমতার বিকাশ ঘটে, যার ফলে এর মাধ্যমে শিশুরা সহজেই নানাভাবে চলাচল করতে, আত্মবিশ্বাসের সাথে হাঁটতে ও বিভিন্ন বাঁধা অতিক্রম করতে শেখে। রাতে ঘুমানোর পূর্বে এবং সকালে ঘুম ভাঙ্গার পর পর প্রশ্রাব করিয়ে নিলে তারা সারা রাত শুকনো অবস্থাতেই থাকতে পারে এবং এই সময়েই শিশুদের নিজস্ব অন্ত্রতন্ত্রের কার্যক্রমের উপর পরিপূর্ণ নিয়ন্ত্রণ অর্জিত হয়। এই দুই বছরের মধ্যে শিশুরা তাদের প্রাথমিক পরিচর্যাকারীর সাহায্য ছাড়াই অনেক সহজভাবে ও স্বাধীনভাবে নিজস্ব কার্যকলাপ করতে শেখে এবং সময়ের সাথে সাথে তারা বেশ আত্মবিশ্বাসী হয়ে ওঠে। তারা দৈনন্দিন কাজগুলো বুঝতে পারে এবং তাতে অংশগ্রহণ করা শুরু করে, এই স্বাধীনভাবে বেড়ে ওঠার বিষয়টি তারা বেশ উপভোগও করে। নিয়মতান্ত্রিক প্রক্রিয়া ও কার্যকলাপের পুনরাবৃত্তি এই সময়কালে তাদের শেখার জন্য খুবই জরুরী উপকরণ, কেননা এটি শিশুদের খুবই মজবুত একটি ভিত্তির উপর দাঁড় করিয়ে দেয় যার মাধ্যমে তারা পরবর্তীতে সহজেই এই জগৎসংসারে ঘুরে বেড়াতে পারে।

শিশুদের এই বয়সে স্বাধীনভাবে কাজ করার অভিজ্ঞতা দেওয়া খুবই জরুরী, কেননা এই বয়সেই শিশুরা দৈহিক ও সামাজিক জগতের বিভিন্ন খুঁটিনাটি বিষয়ে তাদের নিজস্ব অভিজ্ঞতা ও পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে জানতে শুরু করে। শিশুদের আচরণ ও কার্যকলাপের বিপরীতে বয়স্ক ব্যক্তিরা যেসমস্তপ্রতিক্রিয়া দেখান তাই দেখেই মূলত শিশুরা তাদের নিজেদের মত করে আচরণ ও পরিস্থিত অনুযায়ী প্রতিক্রিয়া দিতে শেখে। এই সময়েই শিশুরা একজন স্বতন্ত্র্য ও সামাজিক মানুষ হিসেবে নিজেদের ভাবতে শেখার যে জটিল প্রক্রিয়া সেটিকে বুঝতে শুরু করে এবং কিভাবে সমাজে আচরণ করবে এবং সমাজকে নাড়া দেবে সেটিও শিখতে আরম্ভ করে। একারণে এই বয়সটাই হলো শিশুদের একধরণের খেয়ালীপনার বয়স, কেননা এই সময়েই শিশুরা তাদের নিজস্ব নানা পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে বুঝে ফেলে যে তাদের নিজেদের জীবনের উপর এখন তাদের পূর্ণ নিয়ন্ত্রণ নেই।

এই বয়সটাতে শিশুদের মধ্যে যোগাযোগের একধরণের বিস্ফোরণ ঘটতে দেখা যায়- তাদের শব্দভাণ্ডার আরো সমৃদ্ধ হয়, তারা এক শব্দ হতে দুই শব্দের শব্দগুচ্ছ ব্যবহার করতে শেখে। এই বয়সটাতে পরিচিতি যে কারো সাথেই কথা বলতে শিশুরা খুবই পছন্দ করে, কথা বলার সময়ে তারা হাত পা নাড়িয়ে নানা ধরণের অঙ্গভঙ্গি, অঙ্গুলিসংকেত করে, এমনকি কখনো কখনো বোঝানোর জন্য নানা ধরণের শব্দও করে। এইসমস্ত প্রারম্ভিক পর্যায়ের কথাবার্তা বলার মধ্য দিয়েই মূলত শিশুরা এই সময়ে ভাষা, যোগাযোগ ও সামাজিক নিয়মাবলী, এমনকি নিজেদের সম্পর্কেও নানাভাবে নতুন নতুন কিছু জানতে শুরু করে।

এই বয়সেই শিশুরা মূলত তাদের সমস্ত ইন্দ্রিয়ের সাহায্যে চারপাশে নানারকম অনুসন্ধান করতে শুরু করে, কোনো একটি ইন্দ্রিয়ের মাধ্যমে একটা বিষয়কে বুঝতে শুরু করলেও অন্য ইন্দ্রিয়সমূহের সাহায্যে সেটি নিশ্চিত হওয়ার চেষ্টা করে এবং এভাবে কোনো একটি ইন্দ্রিয়ের মাধ্যমে প্রাথমিকভাবে প্রাপ্ত তথ্যসমূহকে তারা অন্য ইন্দ্রিয়সমূহের সাহায্যে যাচাই বাছাই করে নিতে শেখে। নিজস্ব নানা ধরণের পরীক্ষা নিরীক্ষা শিশুদের সরলীকৃত সমস্যা সমাধানের রাস্তায় নিয়ে যায়, যে কারণে এই সময়ে আমরা শিশুদের তাদের সবগুলো ইন্দ্রিয় ও পেশিসঞ্চালনের যথাযথ প্রয়োগ ঘটাতে দেখি এবং প্রাপ্ত তথ্যকে যাচাই বাছাই করতে ও পূর্ব অভিজ্ঞতার সাথে মিলিয়ে নিতে দেখি। এই ধারাবাহিক অনুসন্ধান ও পরীক্ষণের মধ্যে দিয়ে শিশুদের মধ্যে এমন সব স্নায়ুবিক গতিপথের জন্ম হয় যার দরুণ শিশুরা যেকোনো কিছু দেখা, শোনা, স্পর্শ করা, অনুভব করা ও গন্ধ নেওয়ার মাধ্যমে তাদের বর্তমান অভিজ্ঞতা ও পূর্বলব্ধ স্মৃতি ও চাহিদার সাথে যোগসূত্র স্থাপনপূর্বক সেই বিষয়টি অনেক বেশি যথাযথভাবে বুঝতে পারে ও কোন ক্ষেত্রে কী ধরণের প্রতিক্রিয়া দেওয়া উচিৎ সেটিও বুঝতে শুরু করে।

১ হতে ২ বছর বয়সের মধ্যে, আমরা শিশুদের যেকোনো বিষয়ে মনোযোগ ধরে রাখার ক্ষেত্রে ধারাবাহিক বিকাশ ঘটতে দেখি এবং নানা ধরণের ইন্দ্রিয়ের সাহায্যে সংগৃহীত নানা ধরণের বৈচিত্রপূর্ণ তথ্য ও পূর্ব অভিজ্ঞতার সমন্বয় ঘটিয়ে সমস্যার সমাধান বের করার চেষ্টা করতে দেখি। শিশুরা এসময়ে নিজেদের ধারাবাহিকভাবে বেড়ে ওঠার বিষয়টি প্রদর্শনের পাশাপাশি বিভিন্ন কাজে ও কথায় তাদের সক্ষমতা আরো বেশি মেলে ধরার চেষ্টা করে।

# বিকাশের মাইলফলক বৃত্তঃ ১ হতে ২ বছর বয়স পর্যন্ত



**স্থূল পেশি সঞ্চালন**

সিঁড়ি হাত দিয়ে ধরে ধরে উপরে উঠে ও নামে

প্রতিটি পদক্ষেপে দুই পা ব্যবহার করে

কোনো ধরণের বাহ্যিক সহযোগিতা ছাড়াই নিজে নিজে ভালোভাবে হাঁটতে পারে

উবু হয়

বল সামনের দিকে ছুঁড়ে দিতে পারে



**যোগাযোগ ও ভাষা**

নিজেকে বোঝানোর জন্য নাম ব্যবহার করে

পছন্দের ব্যক্তি বা বস্তুর নাম সঠিকভাবে বলতে পারে

ছোট ছোট শব্দগুচ্ছ বার বার বলার চেষ্টা করে



**সামাজিক আবেগিক**

ভালো লাগা প্রকাশ করে

পছন্দের বস্তু বা ব্যক্তির প্রতি অধিকারবোধ দেখায়

রাগ হলে কিংবা খেয়ালীপনা করে কোনো বস্ত, কখনো কখনো নিজেকেও মেঝের দিকে ছুঁড়ে দেয়





**স্বনির্ভরতা**

কোনটা খাওয়া যাবে আর কোনটা খাওয়া যাবে না, সেটি আলাদা করতে পারে

জুতার ফিতা খুলে দিলে পা হতে জুতা খুলে ফেলে

তবে খাদ্য গ্রহণ, গোসল ও গা হতে কাপড় চোপড় খোলার জন্য এই সময়ে শিশুকে সহযোগিতা করতে হয়



**সূক্ষ্ম পেশি সঞ্চালন**

স্বতঃস্ফূর্তভাবে নানা রকম হিজিবিজি আঁকে কিংবা লেখে

-বিশেষত লম্বালম্বি বা পাশাপাশি দাগ টানতে বেশি দেখা যায়

যেকোনো নব বা হ্যান্ডেল ঘোরাতে পারে

তিন ব্লকের টাওয়ার গড়তে পারে





**বুদ্ধিমত্তা**

নিদেনপক্ষে মানবদেহের ১০টি অঙ্গ প্রত্যঙ্গ চিনতে ও দেখাতে পারে

বড়দের বাড়ির কার্যকলাপ অনুকরণ করার চেষ্টা করে

প্রাত্যহিক নানা ছোট খাটো সরল সমস্যা নিজেই সমাধান করে (কীভাবে বইয়ের তাকের উপরে রাখা খেলনাটির কাছে বাচ্চা পৌছাবে, তার চিত্র)



## বিবেচনার বিষয়সমূহ

> *যেকোনো বয়সেই কোনো দক্ষতার ঘাটতি হওয়া বা তা লুপ্ত হওয়া সর্বদাই বেশ ভাবনার বিষয় এবং সেক্ষেত্রে শিশুর জন্য অবশ্যই মেডিকেল চিকিৎসাগত মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ দরকার সবার আগে।*

খেয়াল করলে দেখবেন, এক থেকে দুই বছর এর মধ্যে যেসকল শিশুর বয়স, ওরা বেশ সতেজ ও কর্মচঞ্চল হয়ে থাকে এবং এই সময়টাতে ওরা নানা ধরণের নড়াচড়া করতে এবং তা নিয়ে নিজেদের মত করে পরীক্ষা নিরীক্ষা করতে ভালোবাসে। এই সময়ে শিশুর স্বাভাবিকভাবে যে সকল দক্ষতা থাকার কথা তার কোনোটার অভাব বা ঘাটতি রয়েছে কিনা তা বোঝার জন্য শিশুর গলার স্বর, ভারসাম্য বজায় রাখার ক্ষমতা, প্রতিরক্ষামূলক প্রতিক্রিয়া ও চলাফেরার স্বাভাবিক সুযোগে কোথাও কোনো সমস্যার কারণ বুঝতে পারা যায় কিনা সেটির দিকে খেয়াল করুন। এই সময়টাতে শিশুর দক্ষতা বিকাশের ক্ষেত্রে যে ঘাটতিসমূহ চোখে পড়ে তা সাধারণ শিশুর প্রারম্ভিক পর্যায়ের পর্যাপ্ত অভিজ্ঞতার অভাব ও পরিবেশের কারণে হয়ে থাকে। এক্ষেত্রে শিশুর প্রারম্ভিক পর্যায়ে কোনো কোন দক্ষতা সাধারণত কীরকম থাকার দরকার, প্রথমে সেই বিষয়ে জানুন এবং আপনি কীভাবে বাস্তবসম্মতভাবে শিশুর সেই অভিজ্ঞতা বাড়াতে সহযোগিতা করতে পারেন তার দিকে নজর দিন। এক্ষেত্রে শিশুটির পরিবার এবং তাদের প্রাত্যহিক জীবন যাত্রার ধরণ ও সীমাবদ্ধতাসমূহ মাথায় রাখুন।

এছাড়াও কিছু সুনির্দিষ্ট লক্ষণ রয়েছে যেগুলো অনেক গভীর সমস্যার দিকে ইঙ্গিত করে- যেমন উদাহরণস্বরূপ যেসকল শিশু পায়ের পাতার উপরে ভর দিয়ে দাঁড়ায় বা হাঁটে তাদের গলার স্বর কিংবা ইন্দ্রিয়ের মাধ্যমে অনুভূতি গ্রহণ অথবা ইন্দ্রিয় সহনশীলতার কোথাও না কোথাও কোনো না কোনো সমস্যা রয়েছে বলা যায়। শিশুটির অন্যান্য আচরণ ও তার ধরণের দিকে খেয়াল করুন, যা আপনাকে সমস্যার মূল চিহ্নিত করতে সহায়তা করবে। ইন্দ্রিয়ের মাধ্যমে অনুভূতি গ্রহণ অথবা ইন্দ্রিয় সহনশীলতার কোথাও কোনো ধরণের সমস্যা দেখা দিলে এটা বোঝা যাবে সমস্যাটা বিকাশজনিত সমস্যা অথবা শিশুর খাদ্য গ্রহণ ও মল-মূত্রত্যাগে এমন কোনো সমস্যা সৃষ্টি হওয়া যার দরুণ শিশুটি বেশ উত্তেজিত হয়ে ওঠে অথবা তার যে কাপড় পরিবর্তন করা প্রয়োজন, সেটি সে খেয়ালও করে না। যেমন, উদাহরণস্বরূপ *উল্লেখ করা যেতে পারে **Disabled Village Children, Chapter 6: Guide for Identifying Disabilities and "Sensory Integration"&"sensory processing disorder checklist"** বইটির কথা, যেটির **Sensory Resources** ফোল্ডারটি আপনাকে শিশুর এইসকল আচরণ বুঝতে ও চিহ্নিত করতে সহায়তা করবে*।

শিশুরা যদি তাদের হাতের আঙ্গুল কোনো খেলনা সামগ্রীকে বোঝার জন্য বা সেটির কোনো পরিবর্তন সাধনের জন্য ব্যবহার না করে কিংবা কোনো লাঠি বা চামচ না ধরা, ঝাঁকানো কিংবা তুলতে ব্যবহার না করে, তবে খুব স্বাভাবিকভাবে তা শিশুর সীমিত অভিজ্ঞতার কারণ হবে। অন্য আরেক ধরণের বিষয় লক্ষ্য করুন, যে শিশুটি বাঁকা হয়ে বসে থাকার সময়ে কিংবা কেউ আলতো করে শিশুটিকে ধরে রাখার সময় শিশুটি যে আপনার হাতের আঙ্গুলগুলো ধরে রাখে, তার অন্তর্নিহিত কারণ হচ্ছে শিশুটি পেশির টান বুঝতে চেষ্টা করে। ***"Development of hand function in the first year"** আর্টিকেলটির **Fine Motor Resources Folder** টিতে খেয়াল করুন যে অঙ্গভঙ্গি, এগিয়ে যাওয়া এবং দেহের সূক্ষ্ম পেশি সঞ্চালন- এ সবকিছুই পরস্পরের সাথে সম্পর্কযুক্ত এবং এর থেকে বোঝার চেষ্টা করুন যে আপনি আসলে শিশুটিকে কোন কোন ধরণের অভিজ্ঞতা দিতে চান*।

যেসকল শিশুরা যোগাযোগে খুবই আগ্রহী কিন্তু সেভাবে কথা বলতে পারে না, অথবা বললেও খুবই অল্প কিছু শব্দ ব্যবহার করতে পারে কিংবা ঠিকমত গুছিয়ে বলতে পারে না, অবশ্যই তাদের শ্রবণশক্তি হ্রাস পেয়েছে কিনা তা পরীক্ষা করে দেখতে হবে। একইসাথে শিশুর প্রাত্যহিক নির্ধারিত মিথস্ক্রিয়া, বিশেষত সম্ভব হলে ***Communication Resources Folder** রাখা **"Observation of Partner Skills"*** এ উল্লিখিত শিশুটির কাঙ্ক্ষিত মিথস্ক্রিয়ামূলক আচরণগুলোর সাপেক্ষে শিশুটির বর্তমানের

যোগাযোগের বা কথাবার্তার মান এবং ভাষা ব্যবহারের সক্ষমতা কতখানি তা খতিয়ে দেখুন। পাশাপাশি এইটাও বিবেচনায় রাখবেন যে, যে সব শিশু কানে শোনে না বা ভালো করে শুনতে পায় না, তাদের প্রায়শই কানে যে কোনো ধরণের সংক্রমণ হলে তা অনেক বেশি সময় যাবৎ থাকে এবং এটা শিশুর স্বাভাবিক ভাষার বিকাশের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এসকল শিশুরা হয়তো যে সময় তাদের স্ক্রীনিং করানো হয়, তখন হিয়ারিং টেস্ট এ অকৃতকার্য হয় না, কিন্তু তাদের ভাষার বিকাশ কিছুটা প্রলম্বিত হওয়ার সুযোগ থাকে। সেজন্য আপনি ভাষাকে শিশুর নিকট প্রাণবন্ত করে তোলার ক্ষেত্রে নানা ধরণের প্রক্রিয়া অনুসরণ করতে পারেন, যেমন ধরুন, কথাবার্তা বলার সময়ে নানা ধরণের অঙ্গভঙ্গি ও ইঙ্গিত ব্যবহার এবং কোনো ছবি বা বস্তু সম্পর্কে বলার সময়ে সেটির দিকে আঙ্গুল নির্দেশ করা।

এটি শিশুটিকে তার সাথে যে ভাষায় কথাবার্তা বলা হচ্ছে, সেটি বুঝতে যেমন সহায়তা করে, একই সাথে কথাবার্তার সময়ে যে সকল অভিব্যক্তির প্রকাশ ঘটে সেগুলোকে আরো নানা ভাবে বোঝার একটি জায়গা করে দেয় শিশুর জন্য, যার ফলে শিশু সার্থক যোগাযোগের অভিজ্ঞতা অর্জন করতে পারে। *অনুগ্রহপূর্বক* ***Helping Children who are Deaf, Chapter 5: What can your child hear?*** *- এই অংশটি শিশুকে পরীক্ষা করার জন্য রেফার করুন। একইসাথে* ***Communication Resources Folder*** *এ উল্লিখিত একই বইয়ের ২, ৩, ও ৪ অধ্যায় এবং* ***"Communication Decision Tree"*** *অংশটি শিশুর জন্য প্রয়োজনীয় কার্যকলাপের পরামর্শদানের ক্ষেত্রে রেফার করুন।* শিশু যদি গ্লাস থেকে পানি পান করতে বা একটি স্ট্র এর সাহায্যে চুমুক দিয়ে খেতে না পারে, তবে এই রেফারেলটি ব্যবহারের মাধ্যমে একজন স্পিচ থেরাপিস্ট শিশুর পরবর্তী মূল্যায়ন করার ক্ষেত্রে উপকার পেতে পারেন।

যদি দেখেন যে শিশু কোনো কাজকে অনুকরণ করতে পারছে না অথবা একটা দীর্ঘ সময় যাবৎ কোনো কাজে অংশগ্রহণ করতে সক্ষম হচ্ছে না (যে কোনো ধরণের কাজ), সেক্ষেত্রে একটু খতিয়ে দেখার চেষ্টা করুন যে শিশুর বুদ্ধিবৃত্তিক বিকাশ কোনো কারণে প্রলম্বিত হচ্ছে কিনা কিংবা কোনো কিছুতে মনোযোগ নিবদ্ধ করতে বা ধরে রাখতে শিশুটির কোনো সমস্যা হচ্ছে কিনা। যে সকল শিশুরা সাধারণ মিথস্ক্রিয়ামূলক আচরণগুলোকে এড়িয়ে যায়, একা একা থাকতে পছন্দ করে এবং সাধারণত সেইভাবে কোনো ধরণের আবেগীয় পরিবর্তন যাদের মধ্যে দেখা যায় না, তাদের সামাজিক ও আবেগীয় বিকাশের সমস্যা থাকতে পারে এবং সেক্ষেত্রে তাদের এই সকল সমস্যার কারণ ও সেক্ষেত্রে করণীয় কী তা নির্ধারণের জন্য তাদের কিছু পরীক্ষার নিরীক্ষা করা উচিৎ। *অনুগ্রহপূর্বক এক্ষেত্রে পর্যাপ্ত রিসোর্স ও ধারণা পাওয়ার জন্য* ***the Autism Information and Resource Centre on the National Trust website http://autismresourcecenter.in/Default.aspx#*** *ওয়েবসাইটটি রেফার করুন।* শিশু কোনো একজন পরিচর্যাকারীর সাথে অনেক বেশি ঘনিষ্ঠ হয়ে পড়তে পারে। সেক্ষেত্রে পরিচর্যাকারীকে বাসায় থাকা অবস্থায় অথবা শিশুটি যখন কোনো প্রকার চাপে না থাকে, এমন সময়ে শিশুর সাথে লুকোচুরি খেলতে বলুন, যার মাধ্যমে শিশুটি খেলার মাধ্যমে কারো থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়াটা কেমন তা বুঝতে পারে এবং এই বিচ্ছিন্নতার বোধটা অনুভব করতে পারে এবং একইসাথে পরিচর্যাকারীকে খুঁজে বের করার মধ্যে দিয়ে পুনর্মিলনের আনন্দটাও অনুভব করতে শেখে।


> *যেকোনো বয়সেই কোনো দক্ষতার ঘাটতি হওয়া বা তা লুপ্ত হওয়া সর্বদাই বেশ ভাবনার বিষয় এবং সেক্ষেত্রে শিশুর জন্য অবশ্যই চিকিৎসাগত মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ দরকার সবার আগে।*

## খেলার মাধ্যমে ইন্টারভেনশন

এই বয়সে শিশুরা সাধারণত নিজেরা নিজেরা নানা ধরণের খেলাধুলা করতে পছন্দ করে। সেটা যে কোনো ধরণের পরস্পর নির্ভর খেলাধুলা, গান কিংবা ছড়া বলার মধ্যে দিয়েও হতে পারে। অন্য শিশুদের বিষয়ে তাদের মধ্যে ব্যাপক আগ্রহ দেখতে পারা যায়, তারা পাশাপাশি একসাথে খেলাধুলা করে, কখনো কখনো একজন আরেকজন কী করছে সেটা খেয়াল করে দেখে এবং নিজেরাও তেমনটা করার চেষ্টা করে। তারা নিজেদের চাইতে খানিকটা বড় শিশুদের পছন্দ করে এবং বয়স্ক ব্যক্তিদের সাথে কথাবার্তা ও মিথস্ক্রিয়া করার চাইতে এই সকল বয়সে খানিকটা বড় শিশুদের সাথে কথাবার্তা বলতে ও মিশতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করে। যে সকল শিশুর বিকাশগত সমস্যা দেখতে পাওয়া যায়, তাদেরকে সমবয়সী অন্য আরো অনেক শিশুদের সাথে মেশার সুযোগ করে দিলে ঐ সকল শিশুর জীবন যাপনের মান আরো খানিকটা উন্নত হওয়ার সুযোগ পায় এবং শিশুর শেখার জন্য একটা স্বাভাবিক ও স্বতঃস্ফূর্ত পরিবেশ তৈর হয়। এক্ষেত্রে নানা ধরণের পরস্পরনির্ভর খেলাধুলা শিশুদের জন্য ব্যবস্থা করতে পারেন, যেমনঃ বালি দিয়ে একসাথে কোনো বাড়ি বা কাঠামো তৈরি করা, এর মধ্যে দিয়ে শিশুরা পরস্পরের সাথে যোগাযোগ করতে শেখে, ওদের নিজেদের মধ্যে ভাষা ও সামাজিক দক্ষতার বিকাশ ঘটে।



শিশুকে হাঁটাচলার নানা ধরণের যে অভিজ্ঞতা, তা দেওয়ার চেষ্টা করুন- যেমন শিশুটিকে পিঠে নিয়ে একটু দৌড়াতে পারেন, একসাথে কোনো স্প্রিংওয়ালা বস্তুর উপরে খানিকটা লাফালাফি করতে পারেন, বালি, টাইলস বা ঘাস- এরকম নানা কিছুর উপর দিয়ে শিশুটিকে নিয়ে একসাথে হাঁটতে পারেন, এছাড়াও কোনো ঢাল বা সিঁড়ি দিয়েও শিশুটিকে নিয়ে একসাথে হাঁটতে পারেন, যাতে শিশুটি হাঁটাচলা সংক্রান্ত এই সকল যাবতীয় অভিজ্ঞতা সহজেই অর্জন করতে পারে। শিশুটিকে এক্ষেত্রে যে কোনো ধরণের শক্ত আসবাবপাত্র ধরে নিজে নিজে দাঁড়াতে ও স্বাধীনভাবে, নির্বিঘ্নে আশেপাশে চলাফেরা করতে শেখান। শিশুটিকে লুকোচুরি খেলার মাধ্যমে দরজার পেছনে, টেবিলের নিচে, কোনো কাপবোর্ডের মধ্যে দাঁড়াতে উদ্বুদ্ধ করেন এবং তাদের নিজস্ব শরীর ও পারিপার্শ্বিক স্থান সম্পর্কে তাদের নানা ধরণের অভিজ্ঞতা লাভের সুযোগ করে দিন।



শিশুরা যাতে নানা ধরণের আকার ও আকৃতি সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতা লাভ করতে পারে, সেজন্য তাদেরকে এমন কিছু সাধারণ খেলনা দিন যেগুলোর একটা আরেকটার সাথে যুক্ত থাকে, আবার চাইলেই তা ভেঙ্গে আলাদা করা যায়, পাশাপাশি বিভিন্ন আকারের ছিদ্রওয়ালা কিছু বক্স তাদের দিন যারা মধ্যে তারা নানা ধরণের জিনিসপত্র ঠেসে ঢুকাতে পারে। এগুলোর মধ্যে দিয়ে তারা নানা ধরণের আকার ও আকৃতি সম্পর্কে শিখবে। শিশুর সামনে আমাদের দৈনন্দিন জীবনের সাথে যুক্ত নানা ধরণের জিনিসপত্রের ছবি সম্বলিত বই অথবা পরিবারের সদস্যদের ছবি সম্বলিত কোনো ফটো অ্যালবাম তুলে ধরুন, একসাথে বসে তা থেকে দেখে দেখে কোনটা কী তা খুঁজে বের করতে শিশুটিকে উৎসাহ দিন। এই সমস্ত কার্যক্রম শিশুর অনুধাবন ক্ষমতা বিকাশ করতে এবং শিশুটিকে ত্রিমাত্রিক বস্তু সম্পর্কে এবং এই সকল ত্রিমাত্রিক বস্তু ও তার দ্বিমাত্রিক ছবির মধ্যে সম্পর্কটা কেমন তা বুঝতে বেশ সাহায্য করে।



শিশুর সাথে খেলাধুলা করার সময়েও কথাবার্তা বলুন। ছোট ও সংক্ষিপ্ত বাক্যের সাহায্যে তাকে বুঝিয়ে বলুন যে আসলে কী করা হচ্ছে। এর মধ্যে দিয়ে শিশুটি কোনো কাজকে কীভাবে ভাষায় প্রকাশ করতে হয়, সেটি যেমন বুঝতে পারবে, একই সাথে বিভিন্ন বস্তুর লক্ষ্যণীয় বৈশিষ্ট্যগুলো- যেমনঃ রঙ, আকার, আকৃতি ইত্যাদি বুঝতে শুরু করবে। ছড়া ও গানের তালে তালে সংশ্লিষ্ট যে কোনো ধরণের কাজ করার মাধ্যমে শিশুকে খুবই চমৎকারভাবে বিভিন্ন শব্দ ও তার মানে বুঝতে সাহায্য করা সম্ভব হয়। শিশুরা নানাধরণের

অর্থহীন শব্দ করা পছন্দ করে এবং নানা ধরণের অঙ্গভঙ্গি ও শব্দ করার মাধ্যমে শিশুটির সাথে খেলতে খেলতেই আপনি শিশুটিকে নানা ধরণের মৌখিক পেশি সঞ্চালনের ব্যায়ামও করাতে পারেন, যা শিশুর জন্য বেশ উপকারী হয়।

বাচ্চার বড়দের মত করে নিজে নিজের দায়িত্ব নিতে পছন্দ করে এবং এর মাধ্যমে তারা নানা ধরণের বিষয়, অঙ্গবিন্যাস, শারীরিক দক্ষতা ও ভাষার বিভিন্ন বিষয়কে সরাসরি প্রত্যক্ষণের একটয়া দারুণ সুযোগ পায়। একসাথে গোসল করতে গিয়ে তারা সাবান সম্পর্কে জানতে- বুঝতে পারে, পোশাক পরিধানের মধ্য দিয়ে কাপড় সম্পর্কে, বাসার বাইরে কাজ করার মধ্য দিয়ে ধুলাবালি ময়লা গাছপালা, ফুল, ফল ইত্যাদি সম্পর্কেও জানতে বুঝতে পারে– এসবগুলো কাজের মাধ্যমে মূলত বাচ্চার দেখা বলা শোন গন্ধ নেওয়া ইত্যাদি সংশ্লিষ্ট অজস্র অভিজ্ঞতা লাভ করে যা তাদের জীবনের সাথে খুবই সঙ্গতিপূর্ণ হয়ে ওঠে। এর মাধ্যমে খুব চমৎকারভাবে শিশুদের মধ্যে নানা বিষয়ে নিজস্ব ধারণা ও স্বাধীনতাবোধ গড়ে তোলা সম্ভব হয়।



*বিভিন্ন সাদাসিদে খেলনা বাসাতেই প্রস্তুত করার ধারণা এক্ষেত্রে* ***"toys" in the Play and Cognition Resources folder and in Disabled Village Children: Chapter 49: A children's workshop for making Toys*** *এর মধ্যে পাবেন। এছাড়াও ৩৫তম অধ্যায়ে বিভিন্ন প্রাথমিক খেলাধুলামূলক কার্যক্রম ও খেলনা সম্পর্কে পরামর্শ রয়েছে।*

## ২ হতে ৩ বছর বয়সকাল

### এই বয়সের গুরুত্ব

২ থেকে ৩ বছর বয়সের মধ্যে শিশুরা নিজেদের শরীরের উপরে বেশ ভালো নিয়ন্ত্রণ অর্জন করতে সক্ষম হয়। তারা শক্তিমত্তায় ভরপুর থাকে এসময় এবং দৌড়াদৌড়ি করতে বেশ পছন্দ করে; অন্যরা যখন হাঁটাচলা করে তখন সে সময় তাদের দৌড়াদৌড়ি আর লাফালাফি করতেই বেশি ভালো লাগে। এসময়ে তাদের ইচ্ছামত খেলতে দিলে তারা অনায়াসেই একটি নিজেদের শরীরের সাহায্যেই যে কোনো ত্রিচক্রযানে উঠে পড়ার আত্মবিশ্বাস দেখায় এবং স্থান- কাল- দূরত্ব এগুলো সঠিকভাবে নির্ধারণ করতে সক্ষম হয়।

এসময় তারা আঙ্গুল এর ডগা দিয়ে কোনো বস্তুকে ধরতে ও কবজি ঘোরাতে পারে অনায়াসেই, যাতে বোঝা যায় যে তারা এখন বেশ সহজেই ও সাবলীলভাবে হাতের নানা ধরণের সঞ্চালনায় পারদর্শী হয়ে উঠেছে। কোনো কিছু দেখে লেখার চেষ্টা করার মাধ্যমে মূলত দুই বছরের বাচ্চা কোনো কাগজে হাত দিয়ে কোনো কলম বা পেন্সিল ধরে প্রাথমিক কোনো ফোটা বা দাগ দিতে শেখে, দেখা যায় তিন বছর বয়সে তারা সহজেই কোনো একজন বয়স্ক মানুষের অনুকরণে কাগজে বৃত্ত আঁকার চেষ্টা করে। ছোট ছোট বস্তু তুলে ধরা ও বস্তুগুলো নিজেদের ইচ্ছামত বিন্যস্ত করার দক্ষতা লাভ করার কারণে এই সময়ে শিশুরা নানা আকার আকৃতির জিনিস নিয়ে নিজেদের মত করে সাজাতে ও পরীক্ষা নিরীক্ষা করতে পছন্দ করে, তারা নানা আকারের ছিদ্র  একই আকার ও আকৃতির নানা ধরণের ব্লক দিয়ে ভরাট করতে ও সহজ আকৃতির পাজল মেলাতে ও বেশ পছন্দ করে।

এসময়ে জগত সম্পর্কে শিশুদের জানার ইচ্ছা ও আগ্রহ বেশ বৃদ্ধি পায়, যে কোনো কিছু দেখলেই তা সম্পর্কে জানতে চাওয়ার ও নিজস্ব মতামত দেওয়ার প্রবণতা তাদের মধ্যে দেখা যায়। তার প্রচুর কথাবার্তা বলে। তারা নানা বিষয়ে তাদের অভিজ্ঞতা ও নিজস্ব পর্যবেক্ষণ অক্লান্তভাবে বলতে শুরু করে এবং এসময়ে তাদের ব্যবহৃত শব্দভাণ্ডার আগের থেকে অনেক বৃদ্ধি পায়, নানা ধরণের বিশেষণ, বিশেষ্য, ক্রিয়া, সর্বনামবাচক শব্দ তারা এসময়ে ব্যবহার করে, একই সাথে নানা ধরণের রূপকসমৃদ্ধ শব্দের প্রতিও তাদের আগ্রহ লক্ষ্যণীয়।  এই বয়সকালের মাঝামাঝি সময়েই তারা দুই বা ততোধিক শব্দের ব্যবহারে বাক্য বলতে ও ব্যবহার করতে শুরু করে, যদিও সব সময় যে তা পূর্ণাঙ্গ ও ব্যকরণগতভাবে সঠিক হয় না।

শিশুরা এ সময়ে সহজেই বড়দের কাজকর্মের দিকে আকৃষ্ট হয় এবং নিজেরাও বড়দের অনুকরণে বাসায় চা বানানো, মেঝে পরিষ্কার করা অথবা কাউকে খাইয়ে দেওয়ার চেষ্টা করার মত নানা ধরণের মজার মজার সব কাজকর্ম করে। এই রকম অনুকরণমূলক খেলাধুলার সময়ে তারা নানা ধরণের পরিকল্পনা, বিমূর্ত চিন্তাভাবনা ও যে চরিত্রগুলোকে অনুকরণ করছে তাদের সম্পর্কে নিজস্ব ধারণাগুলোকে হাজির করে। ছোট ছোট শিশুরা নিজেদের সমবয়সীদের সাথে মূলত এইসব অনুকরণমূলক খেলাধুলা করে থাকে। বড়দের উপস্থিতিতে তাদের গান গাওয়া, কবিতা/ ছড়া আবৃত্তিসহ ভিন্ন ধরণের দলগত কার্যক্রম করতে দেখা যায়। এই বয়সকালের শেষ সময়ে, ২- ৩ জন বাচ্চাকে দলবদ্ধভাবে একসাথে নানা ধরণের খেলনা নিজেদের ভাগাভাগি করে খেলতে দেখা যায়। শিশুরা নানা ধরণের ছবি ও ছবি সম্বলিত বই দেখতে খুবই পছন্দ করে এই বয়সে। এই সময়ে তারা কোনো ছবির খুঁটিনাটি খুঁজে বের করতে পারে, তাদের নিজেদের কোনো অভিজ্ঞতা বা নিজেদের দেখা কোনো ঘটনার সাথে কোনো ছবি মিলে গেলে সেটাকে চিহ্নিত করতে পারে এবং অন্যদের দেখায়।

শিশুদের জন্মের এই পর্যায়টিকে তাই অনেক সময়েই “দুর্দমনীয় দুই” বলা হয়ে থাকে, কেননা এই সময়টাতেই মূলত শিশুরা তাদের স্বাধীনতার প্রকাশ ঘটাতে শুরু করে এবং নিজের জীবন ও কাজে উপর আত্মনিয়ন্ত্রণের ক্ষমতাকে বেশ উপভোগ করে। ঠিকমত শেখানো গেলে এই সময়ে শিশুরা নিজেই যাতে নিজের যত্ন নিতে পারে, এমন অনেক কার্যক্রম  খুব দ্রুত শিখে নেয়, যেমনঃ কাপ হতে পানি পান করা, নিজে নিজে খাওয়া, নিজের পোশাক নিজে পড়তে পারা, জামা কাপড় খুলে যথাযথভাবে গোসল করা, এমনকি বাড়িতে বিভিন্ন জিনিসপত্র আনা নেওয়া ও টানা টানির কাজেও তারা বেশ সহায়তা করার চেষ্টা করে।  তারা নিজস্ব কাজকর্ম তখন তাদের মত করার চেষ্টা করে এবং নিজের জিনিসপত্র ও কাছের মানুষদের প্রতি বেশ জোরালো অধিকারবোধও জন্মায় তাদের এসময়েই। পরিচর্যাকারী মা বাবা বা অন্য যে কারোরই জন্য এই সময়টা বেশ কঠিন একটা সময়, কিন্তু কষ্ট হলেও তারা যদি একটু ধৈর্য্য আর সহনশীলতা দিয়ে এসময় বাচ্চাকে তাদের সর্বোচ্চটুকু দিয়ে বুঝার ও সহযোগিতা করার চেষ্টা করে, তবে শিশুটি নিজের মধ্যে যে আস্থা, অবিচলতা ও আত্মবিশ্বাস নিয়ে গড়ে উঠবে, সেটাই পরিচর্যাকারীর সবচেয়ে বড় পুরষ্কার।

# বিকাশের মাইলফলক বৃত্তঃ ২ হতে ৩ বছর বয়স পর্যন্ত



**স্থূল পেশি সঞ্চালন**

দৌড়ানো, বলে লাথি দেওয়া, দুই পায়ে লাফ দেওয়া, পেছনের দিকে হাঁটা- এগুলো করতে পারে

সিঁড়ি বেয়ে উপরে উঠতে ও নিচে নামতে পারে, প্রতি পদক্ষেপে দুই পা ব্যবহৃত হয়

ত্রিচক্রযানে (তিন চাকার সাইকেল) চড়তে পারে



**সামাজিক- আবেগিক**

বড়দের অনুকরণে নানা ধরণের কাজ করার চেষ্টা করে

কোনো একটি কাজ সম্পন্ন করার পরে কেউ বাহবা দিলে খুব খুশি হয়

কোনো কিছু বুঝতে পারা ও মনে রাখতে পারার দক্ষতা এই সময়ে গড়ে উঠতে শুরু করে



**সূক্ষ্ম পেশি সঞ্চালন**

দেখে দেখে বৃত্ত ও ক্রস (কাটাকাটি) আঁকতে শেখে

বড়দের মত করে নানা রঙের চক হাত দিয়ে ধরতে শেখে

যেকোনো পাত্রের মুখ অল্প একটু খুলেই তার মধ্যে ছোটখাটো বস্তু রাখতে পারে



**যোগাযোগ ও ভাষা**

সর্বনাম, পদান্বয়ী অব্যয়, বিশেষণ ইত্যাদি ব্যবহার করে তিন শব্দের সরল বাক্য ও প্রশ্নসূচক বাক্যও গঠন করতে পারে

পরস্পর সম্পর্কযুক্ত এমন দুই থেকে তিনটা নির্দেশনা বুঝতে পারে

বিভিন্ন ঘটনা ও ভাবনা চিন্তার মধ্যে দিয়ে যোগাযোগের অভিজ্ঞতা বাড়ে, কোনো কিছু বুঝতে না পারলে হতাশও হয়

**বুদ্ধিমত্তা**

বস্তুর সাথে সংশ্লিষ্ট ছবির মিল করতে ও (বোর্ড পাজল হতে) বিভিন্ন আকৃতি অনুযায়ী কোনো কিছুকে কাটতে/ ভাগ করতে পারে

কোনো একটি সুনির্দিষ্ট বৈশিষ্ট্য যেমনঃ রঙ অথবা আকৃতি অনুযায়ী একাধিক বস্তুকে পৃথক দলে ভাগ করতে পারে






**স্বনির্ভরতা**

নিজে নিজেই গোসল করতে এবং জামা কাপড় পড়তে ও খুলতে শেখে

কখন প্রশ্রাব করবে আর কখন পায়খানা করবে, সেটা আলাদা করতে পারে

নিজের ও বাড়ির বিভিন্ন জিনিসপত্র দূরে কোথাও সঠিক জায়গায় তুলে রাখতে পারে

## বিবেচনার বিষয়সমূহ

লক্ষ্য করুন শিশুরা ভিন্নভাবে হাঁটে কিনা, যেমন পায়ের পাতায় ভর দিয়ে, প্রশস্ত চলনভঙ্গি বা ভাঙ্গা হাটু দিয়ে হাটা অথবা শিশুরা বসা থেকে উঠতে ও ফিরতে খুব কম দক্ষ এবং পেশি সঞ্চালন পরীক্ষা করতে রেফার করুন। *পরীক্ষা ও রিসোর্স পরামর্শের জন্য **Disabled Village Children,** অধ্যায় ৬ঃ **"Guide for Identifying Disabilities"** রেফার করুন*। যে শিশুরা হাঁটতে, দৌড়াতে বা চলাফেরা উপভোগ করেনা অথবা যারা বার বার পরে যায় কিংবা বাধা অতিক্রম করতে সমস্যা হয় তাদের হয় পেশি সঞ্চালন দক্ষতায়, পেশি সঞ্চালন পরিকল্পনায় নয়ত দৃষ্টিগত সক্ষমতায় সমস্যা আছে। অনুগ্রহ করে ক্লিনিক্যাল পরীক্ষা নিশ্চিত করন এবং *ধারণার জন্য পেশি সঞ্চালন রিসোর্স ফোল্ডারে **"Motor Planning"** এবং **Helping Children who are Blind,** অধ্যায় ৪ **"Finding out what your child can see"** ও অধ্যায় ১০: **"Movement"** রেফার করুন*।

আশ্চর্যজনক উচ্চ মাত্রায় অবিরত ক্রিয়ারত শিশু- সর্বদাই দৌড়াচ্ছে, লাফাচ্ছে, টোকা দিচ্ছে- যেন এক জায়গায় থাকা অথবা একটা কাজ করা অসম্ভব, ইন্দ্রিয় সম্পর্কিত বিষয় বা মনোযোগ সংক্রান্ত বিষয় অথবা আবেগ নিয়ন্ত্রণ বিষয়ে সমস্যা থাকতে পারে। *অনুগ্রহ করে **Sensory Resources Folder-**এ **Sensory Processing Checklist** রেফার করুন এবং প্রয়োজনে আরও পরীক্ষা নিরীক্ষার জন্য প্রেরণ করুন*।

ছোট বস্তু সামলাতে, নিয়ন্ত্রণমূলক কাজ করতে, বা সাধারণ আঁকড়ে ধরার কাজে কোন প্রকার অদক্ষতা দেখানো, এ সকল কিছুই হাতের ব্যবহার বিকাশে বিলম্বতা বা প্রতিবন্ধকতার লক্ষণ অথবা দৃষ্টি প্রতিবন্ধকতার লক্ষণ। অনুগ্রহ করে ক্লিনিক্যাল দৃষ্টি পরীক্ষার জন্য প্রেরণ করুন এবং *কার্যক্রমের ধারণার জন্য **Developing Grasp in the Fine Motor Resources Folder** †রফার করুন*।

অস্পষ্ট কথা ও অশুদ্ধ উচ্চারণ হতে পারে কিছু শ্রবণ ক্ষমতার হ্রাসের কারণে যার মাঝে অন্তর্ভুক্ত আছে বারংবার কর্ণ সংক্রমণ অথবা কর্ণের কাঠামো সংক্রান্ত বিষয়। শ্রবণ ও কথা বলার ক্লিনিক্যাল পরীক্ষা করা হয়েছে নিশ্চিত করুন। *এছাড়াও নিরীক্ষা পরামর্শের জন্য **Helping Children who are Deaf,** অধ্যায় ৫ঃ **What can your child hear?** এবং কিছু কর্মকান্ডের ধারণার জন্য অধ্যায় ৩ঃ **Guidelines for Teaching Language, for some activity ideas** রেফার করুন। এছাড়াও**CommDeall Intervention Manuals for Toddlers and Preschoolers, AYJNIHH Speech and Language Stimulation and NIMH Manual on Early Intervention Series'** রেফার করুন*।


যখন শিশুদের শব্দভাণ্ডারে অল্প শব্দ থাকে, তারা কথার মাধ্যমে নিজেদের প্রকাশ করতে পারেনা, তখন তিন বা তা অধিক শব্দের বাক্য ব্যবহার করবেন না, সেখানে ভাষার বা সম্পর্ক ও সামাজিক মিথস্ক্রিয়ার ব্যাখ্যার বিষয় থাকতে পারে। বিস্তারিত সমস্যার অন্যান্য লক্ষণ দেখুন যেমন সহজ নির্দেশনা অনুসরণ করার বা অনুবর্তিতা স্মরণ রাখার অক্ষমতা। যে সকল শিশুর সম্পর্ক ও সামাজিক মিথস্ক্রিয়ায় সমস্যা আছে তারা নিজেদেরকে নিয়েই বেশি সময় কাটায়, অন্য শিশুদের সাথে ছোট দলে খেলতে পারেনা বা চায় না, এই বয়সের শিশুদের জন্য যা স্বাভাবিক সেই শেয়ার করতে পারেনা এবং এই শিশুরা অস্বাভাবিক আচরণ করে যেমন নিজেদের সমস্যা নিজেরাই সমাধান করে বড়দের কাছে সাহায্য না চেয়ে। এটা হতে পারে সামাজিক অবস্থার ফলাফল যেমন একটি শিশু একাকী হয়ে পড়ে বা অটিজমের লক্ষণ হতে পারে। এধরণের শিশুদের অন্যান্য লক্ষণ দেখা দিতে পারে যেমন চোখাচোখি অপছন্দ করা, গৎবাঁধা খেলা ও কোন ইন্দ্রিয়গ্রাহ্য কিছু খুব পছন্দ বা অপছন্দ করা। *অনুগ্রহ করে রিসোর্স ও ধারণার জন্য এবং আরও পেশাগত পরীক্ষার ও সহায়তার জন্য **"Autism Information and Resource Centre"** জাতীয় ট্রাস্ট ওয়েবসাইট **http://autismresourcecenter.in/Default.aspx#** রেফার করুন*।সকল শিশুর নিজেকে সঠিকভাবে প্রকাশ করা দরকার তাই শিশুদের প্রয়োজন বুঝতে এবং চিহ্ন ভাষা, চিত্র ও অন্যান্য পদ্ধতি যা কার্যকরভাবে কথা প্রকাশ করে তা বিবেচনা করতে *অনুগ্রহ করে যোগাযোগ রিসোর্স ফোল্ডারের **"Communication Assessment"** রেফার করুন*। *কার্যক্রম পরামর্শের জন্য*

***CommDeall Intervention Manuals for Toddlers and Preschoolers, AYJNIHH Speech and Language Stimulation and NIMH Manual on Early Intervention Series 3 (Speech, language and communication)*** *রেফার করুন। প্রয়োজনে দয়া করে স্পিচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপিস্ট রেফারেল বিবেচনা করুন*।

তিন বছর বয়সে, শিশুরা অবশ্যই দুই ধাপের নির্দেশনা বুঝতে পারবে, অঙ্গ প্রত্যঙ্গের নাম বলতে পারবে, চিত্রে কার্যকলাপ দেখাতে পারবে, ছড়া বলতে পারবে, বস্তু ও চিত্র মেলাতে ও বাছাই করতে পারবে ছোট ও বড়, অল্প ও বেশি ধারণার বোধগম্যতা দেখাতে পারবে। এ সকল ক্ষেত্রে বিলম্বতাপ্রথমদিকের বছরগুলোতে পরিচিতি ও সুযোগের অভাব নির্দেশ করে, এবং সমৃদ্ধ খেলা কার্যক্রম শিশু দ্রুত ধরতে সহায়তা করবে। বিলম্বতা বোধশক্তির অভাবেরও লক্ষণ হতে পারে। *বোধগম্যতার রিসোর্স ফোল্ডারের* ***"Activities for Making learning more joyful for children"*** *রেফার করুন।* ***NIMH Manual on Early Intervention Series1 (Cognition, Audition and Fine Motor),*** *এবং* ***Disabled Village Children*** *পৃষ্ঠা ৩১৮ ও রেফার করুন*।

এই বয়সে শিশুদের খাওয়ায় স্বাধীন এবং গোসলে ও পরিধানে সহায়তা এবং উপভোগ করা ও এই স্বাধীনতাগুলো চাওয়া উচিৎ। শিশুরা টয়লেট নিয়ন্ত্রণ করতে পারে। উন্নয়নের কোন ক্ষেত্রে বিলম্বের কারণে কম সুযোগ বা এই কাজগুলো আয়ত্ত করায় সমস্যার জন্য এই ক্ষেত্রগুলোতে বিলম্ব হতে পারে। লালা ঝড়া, সর্দি ঠাওর না করা, খালি পায়ে হাঁটতে বাধা দেওয়া বা এই সংবেদনে মাত্রাতিরিক্ত সংবেদনশীলতা ইন্দ্রিয় সহিষ্ণুতা ও গ্রহণক্ষমতা নির্দেশ করে*। ইন্দ্রিয় রিসোর্স ফোল্ডারের ইন্দ্রিয় প্রক্রিয়া চেকলিস্ট রেফার করুন এবং প্রয়োজনে আরও পরীক্ষা নিরীক্ষার জন্য পাঠান। নিজের যত্নে স্বাধীনতা শিক্ষণে বিস্তারিত পরামর্শের জন্য* ***Disabled Village Children,*** *অধ্যায় ৩৬-৩৯ রেফার করুন*। খাওয়ায় সমস্যা যেমন অত্যাধিক বা খুব কম ক্ষুধা, কম চাবানো এবং নির্দিষ্ট কোন কিছুতে সহনীয়তা কম এসকল শিশুদের আরও ক্লিনিক্যাল পরামর্শের জন্য রেফার করুন। মনে রাখবেন দৃষ্টি বা ইন্দ্রিয় প্রতিবন্ধী শিশুদের মাঝে মাঝে খেতে সমস্যা হয়।

## খেলার মাধ্যমে ইন্টারভেনশন



শিশুদের ঘরে ও বাহিরে খেলা, উপরে চড়া, দৌড়ানো, লাফানো এবং নাচার জন্য প্রচুর সময় দিন। তাদের নড়াচড়া এবং আস্থা উন্নয়নের জন্য তাদের সক্ষমতার মধ্যে পরিবেশ ও চ্যালেঞ্জ নির্ধারণ করুন, তাদের ভারসাম্য ও সমন্বয়ের গুরুত্বপূর্ণ দক্ষতা বৃদ্ধির জন্য তাদের সক্ষমতার মধ্যে চ্যালেঞ্জ প্রদান করুন। বিভিন্ন পরিস্থিতিতে খেলা- বালু, ঘাস এবং কাদা এগুলো তাদের ভাল ইন্দ্রিয় প্রতিক্রিয়া দেবে এবং সার্বিক শক্তি বৃদ্ধিতে সাহায্য করবে।




শিশুদের সাভাবিক কৌতুহলকে উৎসাহিত করুন এবং আপনার অনুকরণ করতে দিন, আপনার পাশে তাদের ছোট কাজ করতে দিন। শিশুদের নিরাপদে নিজের পরিবেশ অনুসন্ধান করতে সাহায্য করুন এবং তারা যে সকল বিষয়ে অভিজ্ঞতা অর্জন করছে তাদের উপর সহজ ভাষায় লেভেল লাগান।



পুরাতন কাপড়, অব্যবহৃত পাত্র এবং অন্যান্য গৃহস্থালি পণ্য একদিকে রাখুন এবং শিশুকে খেলতে উৎসাহ দিন। এধরণের খেলা শিশুকে পরিবেশের বিভিন্ন বস্তুর কার্যকারিতা শেখায় এবং তাদের অনুশীলন করতে এবং পেশি সঞ্চালন ও সামাজিক দক্ষতা উন্নয়নে সাহায্য করে। সহজ শব্দ ব্যবহার করে তাদের সাথে কথা বলুন তারা যা করছে।



এই বয়সে শিশুরা স্বাধীন থাকতে ভালবাসে। তাদের ভাষা শেখা, পেশি সঞ্চালন দক্ষতা বৃদ্ধি, ধারাবাহিকতা এবং সমস্যা সমাধানে অনেক সুযোগ দিতে দৈনন্দিন রুটিন এবং গৃহস্থালি কাজ ব্যবহার করুন। তাদের আপনার জন্য ছোট দানা তুলে পাত্রে রাখতে দিন, পোশাকের একটি উপাদান ছাড়ুন, শিশুকে তা খেয়াল করতে দিন এবং তাকে তা নিয়ে আসতে বলুন; তাদের পোশাক পরিধানের ধারাবাহিকতা শেখান- "মাথা ভেতরে, বাম হাত, ডান হাত, নিচে!" এভাবে শিশুকে অগণিত দক্ষতা শেখানো যায় যা শিখন ও চিন্তন দক্ষতাকে সহায়তা করে। শিশুকে স্বাবলম্বী হতে উৎসাহিত করুন কিন্তু কিভাবে সাহায্য নিতে হয় তাও শেখান।



বই, চিত্র ও ছাপানো কিছু শিশুকে দেখান। তাদের বালির মধ্যে লাঠি দিয়ে হিজিবিজি আঁকতে দিন, ছবির অ্যালবামের পাতা উল্টাতে দিন, পত্রিকা বা ম্যাগাজিন থেকে ছবি ছবি খুঁজে বের করতে দিন। সহজ ধাঁধা বা খেলনা বানান যা একত্রে মিলে যায় এবং বাড়ির আশেপাশে ছড়িয়ে থাকে।

*বাসায় তৈরি খেলনার ধারণা আছে নাটকে এবং বুদ্ধিমত্তা রিসোর্স ফোল্ডারে "খেলনা" এবং* ***Disabled Village Children:*** *অধ্যায় ৪৯:* ***A children's workshop for making Toys*** *এ। অধ্যায় ৩৫ এ প্রাথমিক খেলা কার্যক্রম ও খেলনার পরামর্শ আছে।*

## তিন বছর থেকে চার বছর

চার বছর বয়সে শিশু শরীর ভালভাবে নিয়ন্ত্রণ করতে পারে। তারা সিড়িতে উপর ও নিচে দৌঁড়াতে পারে, ঢাল বুঝতে পারে, দৌঁড়ানোর সময় গতি পরিবর্তন করতে পারে, দূরত্ব ও গতি বিচার করতে পারে, গর্তের উপর লাফ দিতে পারে এবং ব্যাট বল নিয়ে খেলতে পারে। তাদের হাত সুন্দর কাজ করাতে সক্ষম, নিজেদের যত্ন নেয়ার সকল কাজে তাদের স্বনির্ভর করে তোলে। তারা জামার বোতাম লাগাতে পারে, কেঁচি দিয়ে কাটতে পারে এবং এক হাতে কোন কিছু ধরে রাখতে পারে অন্য হাত দিয়ে কাজ করার সময় যেমন তালা চাবি ব্যবহার।

আরো স্বাধীনতা ও সামাজিক দক্ষতা শিশুদের অন্য শিশুর সাথে বেশি সময় থাকা নিশ্চিত করে। তারা নিয়ম শেখে এবং তাদের বন্ধুদের সাথে জটিল খেলা খেলতে পারে। অভিনয় খেলা আরও সম্প্রসারিত হয় এবং সর্ব ইন্দ্রিয় সরঞ্জামাদির সাথে অভিনয় করে। খেলাধুলা সামাজিক আলোচনার এবং ভাষার অনুশীলনের খুব গুরুত্বপূর্ণ উপায়। শিশুরা স্পষ্টভাবে বড় জটিল, ব্যাকরণগত শুদ্ধ বাক্য বলছে। খেলার ধারাবাহিকতা নিয়ে তারা আলোচনা ও পরিকল্পনার মাধ্যমে তারা পরিকল্পনা করা, আলোচনা করা, কারণ অনুসন্ধান, স্মরণ রাখা, ধারাবাহিকতা এবং অন্যান্য দক্ষতা আয়ত্ব করতে পারে।

শিশুরা এখনও পরামর্শ ও নিরাপত্তার জন্য প্রাপ্তবয়স্কদের উপর নির্ভরশীল এবং অনবরত কথা বলে, জিজ্ঞাসা করে, ব্যাখ্যা দেয় ও ঘটনাসমুহের সম্বন্ধ স্থাপন করে, স্বীকৃতি ও সহায়তা খোঁজে। ভাষা তাদের অনুভূতি ও চিন্তা প্রকাশ করার উপায় করে দিয়েছে। এটা বিরতিহীন প্রশ্নের বয়স, কোন কিছু কিভাবে কাজ করে তার আচরণের নিয়ম ভালভাবে বোঝার জন্য তারা তা খুঁজতে থাকে।

শিশুরা গল্প ও ঘটনা মনে রাখতে ও তা পুনরায় বলতে পারে। তারা কোন ছবি দেখে ও নিজের কল্পনা শক্তি ব্যবহার করে গল্প বলতে পারে। শিশুরা এখন তাদের চিন্তা অংকনের মাধ্যমে প্রকাশ করতে পারে যদিও মাঝে মাঝে তার বিস্তারিত ব্যাখ্যার প্রয়োজন হয়। তারা কাঠামো যেমন বিড়াল, গাছ ও বাড়ি অনুকরণ করতে পারে বিস্তারিতভাবে। অনেক শিশু কাদা, ব্লক বা সহজলভ্য অন্যকিছু দিয়ে বিশদ কাঠামো তৈরি করে। তাদের বস্তু ব্যবহার করে তাদের ধারণা ও স্মৃতি প্রতিনিধিত্বকারী সমগ্র শহর বা অনুভূতি গঠন করার সক্ষমতা রয়েছে।

শিশুরা এই বয়সে গান, ছড়া, বর্ণ ও সংখ্যা আবৃত্তি করে। অনেকে বর্ণ, তাদের নাম, এবং অন্যান্য চিহ্ন চিনতে পারে যা তারা বারংবার দেখে। অনেক শিশু এক-এক মিলাতে এবং পাঁচ পর্যন্ত সঠিকভাবে গুণতে পারে। শিশুরা আকার অনুযায়ী বস্তু সাজাতে পারে। শিশুদের দল, বালক-বালিকা, শিশু-প্রাপ্তবয়স্ক, পশু ও পাখির ধারণা থাকে। তাদের জ্ঞানের সীমা তাদের পরিবারকে ছাড়িয়ে যায় এবং তারা জানে উদাহরণস্বরূপ ডাক্তার কি করেন এবং পরিবারের সদস্য অসুস্থ হলে ডাক্তারের কাছে যাওয়ার পরামর্শ দেয়।

এই বয়সের শিশুরা কার্যকর সমস্যা সমাধানকারী, তথ্য সন্ধানকারী এবং তাদের বিস্তৃত বিশ্বে উদ্যম।

# বিকাশের মাইলফলক বৃত্ত: তিন থেকে চার বছর



**স্থূল পেশি সঞ্চালন**

বল ছোঁড়া ও ধরা

সিঁড়ির উপরে হাঁটা, পা বদল করা

এক পায়ে দাঁড়াতে পারা এবং কমপক্ষে এক বা দুই বার এক পায়ে লাফানো




**যোগাযোগ ও ভাষা**

কথা স্পষ্ট ও সহজে বোধগম্য

ব্যাকরণগত শুদ্ধ বাক্য

আলাপচারিতায় বিভিন্ন প্রশ্নের কাঠামো বোঝা ও ব্যবহার




**সূক্ষ্ম পেশি সঞ্চালন**

বিভিন্ন টুকরা দিয়ে ব্লক তৈরি

অল্প বোঝা যায় এমন অংকন- চেহারার অনুভূতি

অনেক ধাপে সহজ অংকন অনুকরণ করতে পারা (বিড়াল, বাড়ি ইত্যাদি)



**সামাজিক আবেগিক**

অন্যান্য শিশুদের সাথে খেলায় অংশগ্রহণ

খেলায় নিয়ম অনুসরণ

দায়িত্বগ্রহণে আগ্রহ

**বুদ্ধিমত্তা**

পরিমাণ, দিক ও আকার বুঝতে পারা

খেলা ও নিজের যত্ন কার্যক্রমে ধারাবাহিকতা মনে রাখা ও করতে পারা

অভিজ্ঞতা মনে রাখা ও যা ঘটেছে তার কারণ ব্যাখ্যা করতে পারা






**স্ব নির্ভর**

স্বনির্ভরভাবে খেতে ও পান করা

স্বনির্ভরভাবে টয়লেটে যাওয়া ধোয়া ব্যতীত

নিজের হাত ধোয়া ও শুকানো এবং মুখ ও নাক পরিষ্কার করা

## বিবেচনার বিষয়সমূহ

যেকোন পেশি সঞ্চালন মাইলফলকে চলার ভঙ্গি যা দৃষ্টিকটু, ধীর বা অস্বাভাবিক, জায়গা স্থানান্তরে এবং পশ্চাৎপদাচরণে দুর্বল মনে হলে সাথে সাথে বিস্তৃত ক্লিনিক্যাল পরীক্ষা নিরীক্ষা করতে হবে। চার বছর বয়সে শিশু খাটো থাকে এবং স্বাধীনভাবে বেড়ে উঠতে থাকে যদি তা অর্জিত না হয় তবে *ফিজিওথেরাপী পরীক্ষা নিরীক্ষা করার রেফার করতে হবে*।

শিশুরা এক হাতে বল ছুড়তে ও দুই হাতে বল ধরতে পারবে এবং ব্যাট দিয়ে বলে আঘাত করতে পারবে। দুর্বল পেশি সঞ্চালন পরিকল্পনা, ক্ষীণ দৃষ্টি বা পেশি সঞ্চালনে কম ক্ষমতা এই ক্ষেত্রে সমস্যার কারণ হতে পারে। পুষ্টি, পেশি সঞ্চালনে দৃঢ়তা, দৃষ্টিগত সক্ষমতা এবং পেশি সঞ্চালন পরিকল্পনা পরীক্ষা করতে হবে এবং *পরীক্ষা ও রিসোর্স পরামর্শের জন্য* ***Disabled Village Children, Chapter 6: "Guide for Identifying Disabilities"***, *পেশি সঞ্চালন রিসোর্স ফোল্ডারের* ***"Motor Planning"*** *এবং ধারণার জন্য* ***Helping Children who are Blind, Chapter 4 "Finding out what your child can see"*** *রেফার করুন*।

মাঝে মাঝে বোতাম খুলতে ও লাগাতে সূক্ষ্ম পেশি সঞ্চালন দক্ষতায় সমস্যা দেখা যায়। *এসকল ক্ষেত্রে শিশুর উন্নয়ন পর্যালোচনার জন্য সুক্ষ্ম পেশি সঞ্চালন রিসোর্স ফোল্ডারের* ***"Sequential development of grasp"*** *ব্যবহার করুন*। লক্ষ্য করুন শিশুর আঙ্গুল সোজা করতে, চাতুর্যে ও উপলব্ধিতে সমস্যা আছে কিনা। যদি এসকল ক্ষেত্রে সমস্যা থাকে আপনি আঁকানো, লেখা, রঙ করা এবং এরকম অন্যান্য কর্মকান্ডেও সমস্যা দেখবেন। *কার্যক্রম পরামর্শের জন্য সূক্ষ্ম পেশি সঞ্চালন রিসোর্সের* ***"Developing Grasp"&"Developing fine motor skills"*** *রেফার করুন*। ক্ষীণ দৃষ্টি সম্পন্ন, দৃষ্টিগত সমস্যা জনিত, শিখন প্রতিবন্ধী অথবা বুদ্ধিপ্রতিবন্ধী শিশুদেরও এই ক্ষেত্রগুলোতে প্রতিবন্ধকতা হয়। পেশাগত পরীক্ষা নিরীক্ষা ছাড়া স্বল্প ইন্দ্রিয় বা প্রক্রিয়াকরণ ইস্যু সহজেই বাদ পড়ে যেতে পারে। সম্ভাব্য বিবেচনার বিষয়গুলোর জন্য কিছু রিসোর্স যেমন ***"LD Checklist", Helping Children who are Blind, Chapter 4 Finding out what your child can see"*** *রেফার করুন। ইন্টারভেনশনের ধারণার জন্য জ্ঞানমূলক রিসোর্স ফোল্ডারের* ***"Tools for Classroom Activities"*** *ও* ***NIMH Manual on Early Intervention Series1 (Cognition, Audition and Fine Motor) and "Activities for Making learning more joyful for children"*** *রেফার করুন*।


শুদ্ধ উচ্চারণ সমস্যা সাথে চাবানো, গলধকরণে, পান করতে এবং খেতে সমস্যা oromotor এর সমস্যা নির্দেশ করে এবং ক্লিনিক্যাল পরীক্ষা নিরীক্ষা দরকার। যদি শিশুর বাচন স্পষ্ট না হয়, ভাল প্রকাশযোগ্য ভাষা না থাকে, ব্যাকরণগত অশুদ্ধ বাক্য হয় তবে শিশুর চাহিদা বোঝা শুরু করার জন্য *যোগাযোগ রিসোর্স ফোল্ডারের* ***"Communication Assessment"*** *রেফার করুন। কার্যক্রম পরামর্শের জন্য* ***CommDeall Intervention Manuals for Toddlers and Preschoolers, AYJNIHH Speech and Language Stimulation and NIMH Manual on Early Intervention Series 3 (Speech, language and communication)*** *রেফার করুন। প্রয়োজনে কথা বলা ও ভাষা থেরাপিস্টের কাছে রেফার করুন*।

অতিরিক্ত লাজুক, সামাজিক অবস্থা থেকে দূরে থাকা, দল বা পরিবারের সদস্যদের সাথে মিথস্ক্রিয়া করে না এমন শিশুদের সামাজিক দক্ষতা উন্নয়নে সহায়তার প্রয়োজন। তাদের পূর্ব অভিজ্ঞতা এবং বর্তমান রুটিন দেখে বোঝা যাবে যে তারা শিশুর পর্যাপ্ত সামাজিক উদ্দিপনা আছে কিনা। অন্যান্য চিহ্ন চেক করুন- যারা অপ্রাসঙ্গিক কথা বলে, প্রশ্ন বার বার করার পর উত্তর দেয়, নিজের সাথেই কথা বলে বা অপ্রাসঙ্গিক বাক্য বলে এসকল শিশুকে যথার্থ ইন্টারভেনশন কৌশল নির্ধারণের জন্য পরীক্ষা নিরীক্ষা এবং বিভিন্ন রোগ নির্ণয় পরীক্ষা করতে হবে। *রিসোর্স ও ধারণার জন্য* ***"Autism Information and Resource Centre" on the National Trust website http://autismresourcecenter.in/Default.aspx#*** *রেফার করুন এবং আরও মূল্যায়ন ও পরামর্শের জন্য রেফার করুন*। মাত্রাতিরিক্ত সংবেদনশীলতা বা নির্দিষ্ট শব্দ, অঙ্গবিন্যাস, স্পর্শ, চলাচল, আলো বা রঙের প্রতি অতি

আসক্তি ইন্দ্রিয় সমস্যা যার জন্য আরও অনুসন্ধান ও সহায়তা প্রয়োজন। *প্রয়োজনে আরও মূল্যায়নের জন্য অনুগ্রহ করে ইন্দ্রিয় রিসোর্স ফোল্ডারের ইন্দ্রিয় প্রক্রিয়া চেকলিস্ট রেফার করুন*।

## খেলার মাধ্যমে ইন্টারভেনশন

এই বয়স সীমার শিশুরা অন্য শিশুদের সাথে খেলতে শুরু করে এবং এই অভিজ্ঞতা তাদের জন্য খুব গুরুত্বপূর্ণ। তারা এখন আলাপচারিতার দক্ষতা ও সামাজিক দক্ষতা ব্যবহার করছে যা তারা প্রারম্ভিক বছরে তাদের সেবাদানকারীদের কাছে শিখেছে। তারা দৌড়ানো ও ধরার মত নড়া চড়া ও সরল নিয়মের খেলা খেলে। আবার বাবা মা ও শিক্ষকের অভিনয় করতেও ভালবাসে। শিশুরা প্রতিকী রূপে পরিবেশের বিভিন্ন বস্তু সৃজনশীলভাবে ব্যবহার করতে পারে এবং মেঘে তুমি কি দেখ, পাথর কত রকমে ব্যবহার করা যায় (চাকা ঘোরা থেকে থামাতে, তেলাপোকা মারতে, আঁকাতে) এধরণের খেলা খেলতে পছন্দ করে। এধরণের খেলা তাদের চিন্তন দক্ষতা, ভাষা ও শব্দভাণ্ডার গড়ে তোলে।





শিশুরা গল্প শুনতে ভালবাসে, বিশেষ করে তাদের সম্পর্কে বা এমন কারো সম্পর্কে যাকে তারা চেনে। তারা কাল্পনিক ব্যক্তি বা প্রাণী নিয়ে সহজ গল্প বুঝতে পারে এবং মাঝে মাঝে একই গল্প বার বার শুনতে চায়। এটি তাদের ভাষা প্রক্রিয়াকরণে, মনে রাখতে ও গল্পটি অনুক্রমিকভাবে স্মরণ রাখতে সাহায্য করে। অলঙ্করণ যোগ করা ও অঙ্কনে তাদের যুক্ত করা তাদের সৃজনশীলতা এবং হাতের দক্ষতা অনুশীলনের আনন্দদায়ক পন্থা।

শিশুদের কিছু তৈরি করার জন্য অসংখ্য সুযোগ দিন- বাইরে তাদের জায়গা দিন যেখানে তারা ফুল, পাথর ও অংকন দিয়ে সাজাবে; তাদের পুরাতন পাত্র দিন যা তারা রঙ করবে অথবা পুরাতন খবরের কাগজ দিন যা তারা কেটে কোলাজ বানাবে। তাদেরকে বাক্স দিয়ে তাক বা চিঠির জন্য খাম বানাতে বলুন। এগুলো করার মাধ্যমে তারা আকার, ওজন, পরিমাণ ও পরিমাপ সম্পর্কে শিখবে। তারা তদের বিদ্যালয়ের বছরগুলোর জন্য প্রস্তুত হচ্ছে যেমন তাদের খেলা তাদের অনুমান করার সক্ষমতা, একাগ্রতা ও তাদের হাতের কার্যকরী ব্যবহার উন্নত করছে।





এই সময়ের পর শিশুরা নিজের যত্নে কিঞ্চিত স্বনির্ভর হবে। যে কাজ তাদের জন্য কষ্টকর তা তাদের দেখিয়ে দিন, যেন তারা দেখে ও অনুকরণ করে, এর সাথে ধাপগুলো বলুন এতে কাজের অনুক্রম ঠিক রাখার মাধ্যমে নিজেদের নির্দেশনা দেয়ার জন্য তারা ভাষা ব্যবহার করবে।

## চার থেকে ছয় বছর

**এই বয়সের গুরুত্ব**

চার ও ছয়ের মাঝে ক্রমবর্ধমান সমন্বয়, ভারসাম্য এবং সূক্ষ্ম পেশি সঞ্চালন নিয়ন্ত্রণ শিশুকে গোসল, পরিধান ও জুতার ফিতা বাঁধার মত নিজ যত্নের ক্ষেত্রে বেশ স্ব নির্ভর করে তোলে।

শিশুরা আঁকানো, কেঁচি ব্যবহার করে কাটা ও সরল সরঞ্জামাদি নিজ কাজে ব্যবহার করতে আরও দক্ষ হয়ে ওঠে। এই দক্ষতা গুলোতে এক হাত নেতৃত্ব দেয় যেখানে আরেক হাত সহায়তা করে। এই সময় থেকে শিশু এক হাতকে অন্য হাতের চেয়ে অগ্রাধিকার দেয়।

শিশুরা ভারসাম্য চ্যালেঞ্জ কাজ যেমন এক পায়ে লাফ, ডিগবাজী, লাফানো উপভোগ করে এবং সাইকেল চালানো, বল ধরা, ছোড়া এবং ব্যাট দিয়ে আঘাত করার মত সমন্বয় সাধন ভালভাবে করতে পারে। শিশুরা দলে খেলতে পছন্দ করে; তারা নিয়ম বোঝে ও মেনে চলে এবং সততার অনুভূতি গড়ে ওঠে।

এই পর্যায়ে শিশু সহজে এবং অবিরত কথা বলতে পারে। শিশুরা সামাজিক আলাপচারিতার নিয়ম ও রীতি নীতি শিখবে কিন্তু এই সময়ের শেষের দিকে তা ধারাবাহিকভাবে মেনে চলতে পারবে।


শিশু আচরণ বিধি সম্পর্কে প্রাপ্তবয়স্কদের প্রশ্ন শুরু করে এবং প্রায়ই তা পালন করার পূর্বেই তা বুঝতে চায়। এই বয়সে সামাজিক পরিস্থিতি বিশ্লেষণ ও প্রতিক্রিয়া প্রদানের সক্ষমতা থাকে। প্রারম্ভিক পর্যায়ে, শিশু কিছু করার আগে প্রাপ্তবয়স্কদের অনুমতির জন্য তাকিয়ে থাকে, কিন্তু বয়স বৃদ্ধির সাথে সাথে তারা নিজেরাই সিদ্ধান্তগ্রহণ করে।

এই বছরগুলোতে বেশ ভাল এটিএম নিয়ন্ত্রণ, সৃজনশীলতা এবং আবেগের বহিঃপ্রকাশ দেখায়। এই সময় আবেগ থাকে লাগামহীন, ক্ষোভ, ভয় ও কৌতুহল সাধারণ আবেগ। কৌতুহল বোধগম্যতার জন্য খুব গুরুত্বপূর্ণ টুল এবং শিশুরা ভাষা দক্ষতা দিয়ে প্রশ্ন করে ও তাদের পর্যবেক্ষণ পরিষ্কার করে।

শিশুরা গল্প শুনতে ও বলতে পছন্দ করে, মাঝে মাঝে উপকরণ তৈরি করে যদি শ্রোতারা সুগ্রাহী হয়। শিশুরা দৈনন্দিন বস্তু নিয়ে বিবৃত দৃশ্য এবং বিভিন্ন পরিস্থিতি বানাতে পছন্দ করে যেমন শিক্ষক, পুলিশ, বাবা ও ডাক্তার সাজা। প্রতিটি শিশুর ব্যক্তিত্ব তাদের পছন্দের খেলার ধরণের সাক্ষী- যে শিশু ধাঁধাঁ খেলতে পছন্দ করে সে বই ও চিত্র দেখে, শিশু বাইরে খেলতে পছন্দ করে বা শিশু ছলনাপূর্ণ খেলায় ঘন্টা অতিবাহিতকরবে।

উপর্যুক্ত সকল উন্নয়নমুলক কাজ শিশুকে বিদ্যালয় ও আনুষ্ঠানিক শিখণের জন্য প্রস্তুত করছে।

## বিকাশের মাইলফলক বৃত্তঃ চার থেকে ছয় বছর



**স্থূল পেশি সঞ্চালন**

ভাল ভারসাম্য ও সমন্বয় উন্নয়ন- গাছে চড়া, স্কিপিং

এক পায়ে লাফানো, লাফানো ও দৌড় খেলা উপভোগ করা

জোড়ায় সংঘবদ্ধ খেলা শুরু করা



**সামাজিক আবেগিক**

অনেক আবেগ প্রকাশ

জোড়ায় বন্ধু আছে ও ভাল বন্ধু থাকতে পারে

অনুষঙ্গ (স্কুল, বাসা, অতিথি, পরিবার ইত্যাদি) অনুযায়ী সামাজিক নিয়ম বোঝা ও মান্য করা।




**বুদ্ধিমত্তা**

দিনের ও সপ্তাহের সময় সম্পর্কে ভাল ধারণা রয়েছে

বিভিন্ন পরিমিতি যেমন কার্য, আকার ইত্যাদির ভিত্তিতে বস্তু আলাদা করতে পারা

সংখ্যা ও পরিমাপের ধারণা আছে







**যোগাযোগ ও ভাষা**

কোন পরিচিত গল্প পুনরায় বলতে পারা

স্মরণ রাখতে এবং পরিচিতি তথ্য যেমন পূর্ণ নাম, ঠিকানা, জন্ম তারিখ বলতে পারা

যথার্থভাবে কোন আলাপচারিতা শুরু ও চালিয়ে যাওয়া





**সূক্ষ্ম পেশি সঞ্চালন**

সীমার মধ্যে রঙ করা

জামার বোতাম লাগানো, পুঁতিতে সুতা পড়ান

জটিল, বিমূর্ত আকার অনুকরণ করা– বর্ণ শেখা

**স্ব নির্ভর**

সহজ গৃহস্থালি কাজে সাহায্য

নিজের পোশাক পরিধান, গোসল ও টয়লেট করতে পারা

প্রয়োজনে সাহায্য প্রার্থনা করা



## খেলা ধুলার মাধ্যমে বিবেচ্য ও অনুসন্ধানের বিষয়সমূহ

এই সময় যখন শিশুরা বিদ্যালয়ে শিক্ষার জন্য প্রস্তুত হচ্ছে। সকল শিশুকে তাদের বিদ্যালয়ে যাওয়ার প্রস্তুতির অংশ হিসেবে তাদের সকল ক্ষেত্রে পূর্ণ পরীক্ষা নিরীক্ষা করতে হবে বিশেষতঃ দৃষ্টি, শ্রবণ এবং সূক্ষ্ম পেশি সঞ্চালন দক্ষতা। এক ক্ষেত্রে বিলম্বতা সকল ক্ষেত্রের কর্মকান্ডে প্রভাব ফেলতে পারে। কোন আংশিক বৈকল্যতা সরল স্ক্রিনিং প্রক্রিয়ায় সহজে বাদ পড়তে পারে।

**পেশি সঞ্চালন দক্ষতা**

এই বয়সে, পেশি সঞ্চালন দক্ষতায় অধিক বিলম্ব নির্ধারণ করা সহজ। *পেশি সঞ্চালন উন্নয়নে বিলম্বতার জন্য* ***NIMH Manual on Early Intervention Series 2: Gross and Fine Motor*** *রেফার করুন*। মনে রাখবেন, একজন কার্যক্ষম শিশু পেশি সঞ্চালনের প্রধান মাইলফলক স্পর্শ করতে পারার পরও সে সমন্বয় নাও করতে পারে। শিশুটি বল ছুড়তে, ধরতে, লাথি দিতে, ব্যাট দিয়ে আঘাত করতে বা এক পায়ে লাফাতে নাও পারে যখন কিনা সে দৌড়াতে পারছে।

কিছু কার্যক্রম পরামর্শ দিন যেমন উচ্চতা ও জায়গায় পরিবর্তন আছে এমন গোলক ধাঁধাঁয় অনুশীলন (কোন ফাঁকা জায়গায় দিয়ে কষ্ট করে বের হওয়া, টুল বা চেয়ারের উপর দিয়ে লাফ দেয়া বা নিচে হামাগুড়ি দেয়া এবং এরকম আরও) এবং ছোট গাড়ি বা সাইকেল বাধা সংকুল রাস্তায় চালাতে এবং ঘোরাতে দিন। প্রথম দিকে গোলক ধাঁধাঁ ভেতরে আপনাকে অনুসরণ করতে শিশুকে সাহায্য করুন এবং বাক্য ও দৃশ্যতঃ ইঙ্গিত প্রদান করুন। *আরও ধারণার জন্য পেশি সঞ্চালন রিসোর্স ফোল্ডারের* ***"Motor Planning"*** *রেফার করুন*।

শিশু যদি বারংবার ছুটে বেড়ায়, কোন কিছু বাধা বিপত্তি করে এবং আছাড় মারে পেশি সঞ্চালন লক্ষ্য করুন, বিশেষ করে ভারসাম্য ও সমন্বয়, কিন্তু খেয়াল করুন শিশুর নিম্ন ক্ষেত্রে দৃষ্টি কমে যাচ্ছে কিনা। আরও কিছু লক্ষ্য খেয়াল করুন যেমন পায়ের কাছে কোন বস্তু দেখার সময় মাথা অতিরিক্ত দুলছে কিনা। দৃষ্টিগত কারণ চক্ষু স্বাস্থ্যে প্রভাবের ফলে যেসকল শিশু দিনের বেলা কর্ম চঞ্চল রাতে তারা হঠাৎ করে শান্ত, ক্লান্ত বা ভীত হয়ে পড়তে পারে। *শিশুকে সহায়তা করার জন্য অনুগ্রহ করে ক্লিনিক্যাল মূল্যায়ন ও পুষ্টি বিবেচনা এবং পরিবেশগত ইন্টারভেনশন রেফার করুন। চলন শিক্ষণ ও নিরাপত্তার ধারণার জন্য* ***Helping Children who are blind,*** *অধ্যায় ১০ ও ১১ রেফার করুন*।

শিশুরা সূক্ষ্ম পেশি সঞ্চালনে বাধা প্রাপ্ত হতে পারে যেমন ঠিকভাবে পেন্সিল ধরা, লাইনের মাঝে রঙ করা, বিভিন্ন ব্লক দিয়ে সোজা টাওয়ার বানানো, শক্তি ও যথার্থতা লাগে এমন সরঞ্জামাদি সরানো, যেমন স্ক্রু ডাইভার। লক্ষ্য করুন আঁকানো ও লেখার সময় কোথায় চাপ পড়ছে তা বেশি দুর্বল না জোড়ালো।*সম্ভাব্য সমস্যাগুলো চিহ্নিত করাতে সূক্ষ্ম পেশি সঞ্চালন রিসোর্সের* ***Simple fine & gross motor developmental milestones*** *রেফার করুন।* শিশুদের সূক্ষ্ম পেশি সঞ্চালন সমন্বয় দক্ষতা উন্নয়নের জন্য সহজ জিনিসযেমন কী-বোর্ড ও ঘোরানো টেলিফোন ব্যবহার করতে দিন এবং তাদের কাগজ ছেড়া ও কোলাজ বানানো, পুতুলে

কাপড় পরানো, আঙ্গুল অংকন খেলতে দিন। বালি, কাদা, জিনিসপত্র, পুতুলের কাপড় ধৌত করা, মোছড়ানো এ সকল কিছু আঙ্গুল ও হাতের সমন্বয় ও সক্ষমতা বৃদ্ধি করে। *আরও কর্মকান্ডের জন্য **Disabled Village Children** পৃষ্ঠা ৩০৫-৩০৬ অনুগ্রহ করে রেফার করুন*।

কোন ইন্টারভেনশন বেশি উপকারে আসবে তা নির্ধারণের জন্য পেশি সঞ্চালন পরিকল্পনায়, কথা বলতে হয় এমন কাজে আনাড়িপনা, বিপত্তিসমুহ এবং ভারসাম্য ও সমন্বয়সাধনে বিপত্তি লক্ষ্য করুন। মাইলফলক অর্জনে বিলম্বের ইতিহাস বা অভিজ্ঞতার অভাব এই সমস্যাগুলো খেলার মাধ্যমে কার্যকর সমস্যা সমাধানের সুযোগ বৃদ্ধি করে সহায়তা প্রদান করা যেতে পারে। যে সকল শিশু এখনও নিশ্চিত নয় যে কোন হাত ব্যবহার করবে, বাম-ডান শেখেনি, বা সহজাত দক্ষতার কাজে সমস্যা আছে তাদের জন্য মাঝরেখা অতিক্রম কর্মকান্ড তাদের লাভবান করবে। একটি লাফানো বল এক হাতে ছুড়ে দিয়ে অন্য হাতে ধরা, বাতাসে অনেক বড় ঘুমন্ত ৪ আঁকানো, দুই হাত একসাথে করে পেন্সিল ধরা, ব্যাট ও বল দিয়ে খেলা, দুই হাতে ব্যাট ধরা এ সকল কাজ। *আরও কিছু ধারণার জন্য আপনি সূক্ষ্ম পেশি সঞ্চালন রিসোর্স ফোল্ডারের **Crossing Midline** এবং পেশি সঞ্চালন রিসোর্স ফোল্ডারের **Motor Planning Activities** রেফার করতে পারেন।*

*ডেভিড ওয়ার্নারের **Nothing About Us without Us (Innovative Technologies)** উপকরণ ও প্রয়োগের রেফারেন্স হিসেবে ভাল যা বসা/দাঁড়ানো জন্য লাগতে পারে।*

**ভাষা যোগাযোগ ও সামাজিক আবেগিক**

এই বয়সে শিশুরা অবশ্যই স্পষ্ট কথা বলে এবং অস্পষ্ট উচ্চারণ বা এলোমেলো কথা শ্রবণ সমস্যা বা শ্রবণেন্দ্রিয় সমস্যা নির্দেশ করে। শিশুরা যাদের বারবার কর্ণ সংক্রমণের ইতিহাস আছে বা যারা কানে কম শোনে তাদেরও এই সমস্যা রয়েছে। সকল ক্লিনিক্যাল পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন হয়েছে অনুগ্রহ করে তা নিশ্চিত করুন। *নিরীক্ষার পরামর্শের জন্য **Helping Children who are Deaf, Chapter 5: What can your child hear?** রেফার করুন*। যে সকল শিশু ব্যকরণগত শুদ্ধ বাক্য, সম্পূর্ণ বাক্য বলতে পারেনা অথবা এখনও দুই তিন শব্দের বাক্য ব্যবহার করে তাদের অনেক সমস্যা থাকতে পারে। *সমস্যার ক্ষেত্র চিহ্নিত করতে যোগাযোগ রিসোর্স ফোল্ডারের **Normal Development of Speech, Language and Communication** রেফার করুন। যোগাযোগ সিদ্ধান্ত বৃক্ষ ভাষা ও যোগাযোগ উন্নয়নে সহায়তা দানে নির্দিষ্ট ধারণা দিবে*।

যদি শিশু কথা না বলে অথবা যেকোন কারণে উল্লেখযোগ্য বিলম্ব হয়, অনুগ্রহ করে যোগাযোগের বিকল্প পদ্ধতি যেমন ইঙ্গিত বা চিত্র ব্যবহার করুন। *অনুগ্রহ করে **Helping Children who are Deaf, Chapter 4: Basic Communication Skills and Chapter 8: Learning to use a sign language and Augmentative and Alternative Communication** রেফার করুন। অন্যান্য রেফারেন্সগুলো হল **Curriculum and Teaching DSE (ASD) Manual, pg. 96Ñ 98 Methods of Intervention & Speech-Language Therapy, DSE (MR) manual. Topic 6: Language and Communication Intervention.***

যে সকল শিশু কোন ঘটনার পরম্পরার মাঝে সম্পর্ক বুঝতে পারেনা অথবা তিন ধাপের নির্দেশনা অনুসরণ করতে পারেনা তাদের ভাষা বোধগম্যতা ও স্মৃতিতে সমস্যা থাকতে পারে। এই সমস্যাগুলো হতে পারে ভাষার বা বুদ্ধিমত্তার স্বল্পতার কারণে। *কিছু*

*কার্যক্রমের ধারণার জন্য **Helping Children who are Deaf, Chapter3: Guidelines for Teaching Language** রেফার করুন।*

কিছু শিশু নিজেদের চিন্তা বলা বা প্রশ্নের উত্তর না দিয়ে শুধু যা শোনে তাই আওরাতে থাকে। এটা দেখা যায় যখন শিশু প্রশ্ন বোঝেনা অথবা উত্তর দেয়ার মত ভাষা দক্ষতা বা শব্দভাণ্ডার নেই। কিছু শিশু কথার অর্থ না বুঝেই পুনরাবৃত্তি করে বা বলে শুধু আত্মতৃপ্তির জন্য। *শিশুদের চাহিদা বোঝার জন্য যোগাযোগ রিসোর্স ফোল্ডারের "**Communication Assessment**" বা আপনি রিসোর্স ও ধারণার জন্য **National Trust website http://autismresourcecenter.in/Default.aspx#** জাতীয়ট্রাস্টের এই ওয়েবসাইটে "**Autism Information and Resource Centre**" রেফার করতে পারেন। কার্যক্রম পরামর্শের জন্য **CommDeall Intervention Manuals for Toddlers and Preschoolers, AYJNIHH Speech and Language Stimulation and NIMH Manual on Early Intervention Series 3 (Speech, language and communication)** রেফার করুন। প্রয়োজনে স্পিচ ও ল্যাংগুয়েজ থেরাপিস্টের কাছে রেফার করুন।*

যে সকল শিশু সামাজিক আলাপচারিতার নিয়ম জানে না বা যথার্থ দ্বিপাক্ষিক আলাপ করতে সক্ষম নয় তারা স্বাভাবিকভাবেই পর্যাপ্ত প্রাথমিক প্রকাশ করতে পারেনা এবং ভাষা নির্ভর অভিজ্ঞতা থেকে লাভবান হবে। এটাও হতে পারে যে শিশুটির উন্নত শব্দভান্ডার নেই এবং ভাষা উদ্দীপক কাজের মাধ্যমে লাভবান হবে- *অনুগ্রহ করে **AYJNIHH Speech and Language Stimulation** রেফার করুন।*

যাই হোক কিছু শিশুর যোগাযোগ করার ইচ্ছা কম রয়েছে। তারা হয়ত একা থাকতে পছন্দ করে এবং সঙ্গী ও বড়দের সাথে খুব দুর্বল সম্পর্ক আছে। তাদের সামাজিক অবস্থাসমূহ বুঝতে হয়ত কষ্ট হয় এবং যোগাযোগের সময় সরাসরি চোখের দিকে তাকাতে খুব সমস্যায় পড়ে। তারা অন্য শিশুকে অগ্রাহ্য করতে পারে, কাল্পনিক খেলায় অল্প আগ্রহ দেখায় এবং মিথস্ক্রিয়ার খেলায় অংশগ্রহণ করে না। *ইন্দ্রিয় রিসোর্স ফোল্ডারে ইন্দ্রিয় প্রক্রিয়াকরণ চেকলিস্ট রেফার করুন এবং প্রয়োজনে আরও মূল্যায়নের জন্য প্রেরণ করুন। শিশুর ধারণ ক্ষমতা ও চাহিদা বোঝার জন্য যোগাযোগ রিসোর্স ফোল্ডারের **Communication Assessment** এবং কিছু কাজের ধারণার জন্য **CommDeall Intervention Manuals for Toddlers and Preschoolers** রেফার করুন*।

**স্ব নির্ভরতা দক্ষতা**

শিশু যদি নিজের দেখভাল করতে এবং গৃহস্থালি সহজ কাজে সাহায্য করতে না পারে তাহলে ক্রমবিকাশ বিলম্বিত কিনা পরীক্ষা করুন। এর কারণ হতে পারে নিজের জন্য কিছু করার সুযোগের অভাব, প্রশিক্ষণের অভাব, নির্দেশনা অনুসরণ করার অক্ষমতা, কম দৃষ্টিশক্তি সম্পন্ন অথবা অন্যান্য ইন্দ্রিয় সমস্যা। ***Disabled Village Children, Section D: Helping children develop and become more Self-reliant** এ নিজের যত্নে প্রতিটি ক্ষেত্রের অনেক পরামর্শ রয়েছে। **The NIMH skills training series and CommDeall Intervention Manuals for Toddlers and Preschoolers** এগুলোতেও অনেক পরামর্শ রয়েছে*।

**বুদ্ধিমত্তা বিকাশ**

শিশুদের সময় সম্পর্কে ভাল ধারণা থাকা এবং তাদের সাথে ঘটে যাওয়া গল্প ও ঘটনার কাঠামোগত উপায়ে সম্পর্ক নির্ধারণ করতে সক্ষম হওয়া আবশ্যক। তারা অবশ্যই সরল পরিমাপগত সমস্যা সমাধান করতে পারবে, যৌক্তিক ঘটনার কারণ বের করতে পারবে এবং এসব ক্ষেত্রে বিলম্বিতা নির্দেশ করে কম প্রাথমিক অভিজ্ঞতা বা বিবৃতি ও যুক্তি ক্ষেত্রে বড় সমস্যা। এ সকল শিশু অধিক কার্যকরভাবে শেখে যখন ধারণা ও দক্ষতা তাদের দৈনন্দিন রুটিনের মাধ্যমে দেয়া হয়। নিশ্চিত করুন যে শিশুরা তাদের দলের শিক্ষা গ্রহণ করছে এবং একাধিক ইন্দ্রিয় পদ্ধতিতে শেখার মাধ্যমে  অভিজ্ঞতা বৃদ্ধি করছে। *বুদ্ধিমত্তা রিসোর্স ফোল্ডারের **"Tools for Classroom Activities"** রেফার করুন। এছাড়াও **the NIMH Manual on Early Intervention Series1 (Cognition, Audition and Fine Motor), and to Disabled Village Children** পৃষ্ঠা ৩১৬ রেফার করুন।*

এই বয়সে শিশুরা পরিস্থিতির পার্থক্য বুঝতে পারে যেমন মাছ বড়শি সুতার বিপরীত দিকে মুখ করে থাকে। শিশুরা অবশ্যই রঙ বা আকারের অনুক্রমের মত সহজ নমুনার পুনরাবৃত্তি অনুকরণ করতে পারে। আপনি আরও পরীক্ষা করার জন্য শিশুদের কোন আকার ও বর্ণ অনুকরণ করার সুযোগ দিন এমনকি কিভাবে লিখতে হয় তা না জানলেও এবং পরিবর্তন ও মস্তিষ্কের কোন পাশ প্রভাব বিস্তার করে তা লক্ষ্য করুন। এসকল কাজে সমস্যা নির্দেশ করে দৃষ্টিগত বা নির্দিষ্ট দৃষ্টি প্রতিবন্ধীতা। *বুদ্ধিমত্তা রিসোর্স ফোল্ডারের* ***to "LD Checklist"*** *এবং* ***"Activities for Making learning more joyful for children"*** *রেফার করুন*।

লক্ষ্য করুন শিশু কোন কাজে পাঁচ মিনিটের অধিক মনোযোগ ধরে রাখতে সমস্যায় পড়ছে কিনা বা শারীরিক কর্মেরপ্রতি মাত্রাতিরিক্ত আসক্তি দেখাচ্ছে এবং শিশুর মনোযোগের ঘাটতি বা উচ্চ মাত্রায় চঞ্চল কর্মকান্ড কোনটি তা নির্ধারণ করতে আরও পরীক্ষা নিরীক্ষার জন্য রেফার করুন।

## সুপারিশকৃত রিসোর্সসমূহ

*পূর্বে কোথায় উল্লেখিত না হয়ে থাকলে, এই অংশটি আপনাকে অনলাইনে প্রাপ্ত উৎসের সাথে সংযুক্ত করবে। এটি সম্পূর্ণ তালিকা নয়, বরংচ শুরু করার জন্য সাহায্য করতে পর্যাপ্ত।*

**Early Intervention across disabilities & skill areas**
Disabled Village Children: A guide for community health workers, rehabilitation workers, and families. David Werner. Hesperian Health Guides, Berkeley, CAhttp://hesperian.org/books-and-resources/
NIMH has publications relevant to early intervention providing both activities as well as information. Many can be downloaded or ordered by visiting their website http://www.nimhindia.org/list.htm
Zero to Three: an online resource with information & activities http://www.zerotothree.org/child-development

**Cerebral Palsy**
Promoting the Development of Young Children with Cerebral Palsy: A guide for Mid-level Rehabilitation workers. World Health Organization, Geneva, 1993 [order through the WHO website]
Nothing about us without us. David Werner
http://www.dinf.ne.jp/doc/english/global/david/dwe001/dwe00101.htm

**Vision Impairment, Deafblindness and Multiple Sensory Impairment**
Helping Children who are Blind. Family and community support for children with vision problems. Sandy Niemann & Namita Jacob. Hesperian Health Guides, Berkeley,CA.http://hesperian.org/books-and-resources/
Perkins,is one of the best resources for information, ideas and self-education in the field of vision impairment and additional disabilities. You can find a range of resources at: www.perkinselearning.orgYou could also use Perkins Scout to locate articles on topics for instance: http://www.perkins.org/resources/scout/early-childhood/
The California Deafblind Services offer information in simply written well organized fact sheets and articles. Some have been downloaded for you in the Resources section but you can find more at :
http://www.cadbs.org/fact-sheets/ orhttp://www.cadbs.org/articles-by-subject/
The Oregon Deafblind program is another source that links you to numerous other resources as wellhttp://www.oregondb.org/overviewresources.html

**Deafness, Language and Communication impairment**
Helping Children who are Deaf. Family and Community support for children with hearing problems. Sandy Niemann, Devorah Greenstein, and Darlena David. Hesperian Health Guides, Berkeley, CA
http://hesperian.org/books-and-resources/

**Autism**
Autism Information and Resource Centre: http://autismresourcecenter.in/Default.aspx